جَنَحَ [ف] <جنح ঝুঁকে পড়া, হাত বাড়ানো, আকৃষ্ট হওয়া ৮:৬১

جَنَاحٌ ج أَجْنِحَة বাহু, ডানা, হাত, পাখা ৩৫:১

جُنَاحٌ পাপ, গুনাহ, ক্ষতি, অপরাধ, দোষারোপ ২:১৫৮

جُندٌ ج جُنُودٌ <جند সেনা, সৈন্য, সৈনিক, সিপাহি, সেপাই, যোদ্ধা, সেনাদল, সেনানী, ফৌজ, বাহিনী, সৈন্যদল, সেনাবাহিনী, লশকর ১৯:৭৫

جَنَفٌ [ض، س] <جنف পক্ষপাতিত্ব করা, গুনাহে ঝোকা, পাপপ্রবণ হওয়া ২:১৮২

مُتَجَانِفٌ পক্ষপাতিত্বকারী, পক্ষপাতী, অন্যায়প্রবণ, পাপপ্রবন ৫:৩

جَنَّ [ن] <جنن পর্দা ফেলা, আচ্ছন্ন করা, আবরণে ঢাকা, আচ্ছাদিত করা ৬:৭৭

جَانٌّ جل جَوَانٌّ সাপ, সর্প, ফনি, নাগ, জিন জাতি, জিন ২৭:১০

جِنٌّ مث جِنَّة جل جِنَّاتٌ জিন জাতি, জিন, জিনের প্রভাব, জিনের আছর, পাগলামি, বাতুলতা ৭:১৮৪

مَجْنُون পাগল, উন্মাদ, জিনে ধরা, মতিচ্ছন্ন ১৫:৬

جَنَّةٌ ج جَنَّات জান্নাত, স্বর্গ, জান্নাত, স্বর্গোদ্যান, নন্দনকানন, উদ্যান, বাগান, বাগবাগিচা ২:৩৫

جُنَّةٌ جل جُنَنٌ ঢাল, রক্ষাকবচ, আশ্রয় ৫৮:১৬

أَجِنَّةٌ و جَنِيْنٌ ভ্রূণ, কলল, গর্ভস্থ সন্তান ৫৩:৩২

جَنَيٰ جل أَجْنَاءُ، جَنِيًّا <جني পাকা ফল, পক্ক, পরিপক্ক, সংগৃহিত পাক ফল, সংগ্রহযোগ্য ফল ৫৫:৫৪

جوب< [ن] جَابَ কেটে মসৃণ করা, কাটা ৮৯:৯

أَجَابَ উত্তর দেওয়া, সাড়া দেওয়া, দোয়া কবুল করা ২:১৮৬

اسْتَجَابَ প্রত্যুত্তর করা, জবাব দেওয়া, সাড়া দেওয়া, মান্য করা, মেনে নেওয়া, আনুগত্য করা ৩:১৭২

أَجْوِبَةٌ جل جَوَابٌ সাড়া, উত্তর, জবাব ৭:৮২

مُجِيبٌ সাড়াদাতা, কবুলকারী ১১:৬১

جود< الْجُودِيِّ সিরিয়ার পাহাড় বা উপত্যকা ১১:৪৪

جَوَادٌ و جِيَادٌ দ্রুতগামী অশ্বপাল ৩৮:৩১

جور< أَجَارَ আশ্রয় দেওয়া, রক্ষা করা, প্রতিবেশী বানানো ২৩:৮৮

اسْتَجَارَ আশ্রয় চাওয়া, পতিবেশী হতে চাওয়া, পানাহ চাওয়া, আশ্রয় পার্থনা করা ৯:৬

جَاوَرَ প্রতিবেশী হওয়া ৩৩:৬০

جِيْرَانٌ جل جَارٌ প্রতিবেশী, সাহায্যকারী, আশ্রয়দাতা ৮:৪৮

جَائِرٌ বিপথগামী, অত্যাচারী ১৫:৯

مُتَجَاوِرَاتٌ সংলগ্ন, পার্শ্ববর্তী, পাশাপাশি অবস্থিত ১৩:৪

جوز< تَجَاوَزَ، جَاوَزَ অতিক্রম করা, পার হওয়া, পেরিয়ে যাওয়া, পার করা, মাফ করা, ক্ষমা করা, মার্জনা করা ৪৬:১৬

جوس< [ن] جَاسَ সন্ধান করা, ঢুকে পড়া ১৭:৫

جوع< [ن] جَاعَ ক্ষুধার্ত হওয়া, ক্ষুধা পাওয়া, ক্ষুধা লাগা ২০:১১৮

جُوعٌ ক্ষুধা, খিদে ২:১৫৫

جَوْفٌ جل أَجْوَافٌ <جوف পেট, উদর, অভ্যন্তর ৩৩:৪

جَوٌّ جل أَجْوَاءُ <جوو বায়ুমণ্ডল, শুন্যমণ্ডল, আকাশের শুন্যতা ১৬:৭৯

جَاهَدَ، جِهَادًا <جهد আপ্রাণ চেষ্টা করা, শক্তি ব্যয় করা, শক্তি খাটানো, জিহাদ করা, ধর্মযুদ্ধ করা ৮:৭২

جُهْدٌ، جَهْدٌ مص <جهد প্রচেষ্টা, আপ্রাণ চেষ্টা, প্রচেষ্টার চূড়ান্ত আকার, পরিশ্রম, আগ্রহ, সামর্থ্য, সাধ্য, মেহনত ৯:৭৯

مُجَاهِدٌ মুজাহিদ, জিহাদকারী, মুসলিম সেনা, ধর্মযোদ্ধা, সৈনিক, যোদ্ধা ৪:৯৫

جَهَرَ [ف]، جَهْرًا <جهر উচ্চস্বরে কথা বলা, উচ্চরবে ডাকা, সশব্দে বলা, প্রকাশ করা ১৩:১০

جَهْرَةً، جِهَارًا প্রকাশ্যভাবে, প্রকাশ্যে, উচ্চস্বরে, সশব্দে ৭১:৮

جَهَّزَ<جهز প্রস্তুত করে দেওয়া, সাজিয়ে দেওয়া ১২:৫৯

جَهَازٌ মালামাল, আসবাবপত্র, পাথেয়, সম্বল ১২:৫৯

جَهِلَ [س]، جَهَالَة <جهل মূর্খ হওয়া, মূর্খতা প্রকাশ করা, বোকামি করা, আহম্মকি করা, মতিভ্রম ঘটা ৬:১১১

جَاهِلٌ جل جُهَلَاءُ মূর্খ, নির্বোধ, অজ্ঞ ২:২৭৩

جَهُولٌ নিরেট মূর্খ, অতিশয় বোকা, গণ্ডমূর্খ ৩৩:৭২

الْجَاهِلِيَّةِ মূর্খতা, বর্বরতা, জাহেলিযুগ, ইসলামপূর্বযুগ ৩:১৫৪

جَهَنَّمُ <جهنم জাহান্নাম, নরক, জাহান্নাম, জাহান্নামের আগুন ৩:১২

<جيء [ض] جَاءَ আসা, আগমন করা, উপস্থিত হওয়া, পৌঁছা, সম্পাদন করা, কাজ করা, করে আসা, সমাগত হওয়া, উপনিত হওয়া, সম্মুখিন হওয়া, নাগাল পাওয়া, আনা, নিয়ে আসা, আনয়ন করা ২:৮৭

أَجَاءَ নিয়ে আসা, সমাগত করা, উপনিত করা, আনা **১৯:২৩**

<جيب جُيُوبٌ ج جَيْبٌ পকেট, বগল, বক্ষস্থল, বক্ষদেশ, বুক, গলাবন্ধ **২৪:৩১**

<جيد جُيُوْدٌ، أَجْيَادٌ ج جِيْدٌ ঘাড়, গর্দান, গ্রীবা **১১১:৫**

حاء [১০২]

<حبب حَبَّبَ প্রিয় করে দেওয়া, অনুরক্ত বানানো, পছন্দনীয় করা **৪৯:৭**

أَحَبَّ ভালোবাসা, পছন্দ করা, মুহাব্বত করা, প্রেম করা ২৮:৫৬

اسْتَحَبَّ ভালো মনে করা, পছন্দ করা, গ্রহণ করা, অবলম্বন করা **৯:২৩**

مَحَبَّةً، حُبٌّ প্রেম, ভালোবাসা, অনুরাগ, প্রণয়, মুহাব্বত, আসক্তি **৩:১৪**

أَحَبُّ অধিক প্রিয়, প্রিয়তম, প্রিয়ভাজন **১২:৮**

أَحِبَّاءُ و حَبِيْبٌ দোস্ত, বন্ধু, মিত্র, সুহৃদ, বন্ধুবান্ধব, মিত্রবর্গ, বন্ধুজন, হিতৈষী, ঘনিষ্ঠজন, আপনজন, প্রিয়জন, প্রিয়পাত্র, স্নেহধন্য ৫:১৮

حَبٌّ ج حُبُوْبٌ، حَبَّةٌ ج حَبَّاتٌ বীজ, শস্য, দানা, শস্যদানা, শস্যবীজ ৬:৫৯

حَبَرَ [ن] <حبر বিনোদনে রাখা, সুখী বানানো, সুখ দেওয়া, সুখী করা, উৎফুল্ল করা, স্বাচ্ছন্দ্য দেওয়া ৩০:১৫

أَحْبَارٌ و حِبْرٌ ইহুদী আলেম, পাদ্রী, ইহুদী বিদ্যান, পণ্ডিত, বিশপ ৫:৪৪

حَبَسَ [ض] <حبس বন্দি করা, আটকানো, কয়েদ করা, বাধা দেওয়া, প্রতিহত করা ১১:৮

حَبِطَ [س] <حبط নস্যাৎ হওয়া, বরবাদ হওয়া, ভণ্ডুল হওয়া, নষ্ট হওয়া, বিনষ্ট হওয়া, নিষ্ফল হওয়া, বিফল হওয়া, অসার হওয়া, সারশূন্য হওয়া ৫:৫

أَحْبَطَ নস্যাৎ করা, বরবাদ করা, ভণ্ডুল করা, নষ্ট করা, ব্যর্থ করা, অকার্যকর বানানো, নিষ্ফল করা, ধ্বংস করা, অকেজো করা ৩৩:১৯

حُبُكٌ و حِبَاكٌ <حبك আকাশের কক্ষপথ, চলনপথ ৫১:৭

حَبْلٌ ج حِبَالٌ <حبل রশি, দড়ি, রজ্জু ৩:১০৩

حَبْلِ الوَرِيْدِ শাহরগ, রক্তবাহী ধমনী ৫০:১৬

حَتْمًا <حتم অনিবার্য, আবশ্যিক, অপরিহার্য, নিশ্চিত বিষয় ১৯:৭১

حَتَّى <حتي পর্যন্ত, অবশেষে, পরিশেষে, এমনকি, যতক্ষণ, এভাবেই ২:৫৫

حَثِيثٌ <حثث দ্রুত চলা, ক্ষিপ্র হওয়া, ডিঙিয়ে চলা ৭:৫৪

حِجَابٌ جل حُجُبٌ <حجب পর্দা, আবরণ, আবরণী, অন্তরায়, আড়াল ৭:৪৬

مَحْجُوبٌ পর্দাবৃত, আবরিত, আবরণে ঢাকা, বাধাপ্রাপ্ত ৮৩:১৫

حَجَّ [ن]، حَجٌّ، حِجٌّ <حجج হজ করা, হজব্রত পালন করা, কাবায় গমনের ইচ্ছা করা ২:১৫৮

حَاجَّ، تَحَاجَّ ঝগড়া করা, বাদানুবাদ করা, বাকবিতণ্ডা করা, দলিলবাজি করা ৪০:৪৭

حَاجٌّ جل حُجَّاجٌ، حَجِيْجٌ হাজী, হজকারী, মক্কাগামী, হজব্রত পালনরত ৯:১৯

حِجَجٌ و حِجَّةٌ বছর, সাল, বৎসর ২৮:২৭

حُجَّةٌ جل حُجَجٌ দলীল, প্রমাণ, যুক্তি ২:১৫০

حِجْرٌ <حجر নিষিদ্ধ, অস্পৃশ্য, অবৈধ, বাধা, প্রতিবন্ধক, আড়াল, অন্তরাল, জ্ঞান, প্রতীভা, বুদ্ধি, 'হিজর' মদীনার উত্তরে তাবুকের পথে প্রাচীন সামুদ জাতির আবাসভূমি ১৫:৮০

مَحْجُورٌ বাধাপ্রাপ্ত, দুর্লঙ্ঘনীয়, সংরক্ষিত ২৫:২২

حُجُورٌ و حُجُرٌ কোল, ক্রোড়, অঙ্কদেশ, অঙ্কতল, তত্ত্বাবধান ৪:২৩

حُجُرَاتٌ و حُجْرَةٌ কামরা, কোঠা, প্রকোষ্ঠ, রুম ৪৯:৪

حَجَرٌ ج حِجَارَةٌ পাথর, প্রস্তর, শিলা, পাষাণ ২:৬০

حجز< حَاجِزٌ বাধাদানকারী, প্রতিবন্ধক, বেড়া, অন্তরাল, ২৭:৬১

حدب< أَحْدَابٌ جل حَدَبٌ টিলা, উচ্চস্থান, মালভূমি ২১:৯৬

حدث< حَدَّثَ বলা, কথা বলা, বর্ণনা করা, প্রকাশ করা, প্রচার করা, অবহিত করা ৯৯:৪

أَحْدَثَ নতুনভাবে সৃষ্টি করা, আবিষ্কার করা, ঘটানো ৬৫:১

مُحْدَثٌ নতুন সৃষ্টি, নবসৃষ্ট, আবিষ্কৃত, অভিনব, ঘটনীয়, নতুন ২১:২

أَحَادِيثُ ج حَدِيث কুরআন, বাক্য, কথা, উপকথা, কাহিনী, কল্পকাহিনী, স্বপ্ন, স্বপ্নকথা, নতুন কথা, নতুন রচনা, সংবাদ ১২:২১

حدد< حَادَّ বিরোধিতা করা, বিরুদ্ধাচরণ করা, সীমালঙ্ঘন করা, বাড়াবাড়ি করা, শত্রুতা পোষণ করা, সূচালো ব্যবহার করা, শাণিত মেজাজ প্রদর্শন করা, ধারালো কথা বলা, গালমন্দ করা, গালি দেওয়া, কটুক্তি করা ৫৮:২২

حَدٌّ و حُدُودٌ সীমারেখা, শাস্তিবিধান, ন্যায়বিধান, সীমা, শেষপ্রান্ত, নির্দেশাবলী, বিধানমত শাস্তি, ন্যায়ানুগ শাস্তি ২:১৮৭

حِدَادٌ ج حَدِيدٌ লোহা, লৌহদণ্ড, তীক্ষ্ণ, তীক্ষ্ণলোহা, ধারালো, শাণিত ১৮:৯৬

حدق< حَدِيْقَةٌ و حَدَائِقَ বাগবাগিচা, উদ্যান, বাগান, কানন, কুঞ্জ, নিকুঞ্জ, স্বর্গোদ্যান, নন্দনকানন ২৭:৬

حذر< حَذَرٌ، [س] حَذِرَ সতর্ক হওয়া, সতর্ক থাকা, সাবধান হওয়া, ভয় পাওয়া, ভয় করা ২:১৯

حَذَّرَ সতর্ক করা, সাবধান করা, ভয় দেখানো ৩:২৮

حِذْرٌ সতর্কতা, সাবধানতা, ভয়ভীতি, অস্ত্রশস্ত্র ৪:১০২

حَاذِرٌ অস্ত্রধারী, ভীতু, ভীরু, ভীত, ভয়ার্ত, সন্ত্রস্ত ২৬:৫৬

مَحْذُورٌ ভয়ঙ্কর, ভয়াবহ, ভীতিপ্রদ, ভীতিবিহ্বল ১৭:৫৭

حَارَبَ، حَرْبٌ <حرب যুদ্ধ করা, লড়াই করা, অস্ত্রধারণ করা, রণসজ্জা করা ৫:৩৩

مِحْرَابٌ ج مَحَارِيبُ মসজিদের মিহরাব, অস্ত্রাগার, দুর্গ, কেল্লা, রণাঙ্গন, যুদ্ধক্ষেত্র, প্রাসাদ, বালাখানা ৩:৩৭

حَرَثَ [ن] <حرث ফসল ফলানো, ক্ষেতখামার করা, বীজবপন করা, বোনা, চাষাবাদ করা ৫৬:৬৩

حَرْثٌ ক্ষেত, শস্যক্ষেত্র, আবাদীভূমি, ফসলি জমিন, বীজতলা, ফসল, ফসলখেত ২:৭১

حَرَجٌ <حرج ক্ষতি, অন্যায়, কষ্ট, গুনাহ, পাপ, অসঙ্গতি, আপত্তি, সংকীর্ণতা, সমস্যা, অসুবিধা ৫:৬

حَرْدٌ <حرد আক্রোশ, মনোবাঞ্ছা, লালসা, সামর্থ্য, 'হারদ' নামক স্থান ৬৮:২৫

تَحْرِيرٌ <حرر মুক্ত করা, আজাদ করা, মুক্তি দেওয়া ৪:৯২

مُحَرَّرٌ মুক্ত, উৎসর্গিত, নিবেদিত ৩:৩৫

حُرٌّ ج أَحْرَارٌ স্বাধীন, মুক্ত, আজাদ ২:২৭৮

حَرٌّ، حَرُورٌ তাপ, উত্তাপ, উষ্ণতা, গ্রীষ্ম, গরমি ৯:৮১

حَرِيرٌ উষ্ণ রেশমী বস্ত্র, সিল্ক ২২:২৩

حرس < حَرَسٌ পাহারাদার, প্রহরী, রক্ষী, চৌকিদার, রক্ষক, গার্ড ৭২:৮

حرص < [ن] حَرَصَ লোভ করা, লালসা করা, আকাঙ্ক্ষা করা ৪:১২৯

حَرِيصٌ، أَحْرَصُ লোভী, অতিলোভী, উচ্চাকাঙ্ক্ষী ৯:১২৮

حرض < حَرَّضَ উদ্বুদ্ধ করা, উৎসাহিত করা, উৎসাহ দেওয়া, অনুপ্রেরণা যোগানো, সঞ্জীবিত করা ৪:৮৩

حَرَضٌ হৃদরোগী, মরণাপন্ন, মৃতপ্রায়, চিররোগী ১২:৮৫

حرف < حَرَّفَ বিকৃত করা, অপলাপ করা, অপব্যাখ্যা করা, অর্থান্তর করা, অর্থ উল্টানো, পরিবর্তন করা ৪:৪৬

مُتَحَرِّفٌ রণবীর, রণকৌশলী, রণকৌশল পরিবর্তনকারী ৮:১৬

حَرْفٌ جل أَحْرُفٌ، حُرُوْفٌ প্রান্ত, কিনারা, কূল, তট, কূলভূমি, ভাঙ্গন, ঠুনকো, পার্শ্ব, পর্বতশৃঙ্গ, বিকৃতি, দ্বিধা, দোটানা, দোলাচল, গা বাচিয়ে কিছু করা, অশান্ত ২২:১১

حرق < حَرَّقَ পোড়ানো, জ্বালানো, জ্বালিয়ে দেওয়া, জ্বালিয়ে ভস্মীভূত করা, পুড়িয়ে ছাই বানানো, অগ্নিদগ্ধ করা, পুড়িয়ে মারা ২০:৯৭

احْتَرَقَ ভস্মীভূত হওয়া, অগ্নিদগ্ধ হওয়া, পুড়ে মরা, পুড়ে যাওয়া ২:২৬৬

حَرِيقٌ ص ভস্মকারী, দগ্ধকারী, দহনকারী, প্রজ্বালক, প্রজ্বলনকারী ৩:১৮১

حَرَّكَ <حرك নড়ানো, ঝাঁকানো, গতিসঞ্চার করা, আন্দোলিত করা ৭৫:১৬

حَرَّمَ <حرم সম্মানিত করা, মর্যাদা দেওয়া, হারাম করা, নিষিদ্ধ করা, অবৈধ করা ২:১৭৩

حَرَمًا সম্মানিত, পবিত্র, মর্যাদাপূর্ণ, সম্মানযোগ্য, হারাম নগরি, মক্কা- মদীনা ২৮:৫৭

حَرَامٌ ج حُرُمٌ হারাম, অবৈধ, নাজায়েয, নিষিদ্ধ, হারাম মাস, ইহরামাবস্থা, মুহরিম, সম্মানিত, সম্মানার্হ, পবিত্র, শ্রদ্ধেয় ৫:১

حُرُمَاتٌ و حُرْمَةٌ সম্মানিত বস্তু, পবিত্র ২:১৯৪

مَحْرُومٌ বঞ্চিত, নিরাশ, যার প্রাপ্য হ্রাস করা হয়েছে ৫১:১৯

مُحَرَّمٌ مث مُحَرَّمَةٌ হারাম, হারামকৃত, অবৈধ, নাজায়েয, নিষিদ্ধ ২:৮৫

تَحَرَّى <حرو অবলম্বন করা, গ্রহণ করা, ধারণা করা, সংকল্প করা, সন্ধান করা, অনুসন্ধান করা ৭২:১৪

حِزْبٌ ج أَحْزَابٌ <حزب দল, জামাত, জটলা, সম্প্রদায়, বাহিনী ৫:৫৬

حَزِنَ [س]، حَزَنًا <حزن মর্মাহত হওয়া, দুঃখ পাওয়া, ব্যথিত হওয়া, দুঃখিত হওয়া, বিমর্ষ হওয়া, ম্রিয়মাণ হওয়া, শোকার্ত হওয়া, চিন্তিত হওয়া ৯:৪০

حَزَنَ [ن] ব্যথিত করা, দুঃখ দেওয়া, মর্মাহত করা, ব্যথা দেওয়া, চিন্তান্বিত করা, দুশ্চিন্তাগ্রস্ত করা ২১:১০৩

حُزْنٌ جل أَحْزَانٌ দুঃখ, বেদনা, বিষাদ, ব্যথা, শোক, চিন্তা, দুশ্চিন্তা ১২:৮৬

حَسِبَ [س]، احْتَسَبَ <حسب ধারণা করা, মনে করা, চিন্তা করা, কল্পনা করা, গণ্য করা, হিসাব করা, গণায় ধরা ৫:৭১

حَاسَبَ হিসাব নিকাশ করা, হিসাব নেওয়া, হিসাব দেওয়া, হিসেব মেলানো ৮৪:৮

حَسْبٌ যথেষ্ট, বদলা, শুধুমাত্র ৮:৬৪

حَاسِبٌ হিসাবকারী, হিসাবরক্ষক ৬:৬২

حِسَابٌ، حُسْبَانٍ হিসাব, নিকাশ, গণনা, গণনা করা, গণনার্থে ৬:৫২

حَسِيْبًا হিসাবকারী, গণনাকারী, যথেষ্ট ৪:৬

حَسَدَ [ن، ض]، حَسَدًا <حسد হিংসা করা, বিদ্বেষ পোষণ করা, পরশ্রীকাতর হওয়া ১১৩:৫

حَاسِدٍ হিংসুক, বিদ্বেষী, পরশ্রীকাতর ১১৩:৫

اسْتَحْسَرَ <حسر ক্লান্ত হওয়া, অলসতা করা ২১:১৯

حَسْرَةٌ ج حَسَرَاتٍ আফসোস, পরিতাপ, অনুতাপ, দুঃখ, ক্ষোভ ৩৫:৮

يَاحَسْرَتَى হায় আফসোস!, হায় পরিতাপ! ৩৯:৫৬

حَسِيرٌ، مَحْسُورٌ ক্লান্ত, শ্রান্ত, পরিশ্রান্ত, দুর্বল, পরিতপ্ত, অনুতপ্ত ৬৭:৪

حَسَّ [ن] <حسس হত্যা করা, বধ করা, কতল করা, নিথর বানানো, অনুভূতিনাশ করা ৩:১৫২

أَحَسَّ টের পাওয়া, অনুভব করা, বুঝতে পারা, অস্তিত্ব অনুভব করা ৩:৫২

تَحَسَّسَ অনুসন্ধান করা, অস্তিত্বের সন্ধানে যাওয়া ১২:৮৭

حَسِيسٌ সাড়াশব্দ, ক্ষীণকণ্ঠ, ক্ষীণতম শব্দ, শব্দ, দুমদাম ২১:১০২

حسم> حُسُومًا অবিরাম, অশুভ, দুর্ভাগ্যস্বরূপ ৬৯:৭

حسن> [ك] حَسُنَ সুন্দর হওয়া, উত্তম হওয়া, চমৎকার হওয়া ৪:৬৯

إِحْسَانًا ،أَحْسَنَ সুন্দর করা, সৎকাজ করা, উত্তমাচরণ করা, সদাচরণ করা, সদয় ব্যবহার করা, ইহসান করা, অনুগ্রহ করা, পরোপকার করা ৬:১৫৪

حُسْنٌ সুন্দর, উত্তম, সৌন্দর্য, উত্তমতা, উত্তম প্রতিদান ৩:১৪

حَسَنٌ ج حِسَانٌ مث حَسَنَةٌ ج حَسَنَاتٍ উত্তম, সুন্দর, সুদর্শন, সুশ্রী, চমৎকার, সুন্দরী, মঙ্গল, শ্রেষ্ঠ, সৎকাজ, নেকী, পুণ্য, সাওয়াব, উত্তমবস্তু ১১:৮৮

أَحْسَنُ مث الْحُسْنَى সর্বোত্তম, অতি উত্তম, সুন্দরতম, সৎপরায়ণ, শ্রেষ্ঠতম, শ্রেষ্ঠতর, সেরা, প্রতিদান, কল্যাণ, উত্তম প্রতিদান, সদাচারণ, ইহসান ৪:৫৯

مُحْسِنَةٌ ،مُحْسِنٌ সৎকর্মশীল, ইহসানকারী, মঙ্গলকারী, উত্তম আমলকারী ২:১১২

حَشَرَ [ن]، حَشْرٌ <حشر একত্র করা, সমাবেত করা, জমা করা, জড়ো করা, সমাবেশ ঘটানো, হাশর করা, সম্মেলিত করা ৫৯:২

حَاشِرٌ সমবেতকারী, একীভূতকারী, সম্মেলক, সংগ্রাহক ৭:১১১

مَحْشُورَةً সমবেত, দলবদ্ধ, সঙ্ঘবদ্ধ, একত্র, একীভূত ৩৮:১৯

حَصَبٌ <حصب ইন্ধন, জ্বালানি, খড়ি, কাষ্ঠ, লাকড়ি ২১:৯৮

حَاصِبًا পাথরবৃষ্টি, শিলামেঘ, বজ্রসহ বৃষ্টি, প্রস্তরবর্ষী ঝটিকাবায়ু, বরফ ও শীলা বর্ষণকারী মেঘমালা ১৭:৬৮

حَصْحَصَ <حصحص প্রকাশিত হওয়া, প্রমাণ হওয়া ১২:৫১

حَصَدَ [ن، ض]، حَصَادٌ <حصد ফসল কাটা, শস্য কাটা, কাটা, কর্তন করা ১২:৪৭

حَصِيدٌ ص কর্তিত, কর্তনীয়, কর্তনযোগ্য, কর্তিত ফসল, কাটা ফসল, কেটে আনার উপযুক্ত, আহরণযোগ্য ফসল, শস্যকর্তিত জমিন ১১:১০০

حَصِرَ [س] <حصر আবদ্ধ হওয়া, সংযমী হওয়া, অবদমিত হওয়া, নিবৃত্ত হওয়া, বন্দি করা, আবদ্ধ করা, নিবৃত্ত করা ৯:৫

أَحْصَرَ আবদ্ধ করা, বাধাপ্রাপ্ত করা, আটকা পড়া ২:১৯৬

حَصُورٌ সংযমী, নিয়ন্ত্রক, আত্মনিয়ন্ত্রক, শান্তস¦ভাব, আত্মদমনকারী ৩:৩৯

حَصِيرٌ দমনকেন্দ্র, কারাগার, বন্দিশালা, জেলখানা ১৭:৮

حصل> حَصَّلَ প্রকাশ করা, একত্র করা, খোসামুক্ত করে একত্র করা ১০০:১০

حصن> أَحْصَنَ রক্ষা করা, লজ্জাস্থানের পবিত্রতা রক্ষা করা, আত্মসংবরণ করা, বিবাহ দেওয়া ৪:২৫

تَحَصُّنًا লজ্জাস্থানের পবিত্রতা রক্ষা করা, ইজ্জত বাঁচানো, সম্ভ্রম বাঁচানো, লজ্জাস্থানের যথাযথ সংরক্ষণ ২৪:৩৩

مُحْصِنٌ বিবাহকামী, পাণিপ্রার্থী, বিবাহার্থী, লজ্জাস্থানের পবিত্রতা রক্ষা কারী, বিবাহকল্পে ৪:২৪

مُحْصَنَةٌ লজ্জাস্থানের পবিত্রতা রক্ষাকারী, পতিব্রতা, পতিপরায়ণা, পবিত্রা, বিশুদ্ধচরিত্রা ৪:২৫

مُحَصَّنَةٍ সুরক্ষিত, দুর্ভেদ্য ৫৯:২

حُصُونٌ و حِصْنٌ কেল্লা, দূর্গ, সুরক্ষিত কেল্লা, দুর্ভেদ্যদূর্গ, রক্ষীকেল্লা ৫৯:২

حصي> أَحْصَى পরিসংখ্যান করা, গণনা করা, হিসাব করা ১৮:৪৯

أَحْصَى অধিক হিসাবী, শ্রেষ্ঠ গানিতিক, সঠিক গণনাকারী, পরিসংখ্যানকারী ১৮:১২

حضر> [ن] حَضَرَ উপস্থিত হওয়া, বিদ্যমান হওয়া, হাজির হওয়া, সমাগম হওয়া, উপগত হওয়া, আবির্ভূত হওয়া, আসা, আসতে পারা, এসে পৌঁছা ৪:৮

أَحْضَرَ উপস্থাপিত করা, পেশ করা, উপনিত করা ৮১:১৪

حَاضِرٌ উপস্থিত, বিদ্যমান, উপস্থিতি, বাসিন্দা, অবস্থানকারী ১৮:৪৯

مُحْتَضَرٌ ،مُحْضَرٌ হাজির, উপস্থাপিত, অবস্থাপিত, উপস্থিতির সময়, উপস্থিতযোগ্য, উপাগত ৩৭:৫৭

حضض> [ن] حَضَّ উদ্বুদ্ধ করা, উৎসাহিত করা, অনুপ্রাণিত করা, প্রেরণা যোগানো, উৎসাহ দেওয়া ৬৯:৩৪

تَحَاضَّ পরস্পরে অনুপ্রাণিত করা ৮৯:১৮

حطب> أَحْطَابٌ جل حَطَبٌ ইন্ধন, জ্বালানি, খড়ি, কাষ্ঠ, লাকড়ি ১১১:৪

حطط> حِطَّةٌ লাঘব করা, পাপস্খলন করা, ক্ষমা করা, তওবা তওবা বলা ২:৫৮

حطم> [ض] حَطَمَ পিষে ফেলা, নিষ্পেষিত করা, পিষ্ট করা, গুঁড়িয়ে দেওয়া, চুরমার করা ২৭:১৮

حُطَامًا পিষ্ট, নিষ্পেষিত, ঝুরঝুরে, ঝুরিঝুরি, গুঁড়া, চূর্ণ, চূর্ণবিচূর্ণ ৩৯:২১

الْحُطَمَةُ পিষ্টকারী জাতাকল, চূর্ণকারক, ভস্মীভূতকারী অগ্নিময় জাহান্নাম, জাহান্নামের স্তর বিশেষ ১০৪:৪

حظر> مَحْظُورٌ সীমিত, সীমাবদ্ধ, নিষিদ্ধ, বাধাপ্রাপ্ত, নিবারিত, খোয়াড়াবদ্ধ, বেড়াবদ্ধ ১৭:২০

مُحْتَظِرٌ খোঁয়াড় নির্মাতা, খোঁয়াড়ের মালিক, খোঁয়াড় ৫৪:৩১

حظظ> حُظُوْظٌ جل حَظٌّ অংশ, ভাগ, প্রাপ্য, সৌভাগ্য, অদৃষ্ট ৪:১১

حفد> حَافِدٌ و حَفَدَةٌ নাতি, নাতিনাতনি, সেবক, পরিচারিকা ১৬:৭২

حُفْرَةٍ جل حُفَرٌ <حفر গর্ত, খাদ, কূপ, কুয়ো, গর্ভস্থান ৩:১০৩

الْحَافِرَةِ প্রথম সৃষ্টি, আদি সৃষ্টি, মূল সৃষ্টি, পূর্বাবস্থা ৭৯:১০

حَفِظَ [س]، حِفْظًا، حَافَظَ <حفظ রক্ষা করা, হেফাযত করা, সংরক্ষণ করা, রক্ষণাবেক্ষণ করা, যত্ন নেওয়া, যত্নবান হওয়া, সামলে রাখা, সামলানো, সামাল দেওয়া ৪:৩৪

اسْتَحْفَظَ সংরক্ষণ কামনা করা, দেখাশোনার দায়িত্ব দেওয়া, রক্ষণাবেক্ষণের ভার দেওয়া, সংরক্ষণের প্রত্যাশা করা ৫:৪৪

حَفِيظٌ، حَافِظٌ ج حَفَظَةً রক্ষক, রক্ষাকারী, সংরক্ষক, সর্বরক্ষী, রক্ষণাবেক্ষণকারী, হাফিজ, মুহাফিজ ৬:৬১

مَحْفُوظٌ সংরক্ষিত, সুরক্ষিত, নিরাপদ, সযত্নে, সযতনে, হেফাজতে ২১:৩২

حَفَّ [ن] <حفف ঘিরে রাখা, পরিবেষ্টন করা, আবেষ্টন করা ১৮:৩২

حَافِّينَ পরিবেষ্টনকারী, প্রদক্ষিণকারী ২৯:৭৫

أَحْفَى <حفو নমনীয় বানানো, চাপ সৃষ্টি করা, চাপপ্রয়োগ করা, পীড়াপীড়ি করা ৪৭:৩৭

حَفِيٌّ ص উৎসুক, অনুসন্ধানী, স্নেহশীল, সদয়, নমনীয়, মেহেরবান, দয়ালু ৭:১৮৭

حُقُبٌ ج أَحْقَابٌ <حقب দীর্ঘকাল, যুগযুগ, অনন্তকাল ১৮:৬০

أَحْقَافٌ و حِقْفٌ <حقف বালুর টিলা, বালুকাময় সুউচ্চ উপত্যকা, বালুকাস্তীর্ণ বঙ্কুর জনপদ ৪৬:২১

حقق< [ض] حَقَّ অনিবার্য হওয়া, অবধারিত হওয়া, যথাযথ হওয়া, হক হওয়া, ঠিক হওয়া, সত্যে প্রমাণিত হওয়া, বাস্তবসম্মত হওয়া, যথাযোগ্য হওয়া, উপযুক্ত হওয়া, ন্যায় হওয়া, যোগ্য বানানো ৭:৩০

أَحَقَّ সত্যপ্রমাণিত করা, অনিবার্য করা, যথাযথ করা, ঠিক করা ৮:৭

اسْتَحَقَّ উপযুক্ত হওয়া, হকদার হওয়া, যোগ্য হওয়া, অধিকারী হওয়া, অধিকার চর্চা করা ৫:১০৭

حَقٌّ جل حُقُوْقٌ আল্লাহ, সত্য, হক, চিরসত্য, কুরআন, মোজেযা, রাসূল, ঠিক, হকানুযায়ী, উপযুক্ত, যথাযথ, যথাযোগ্য, মানমতো, মানসম্মত, বাস্তবসম্মত, অধিকার, প্রাপ্য, পাওনা, দাবী, কর্তব্য, ন্যায়, যুক্তি ২:২৬

أَحَقُّ অধিক হকদার, সর্বাধিক যোগ্য, যোগ্যতর, যোগ্যতম, অধিক যোগ্য ২:২২৮

حَقِيقٌ ص যোগ্য, উপযুক্ত, অবধারিত, অনিবার্য কর্তব্য, বাস্তবসম্মত ৭:২২৮

الْحَاقَّةُ সত্যঘটমান, অনিবার্য, আবশ্যিক বিষয়, কিয়ামত ৬৯:১

حكم< [ن] حَكَمَ হুকুম করা, বিচার করা, শাসন করা, ফয়সালা করা, নিষ্পত্তি করা, মীমাংসা করা, আদেশ করা, রায় দেওয়া ৫:১

حَكَّمَ বিচারক বানানো, শাসক মানা, হাকিম বানানো, সালিস মানা, ফয়সাল মানা, বিচারের ভার দেওয়া, মামলা করা ৫:৪৩

أَحْكَمَ অবধারিত বানানো, শিরোধার্য করা, মজবুত করা, সুদৃঢ় করা, ফয়সালা করে ফেলা, ফয়সালাকৃত বানানো, সাব্যস্ত করা, অরহিত করা ১১:১

تَحَاكَمَ মীমাংসা চাওয়া, বিচার চাওয়া, বিচারে রায় চাওয়া, মামলা করতে যাওয়া ৪:৬০

حُكْمٌ جل أَحْكَامٌ হুকুম, আদেশ, আইন, দণ্ডাদেশ, বিচার, ফয়সালা, প্রজ্ঞা, জ্ঞান, বিচারশক্তি, বিচারক, ফয়সাল, আসমানি কিতাব ৩:৭৯

حَكَمٌ، حَاكِمٌ ج حُكَّامٌ বিচারক, হাকিম, বিচারকর্তা, সালিস, ফয়সাল ৪:৩৫

حَكِيمٌ جل حُكَمَاءُ হাকীম, আল্লাহ, প্রজ্ঞাময়, সুক্ষ্মজ্ঞানী, বিজ্ঞানী, বিদ্বান, দার্শনিক, বিচারপতি, হিকমত ওয়ালা, প্রজ্ঞাবান, শ্রেষ্ঠ ফয়সাল ২:৩২

حِكْمَةٌ جل حِكَمٌ হিকমত, সুক্ষ্মজ্ঞান, বিচারশক্তি, প্রজ্ঞা, উৎপন্নমতিত্ব, জ্ঞান, ফয়সালা, হাদীস, সুন্নাত ২:১২৯

أَحْكَمُ বিচারপতি, মহাশাসক, প্রধান বিচারক ১১:৪৫

مُحْكَمَةٌ ج مُحْكَمَاتٌ অরহিত, অবধারিত, শিরোধার্য, মজবুত, সুদৃঢ়, ফয়সালাকৃত, বিচারপূর্ণ, সুসাব্যস্ত, সুস্পষ্ট ৩:৭

حلف< [ض] حَلَفَ হলফ করা, শপথ করা, প্রতিজ্ঞা করা, অঙ্গীকার করা, কসম করা, দৃঢ়পণ করা, দৃঢ়প্রতিজ্ঞা করা ৫:৮৯

حَلَّافٌ অত্যধিক শপথকারী, হলফকারী, অনর্থক শপথকারী ৬৮:১০

حلق< [ض] حَلَقَ মাথা কামানো, মাথা মুণ্ডানো, নেড়ে হওয়া, চুল চাঁছা ২:১৯৬

مُحَلِّقٌ মাথা মুণ্ডনকারী, মস্তকমুণ্ডিত, কেশমুণ্ডনকারী, মস্তকমুণ্ডানো, নেড়াবস্থা, মুণ্ডিতকেশী ৪৮:২৭

حلقم< حُلْقُومٌ جل حَلَاقِيْمُ গলা, কণ্ঠনালী, খাদ্যনালী, গলবিল, নলি ৫৬:৮৩

حلل< [ن، ض] حَلَّ হালাল হওয়া, বৈধ হওয়া, জায়েয হওয়া, অনিষিদ্ধ হওয়া, অবতরণ করা, নেমে আসা, আপতিত হওয়া, হজের ইহরাম খুলে নিষিদ্ধতা মুক্ত হওয়া ৫:২

أَحَلَّ হালাল করা, বৈধ করা, অসম্মান করা, লঙ্ঘন করা ৫:২

حِلٌّ، حَلَالٌ مص হালাল, বৈধ, অনিষিদ্ধ

حِلٌّ অবতরণকারী, বৈধ বাসিন্দা, অধিবাসী ৯০:২

حَلَائِلُ و حَلِيْلَةٌ হালাল নারী, বৈধ স্ত্রী, স্ত্রী, বউ, বধু ৪:২৩

تَحِلَّةٌ শপথ প্রত্যাহার করা, কসম বাতিল করা ৬৬:২

مَحِلٌّ পশু হালালের স্থান, কুরবানীর স্থান, জবাইখানা, মাজবাহ ২:১৯৬

مُحِلّ হালালকারী, বৈধকারী ৫:১

حُلُمٌ ج أَحْلَامٌ <حلم সাবালকত্ব, যৌবন, স্বপ্নদোষ, অলীকস্বপ্ন, মনের কল্পনা, কল্পকথা, বুদ্ধি, বিবেক, জ্ঞান, আকল, আক্কেল, বোধ ১২:৪৪

حَلِيمٌ বুদ্ধিমান, জ্ঞানী, মহাজ্ঞানী, সহিষ্ণু, ধৈর্যশীল, সহনশীল, গম্ভীর ২:২২৫

حَلَّي <حلي গহনা পরানো, অলঙ্কৃত করা, ভূষিত করা, মণ্ডিত করা, অলংকারপূর্ণ করা, সাজানো, সজ্জিত করা ৭৬:২১

حِلْيَةٌ ج حِلًى؛ حُلِيٌّ و حَلْيٌ গহনা, অলংকার, ভূষণ, বিভূষণ, বিভূষা, আভরণ ১৩:১৭

حم অনবহিত অর্থ ৪০:১

حَمَأٌ <حمأ পঁচা কাদা মাটি, পাঁক, পঙ্ক, কর্দম ১৫:১৮

حَمِئَةٍ কর্দমাক্ত, পঙ্কিল, ক্লেদাক্ত, ঘোলাপানি ১৮:৮৬

حَمِدَ [س]، حَمْدٌ <حمد 'আলহামদুলিল্লাহ' বলা, প্রশংসা করা, তারিফ করা, গুণগান করা, গুণকীর্তন করা, স্তুতি করা, সাধুবাদ দেওয়া, সংবর্ধনা দেওয়া, বন্দনা করা, প্রশংসা ১:১

الْحَامِدُ প্রশংসাকারী, বন্দনাকারী, স্তুতিকারী, বন্দী ৯:১১২

الْحَمِيدُ، مَحْمُودٌ প্রশংসিত, প্রশংসার্হ, বন্দনাযোগ্য ১৪:১

أَحْمَدُ আহমাদ স., সর্বাধিক প্রশংসাকারী, অতিপ্রশংসিত ৬১:৬

مُحَمَّدٌ মুহাম্মাদ স., প্রশংসিত, প্রশংসাযোগ্য, প্রশংসনীয় ৩:১৪৪

حُمْرٌ و أَحْمَرُ লাল, লালবর্ণ, লালচে ৩৫:২৭

حمر< حِمَارٌ ج حَمِيرٌ، حُمُرٌ গাধা, গর্দভ ৬২:৫

حمل< [ض] حَمَلَ বহন করা, পরিবহন করা, নিয়ে বেড়ানো, ভ্রমণ করা, বিহার করা, গর্ভধারণ করা, গর্ভে বাচ্চা বহন করা **৩১:১৪**; বোঝা চাপানো, আক্রমণ করা **৭:১৭৬**

حَمَّلَ বোঝা চাপানো, বহন করানো, দায়িত্বারোপ করা, ভার অর্পণ করা **২:২৮৬**

احْتَمَلَ বহন করা, সহ্য করা, সধৈর্যে বহন করা **৪:১১২**

حَمْلٌ ج أَحْمَالٌ গর্ভ, ভ্রূণ, গর্ভস্থ সন্তান **৬৫:৪**

حِمْلٌ جل أَحْمَالٌ বোঝা, বরাদ্ধ **১২:৭২**

حَامِلٌ ج الْحَامِلاَتِ বহনকারী, বাহক, পরিবাহী, পরিবহনকারী **২৯:১২**

حَمَّالَةَ অধিক বহনকারিণী, সরবরাহকারিণী, চাপপ্রয়োগকারিণী **১১১:৪**

حَمُولَةً ভারবাহী পশু, মেরুদণ্ডী প্রাণী **৬:১৪২**

حمم< حَمِيمٌ جل حَمَائِمُ، أَحِمَّاءُ গরম পানি, উত্তপ্ত পানি, অগ্নিতপ্ত ফুটন্ত ঝরণার পানি, অত্যুষ্ণ জল, অগ্নিতুল্য পানি **৬:৭০**; অন্তরঙ্গ বন্ধু, প্রিয়বন্ধু, অকপটবন্ধু **২৬:১০১**

يَحْمُومٌ উত্তপ্ত, তপ্ত ধোঁয়া, কালো ধুঁয়া, জাহান্নামের একটা পাহাড়ের নাম, অগ্নিগিরির ধুম্রকুঞ্জ, জাহান্নামের আগ্নেয়গিরির অগ্নুৎপাতের নিকষ কালো ধোঁয়া **৫৬:৪৩**

حمي< [ض] حَمَى গরম করা, উত্তপ্ত করা **৯:৩৫**

حَامِيَةٌ দহনশীল, তাপমান, উত্তপ্ত অগ্নি, দাউদাউ করা, দাহ্যমান, অগ্নিগর্ভ ৮৮:৪

الحَمِيَّةُ মনের আগুন, উত্তাপ, মনস্তাপ, উত্তেজনা, ঘৃণা, জিদ, অহংবোধ ৪৮:২৬

حَامٍ মূর্তির তরে সমর্পিত উট, দেবতার নামে উৎসর্গিত দশবার প্রজননকারী পুরুষ উট ৫:১০৩

حَنِثَ [س]، حِنْثٌ جل أَحْنَاثٌ <حنث শপথ ভাঙা, অঙ্গীকার ভঙ্গ করা; কসম ভঙ্গ, পাপ কাজ, পাপাচার, অপরাধ, গুনাহ ৩৮:৪৪

حَنَاجِرُ و حَنْجَرَةٌ <حنجر গলা, কণ্ঠনালী, গলবিল, নলি ৩৩:১০

حَنِيذٌ <حنذ ভূনা গোশত, ভাজা মাংস ১১:৬৯

حَنِيفٌ ج حُنَفَاءَ <حنف একরোখা, একনিষ্ঠ, একাগ্রচিত্ত, সৎপরায়ণ, আল্লাহভিমূখী, ইবরাহিমী ধর্মাবলম্বী ২:১৩৫

احْتَنَكَ <حنك লাগাম পরানো, দুর্বল করা, ধর্মচ্যুত করা, পরাজিত করা, ধ্বংস করা, বিনাশ করা, নবজাতককে খেজুর বা মিষ্টান্ন চিবিয়ে খাওয়ানো ১৭:৬২

حَنَانٌ <حنن কোমলতা, স্নেহমমতা, ভালোবাসা, সোহাগ, অনুরাগ, আগ্রহ ১৯:১৩

حُنَيْنٍ হুনাইন: মক্কার এক উপত্যকা ৯:২৫

حُوبٌ <حوب পাপ, অন্যায়, অপরাধ, গুনাহ ৪:২

حُوتٌ ج حِيتَانٌ <حوت মাছ, মৎস ১৮:৬৩

حَاجَةٌ جل حَوَائِجُ <حوج প্রয়োজন, চাহিদা, হাজত, অভাব ১২:৬৮

اسْتَحْوَذَ <حوذ জয়ী হওয়া, পরাজিত করা, পরাভূত করা, বশীভূত করা, দুর্বল করা, প্রভাব বিস্তার করা, প্রভাব খাটানো, কর্তৃত্ব প্রতিষ্ঠা করা, স্বাধীন হওয়া, স্বনির্ভর হওয়া ৫৮:১৯

حَارَ [ن] <حور ফিরা, ফিরে আসা ৮৪:১৪

حَاوَرَ، تَحَاوُرٌ জেরা করা, তর্কাতর্কি করা, বাদানুবাদ করা, সংলাপ করা, প্রশ্নোত্তর করা, কথা প্রসঙ্গে বলা ১৮:৩৪

حُورٌ و حَوْرَاءُ নিকষকালো মণিবিশিষ্ট, হুর, জান্নাতের নারী, অপ্সরা ৪৪:৫৪

حَوَارِيٌّ ঈসা আলাইহিস সালামের সঙ্গীদের উপাধী, ধোপা, সাহায্যকারী ৩:৫২

مُتَحَيِّزٌ <حوز সপক্ষ অবলম্বনকারী, পক্ষাবলম্বী, পক্ষপাতী, সপক্ষে মিলনার্থে ৮:১৬

حَاشَ [ن] <حوش দোষত্রুটি মুক্ত হওয়া

حَاشَ لله সে আল্লাহর রহমতে দোষত্রুটি মুক্ত হয়েছে, সুবহানাল্লাহ, আল্লাহ সুমহান হয়েছেন ১২:৩১

أَحَاطَ <حوط বেষ্টন করা, ঘিরে রাখা, পরিবেষ্টিত করা, সামলে রাখা, সামাল দেওয়া, জ্ঞানাবদ্ধ করা, আয়ত্তে নেওয়া ২:৮১

مُحِيطٌ مث مُحِيطَةٌ বেষ্টনকারী, পরিবেষ্টক, জ্ঞানাবদ্ধকারী, আয়ত্তবান, সামালদাতা, নিয়ন্ত্রক, নিয়ন্তা ২:১৯

<حول [ن] حَالَ আড়াল হওয়া, অন্তরাল হওয়া, প্রতিবন্ধক হওয়া, অন্তরায় সৃষ্টি করা, বাঁধ সাধা ১১:৪৩

حَوْلٌ جل أَحْوَالٌ সময়ের অন্তরাল, বছর, বৎসর; চতুর্দিক, চারদিক, পরিবেশ, আশপাশ, আশেপাশে ২:১৭

حِوَلٌ، تَحْوِيلاً পরিবর্তন, রদবদল, এপাশ ওপাশ, অবস্থান্তর, স্থানান্তর ১৮:১০৮

<حوم حَامٍ মূর্তির তরে সমর্পিত উট, দেবতার নামে উৎসর্গিত দশবার প্রজননকারী পুরুষ উট ৫:১০৩

<حوي حَوِيَّةٌ و الْحَوَايَا নাড়িভুঁড়ি, অন্ত্র, অন্ত্রের চর্বি, চর্বিমিশ্রিত অন্ত্র ৬:১৪৬

أَحْوَى লাল-কালো ও সবুজের সমাহার, সবুজ শ্যামল ৮৭:৫

<حيث حَيْثُ যে স্থানে, যেখানে, যেথায়, যত্র, সেখানে ২:৩৫

حَيْثُمَا যেখানেই, যে কোন স্থানে, যেখানে সেখানে, যত্রতত্র, যেথায়ই ২:১৫০

<حيد [ض] حَادَ সরে পড়া, পলায়ন করা, সরে যাওয়া, টালবাহানা করা, গা বাঁচিয়ে চলা, এড়িয়ে চলা ৫০:১৯

<حير حَيَارَى جل حَيْرَانٌ হয়রান, হতভম্ব, পেরেশান, কিংকর্তব্যবিমূঢ়, বিচলিত ৬:৭১

<حيص مَحِيصٌ আশ্রয়স্থল, পালানোর জায়গা, পলায়নস্থল, পানাহগাহ ১৪:২১

حيض> [ض] حَاضَ হায়েয হওয়া, ঋতুস্রাব হওয়া, ঋতুবতী হওয়া, মাসিক হওয়া।

مَحِيضٌ নারীর ঋতু, ঋতুস্রাব, হায়েয, মাসিক ৫:৪

حيف> [ض] حَافَ জুলুম করা, বেইনসাফি করা, অন্যায় করা, অবিচার করা ২৪:৫০

حيق> [ض] حَاقَ বেষ্টন করা, ঘিরে নেওয়া, ঘেরাও করা, পরিবেষ্টন করা, ঘিরে রাখা, আপতিত হওয়া ৬:১০

حيل> حِيَلٌ جل حِيْلَةٌ হিলা, ফন্দি, কৌশল, উপায়, তদবির ৪:৯৮

حين> أَحْيَانٌ جل حِينٌ সময়, কাল, দীর্ঘকাল, লগ্ন, যখন, সুবর্ণ সুযোগ ২:৩৬

حِينَئِذٍ সে সময়, তখন, তৎকালে, ওই সময় ৫৬:৮৪

حيي> [س] حَيَّ বেঁচে থাকা, সজীব হওয়া, প্রাণবন্ত হওয়া, জীবনীশক্তি লাভ করা ৮:৪২

تَحِيَّةً ، حَيَّى সালাম করা, অভিবাদন করা, সম্মান প্রদর্শন করা, 'দীর্ঘজীবী হও' বলা, ৪:৮৬

أَحْيَى জীবিত করা, জীবনদান করা, সজীব করা, জীবিত রাখা, সবুজ-শ্যামল করা, সঞ্জীবিত করা ২:২৮

اسْتِحْيَاءٍ ، اسْتَحْيَى জীবন কামনা করা, বাঁচিয়ে রাখা, বাঁচানো, জীবিত রেখে দেওয়া, জিন্দা রাখা, হত্যা না করা, প্রাণে বাঁচানো; লজ্জা পাওয়া, লজ্জিত হওয়া, লজ্জাবোধ করা, শরম করা ২:২৬

حَيٌّ ج أَحْيَاءٌ জীবিত, জিন্দা, জীবন্ত, প্রাণবন্ত; চিরজীবী, চিরঞ্জীব ৩:২৭

حَيَاةٌ، مَحْيَا জীবনকাল, বেঁচে থাকা; হায়াত, আয়ু, জীবন, প্রাণ, ইহজীবন, জীবদ্দশা ২:৮৫

حَيَوَانٌ مص জীবন, প্রাণ, আসল জীবন ২৯:৬৪

مُحْيِ জীবিতকারী, জীবনদাতা, প্রাণের স্রষ্টা, প্রাণ সৃষ্টিকারী, প্রাণের সঞ্চারক ৩০:৫০

يَحْيَي ইয়াহইয়া ইবন যাকারিয়া আলাইহিমাস সালাম ৬:৮৫

حَيَّةٌ جل حَيَّاتٌ সাপ, সর্প, ফণী, নাগ, বিষধর, ফণাকার ২০:২০

[৭১] خاء

خَبْءٌ مص <خبأ গুপ্ত, গোপনীয়, গোপন বিষয় ২৭:২৫

أَخْبَتَ <خبت নত হওয়া, অবনমিত হওয়া, বিনয়ী হওয়া, অনুনয় বিনয় করা, নমঃস্বীকার করা, নতি স্বীকার করা, প্রণতি করা, ভক্তিনতি করা ১১:২৩

مُخْبِتٌ বিনয়ী, অবনত, অনুনয় বিনয়কারী, বিনীতপ্রাণ, ভক্তিমান ২২:৩৪

خَبُثَ [ك] <خبث অশ্লীল হওয়া, নোংরা হওয়া, নাপাক হওয়া, অপবিত্র হওয়া, জমিন অনুর্বর হওয়া, অজন্মা হওয়া, বিরান হওয়া ৭:৫৮

خَبِيثٌ مث خَبِيثَةٌ ج خَبِيثَاتٌ، خَبَائِثُ অশ্লীল, নোংরা, নোংরামি, নাপাক, অপবিত্র, কুকর্ম, খারাপ, খবীস, অশালীন, দুষ্কর্মা, পাপাত্মা, অজন্মা ৪:২

خُبْرٌ مص <خبر জ্ঞান, প্রজ্ঞা, বুঝশক্তি, উপলব্ধি, অনুধাবন, বিজ্ঞান, প্রতিভা, অভিজ্ঞতা ১৮:৬৮

خَبَرٌ ج أَخْبَارٌ খবর, সংবাদ, বৃত্তান্ত, অবস্থা ২৭:৭

خَبِيرٌ ص অভিজ্ঞ, সর্বজ্ঞ, বিজ্ঞ, জ্ঞানী, সবজান্তা, পূর্ণজ্ঞাত ২:২৩৪

خُبْزٌ جل أَخْبَازٌ <خبز রুটি, নান ১২:৩৬

تَخَبَّطَ <خبط মোহাবিষ্ট করা, মস্তিষ্কবিকৃত করা, মস্তিষ্কবিকৃতি ঘটানো, বিপদগ্রস্ত করা, শোচনীয় বানানো ২:২৭৫

خَبَالٌ <خبل ক্ষতি করা, বিপর্যয় ঘটানো, ক্ষতিসাধন করা ৩:১১৮

خَبَا [ن] <خبو নীভু নীভু হওয়া, নির্বাপিত হওয়া, নিভে যাওয়া ১৭:৯৭

خَتَّارٌ ام <ختر অতিশয় ধোঁকাবাজ, প্রতারক, ধোঁকাবাজ, প্রবঞ্চক, শঠ ৩১:৩২

خَتَمَ [ض] <ختم সিল মারা, মার্কা মারা, মহর লাগানো, সিলমোহর মারা, বন্ধ করে দেওয়া, শিশা ঢালাই করা ২:৭

خَاتَمٌ جل خَوَاتِمُ সিলমোহর, আংটি, শেষ, সমাপ্তি ৩৩:৪০

خِتَامٌ جل خُتُمٌ، مَخْتُومٌ সিলকৃত, সিলমারা, মোহরকৃত, মোহরাঙ্কিত, সর্বশেষ ৮৩:২৫, ২৬

خَدٌّ جل خُدُوْدٌ <خدد গাল, গণ্ড, কপোল, গণ্ডফলক ৩১:১৮

أُخْدُودٌ جل أَخَادِيْدُ গভীর গর্ত, গুহা, খন্দক, গর্ত ৮৫:৪

خدع< خَادَعَ ،[ف] خَدَعَ ধোঁকা দেওয়া, প্রতারণা করা, প্রবঞ্চনা করা ২:৯

خَادِعٌ ধোঁকার শাস্তি বিধায়ক, প্রবঞ্চনার শাস্তিদাতা ৪:১৪২

خدن<خِدْنٌ و أَخْدَانٌ পরকিয়া প্রেমী, গুপ্ত প্রেমিক বা প্রেমিকা, উপপতি, উপপত্নী ৪:২৫

خذل< [ن] خَذَلَ অপমান করা, লাঞ্ছিত করা, অপদস্থ করা, তুচ্ছ-তাচ্ছিল্য করা, হেয় করা, অবমাননা করা, নাজেহাল করা, অপমানিত করা, অসম্মান করা, বেইজ্জত করা, পরিত্যাগ করা, অসহায়তা করা, সহায়তা না করা, সহায়হীন বানানো ৩:১৬০

خَذُولٌ লাঞ্ছিতকারী, লাঞ্চনাকারী, সাহায্য ত্যাগকারী, অসহায়ক, অনুপকারী, অসহযোগী ২৫:২৯

مَخْذُولٌ অপমানিত, পরিত্যক্ত, লাঞ্ছিত, সহায়হীন ১৭:২২

خرب< خَرَابٌ ،أَخْرَبَ খারাপ বানানো, নষ্ট করা, ধ্বংস করা, বিনাশ করা, বিরান করা ৫৯:২

خرج< مُخْرَجٌ ،خُرُوجٌ ،[ن] خَرَجَ বের হওয়া, বাইরে যাওয়া, বেরনো, বেরিয়ে পড়া, নির্গমন করা, বহির্গমন করা, প্রস্থান করা, চলে যাওয়া, নির্গত হওয়া, নিঃসরণ হওয়া, বেরিয়ে আসা, উপনিত হওয়া, প্রকাশ হওয়া, উৎপন্ন হওয়া, আহরিত হওয়া ১৯:১১

أَخْرَجَ، إِخْرَاجًا বের করা, বহিষ্কার করা, বের করে দেওয়া, অপসারিত করা, আহরণ করা, অঙ্কুরিত করা, উৎপন্ন করা, প্রকাশ করা ২:২২

اسْتَخْرَجَ বের করে নেওয়া, নিষ্কাশন করা, নিঃসৃত করা, নির্গত করা ১২:৮৯

خَارِجٌ বহির্গমনকারী, বহিগম্য, বেরুবার ৬:১২২

مَخْرَجٌ বাহিরপথ, বহির্দ্বার, প্রস্থানপথ, বের হওয়ার রাস্তা ৬৫:২

مُخْرِجٌ বাহিরকারী, প্রকাশক, প্রকাশকারী, বাহ্যমান ২:৭২

مُخْرَجٌ বহিষ্কৃত, নিষ্কাশিত, বিনিঃসৃত, মন্থনকৃত ২৩:৩৫

خَرْجٌ، خَرَاجٌ جل أَخْرَاجٌ কর, শুল্ক, রাজস্ব, ট্যাক্স, চাঁদা, আহার্য, রিজিক ২৩:৭২

خَرْدَلٌ و خَرْدَلَةٌ <خردل সরিষা, রাই, অণু, নগণ্য বস্তু ২১:৪৭

خَرَّ [ض] <خرر পতিত হওয়া, পড়ে যাওয়া, ঢলে পড়া, অবনত হওয়া, লুটিয়ে পড়া, ছিটকে পড়া ৭:১৪৩

خَرَصَ [ن] <خرص অনুমান করা, আন্দাজ করা, কল্পকথা বলা, কল্পনাপ্রসূত কথা বলা, মিথ্যা বলা ৬:১১৬

خَرَّاصٌ ام কল্পনাপ্রবণ, অনুমানকারী, অলীক কাহিনীকার, মিথ্যাবাদী ৫১:১০

خُرْطُومٌ جل خَرَاطِيْمُ <خرطم শুঁড়, নাক, শুণ্ড ৬৮:১৬

خَرَقَ [ض] <خرق ফাড়া, বিদীর্ণ করা, ছিদ্র করা, ছিদ্রান্বেষণ করা, অপবাদ দেওয়া ১৭:৩৭

خَازِنٌ ج خَزَنَةٌ <خزن প্রহরী, দারোগা, খাজানার মালিক, খাজাঞ্চী, খাজনাদার, ভাণ্ডারী, সঞ্চয়কারী ১৫:২৩

خَزَائِنُ و خِزَانَةٌ কোষাগার, ধনভাণ্ডার, খাজানা, ধনাগার, তোশাখানা ৬:৫০

خَزِيَ [س] <خزي অপমানিত হওয়া, লাঞ্ছিত হওয়া, অপদস্থ হওয়া, ধিকৃত হওয়া, লজ্জিত হওয়া ২০:১৩৪

أَخْزَى অপমান করা, লাঞ্ছিত করা, অপদস্থ করা, তুচ্ছ-তাচ্ছিল্য করা, হেয় করা, অপমানিত করা, অসম্মান করা, বেইজ্জত করা, বেহুরমতি করা, অবমাননা করা, নাজেহাল করা, অসহায়তা করা, সহায়তা না করা, সহায়হীন বানানো ৩:১৯২

خِزْيٌ مص অপমান, মানহানি, অবমাননা, লাঞ্ছনা, গঞ্জনা, ধিক্কার, বেইজ্জতি, হেনস্তা ২:৮৫

أَخْزَى অধিক লাঞ্ছনাকর, অপমানজনক, অবমাননাকর, ধিক্কারজনক, ধিক্করপূর্ণ, বিদ্রুপাত্মক, লজ্জকর ৪১:১৬

مُخْزِي অপমানকারী, লাঞ্ছনাকারী, হেয়কারী, অসম্মানকারী ৯:২

خَسِئَ [س] <خسأ লাঞ্ছিত হওয়া, বেইজ্জত হওয়া, অপমানিত হওয়া, অপদস্থ হওয়া, ধিকৃত হয়ে পড়ে থাকা ২৩:১০৮

خَاسِئٌ ج خَاسِئِينَ ধিকৃত, অপমানিত, অপদস্থ, লাঞ্ছিত, অক্ষম ২:৬৫

خسر> [س] خَسِرَ ক্ষতিগ্রস্ত হওয়া, ধ্বংস হওয়া, বিনাশ হওয়া; ক্ষতিগ্রস্ত করা, ক্ষতি করা, নাশ করা, বিনাশ করা, ধ্বংস করা, সর্বনাশ করা ৬:৩১

أَخْسَرَ ক্ষতিগ্রস্ত করা, মাপে কম দিয়ে ক্ষতি করা ৮৩:৩

خَسَارًا، خُسْرَانًا، خُسْرًا، تَخْسِيرٍ ক্ষতি, খেসারত, লোকসান, ধ্বংস, সর্বনাশ ১১:৬৩

خَاسِرٌ مث خَاسِرَةٌ ক্ষতিকারক, ক্ষতিকর, অনিষ্টকর, সর্বনাশা; ক্ষতিগ্রস্ত, বিনাশিত, ধ্বংসশীল, নশ্বর ২:২৭

الأَخْسَرُ। সর্বাধিক ক্ষতিগ্রস্ত, অধিক ক্ষতিগ্রস্ত, বেশি ক্ষতিকর, ধ্বংসাত্মক ১১:২২

مُخْسِرٌ ক্ষতিসাধক, ক্ষতিকারক, ওজন হ্রাসকারী ২৬:১৮১

خسف> [ض] خَسَفَ পোঁতা, প্রোথিত করা, ভূগর্ভে বিলীন করা, জমিন ধসানো, দাবিয়ে দেওয়া, পুতে ফেলা ২৮:৮২; চন্দ্রগ্রহণ লাগা, আলোকহীন হওয়া, নিষ্প্রভ হওয়া ৭৫:৮

خشب> خَشَبٌ و خُشُبٌ কাঠ, কাষ্ঠ ৬৩:4

خشع> خُشُوعًا، [ف] خَشَعَ ভয়াবনত হওয়া, বিনয়ী হওয়া, বিনম্র হওয়া, নত হওয়া, কাকুতিমিনতি করা, ক্ষীণ হওয়া, অনুচ্চ হওয়া, স্তব্ধ হওয়া, ভীত হওয়া ১৭:১০৯

خُشَّعًا ج خَاشِعٌ ভয়াবনত, বিনয়ী, অবনত, আনত, বিনম্র, আল্লাহভীরু, বিনয়াবনত ৩৩:৩৫

خَشِيَ [س]، خَشْيَةً <خشي তাজিম করা, সমীহ করা, ভক্তি করা, ভয় করা, ভীত হওয়া, ঘাবড়ে যাওয়া, আতকে ওঠা, আশঙ্কা করা ৪:২৫

اِخْتَصَّ <خصص বিশেষিত করা, বৈশিষ্ট্যপূর্ণ কর, খাস করা, স্বাতন্ত্র্য দেওয়া, একান্ত বানানো ২:১০৫

خَاصَّةً বিশেষত্ব, বৈশিষ্ট্য, খাসিয়াত, বিশেষত, বিশেষভাবে ৮:২৫

خَصَاصَةٌ বিশেষ অভাব, চরম অভাব, স্বতন্ত্র চাহিদা, ক্ষুধা, দীনতা, দৈন্য ৫৯:৯

خَصَفَ [ض] <خصف পাতা জোড়া দিয়ে পরিধান করা, জড়ানো, জড়িয়ে নেওয়া, সেলাই করা ৭:২২

اِخْتَصَمَ <خصم ঝগড়া করা, বিবাদ করা, কলহ করা, বাগবিতণ্ডা করা, পক্ষ টানা, প্রতিপক্ষ হওয়া, বিপক্ষে যাওয়া ৩:৪৪

يَخِصِّمُ، تَخَاصُم পরস্পরে ঝগড়া করা, বাগবিতণ্ডা করা, তর্কাতর্কি করা, তর্কবিতর্ক করা, পক্ষপাতিত্ব করা, পক্ষ টানা ৩৬:৪৯

خَصْمٌ جل خُصُوْمٌ؛ خَصِمٌ، خَصِيمٌ ام শত্রু, বাদী, বিবাদী, কলহকারী, কলহপ্রবণ, ঝগড়াটে, কলহপ্রিয়, প্রতিপক্ষ ৩৮:২১

خِصَامٌ শত্রুতা, কলহ, ঝগড়া, বিবাদ, পক্ষপাতিত্ব, তর্কাতর্কি ২:২০৩

مَخْضُودٌ <خضد কাঁটাবিহিন, কাঁটাকর্তিত, কণ্টকহীন ৫৬:২৮

خَضِرٌ و خَضِرَةٌ <خضر সবুজ ফসল, শাকসবজি ৬:৯৯

أَخْضَرُ، خُضْرٌ সবুজ রঙের, সবুজ, সবুজাভ, হরিদ্বর্ণ ৩৬:৮০

مُخْضَرَّةً সবুজ, শ্যামলিমা ২২:৬৩

<خضع [ف] خَضَعَ অবনত করা, ক্ষীণ করা, অনুচ্চ করা ৩৩:৩২

خَاضِعٌ বিনয়ী, অবনত, আনত, বিনম্র, আল্লাহভীরু ২৬:৪

<خطأ أَخْطَأَ ভুল করা, ভুলবশত গুনাহ করা ৩৩:৫

خَطَئًا ভুলক্রমে, ভুলবশত ৪:৯২

خَاطِئَةٍ مث خَاطِئٌ পাপী, গুনাহগার, ভুলকারী, ভুলপরায়ণ, অন্যায়কারী, অপরাধী ৬৯:৩৭

خَطَايَا ج خَطِيئَةً، خِطْئٌ ভুল, অন্যায়, গুনাহ, পাপ, অপরাধ; পাপরাশি, ভুলভ্রান্তি ১৭:৩১

<خطب خِطَابًا، خَاطَبَ সম্বোধন করা, ডাকা, কথা বলা, কথাবার্তা বলা, বাদানুবাদ করা, ৭৮:৩৭

فَصْل الْخِطَابِ নির্ভুল বিচারশক্তি, কথার প্রাঞ্জলতা, সুস্পষ্টবাক, সত্যমিথ্যার উন্মেষকবাণী ৩৮:২০

خُطُوْبٌ جل خَطْبٌ আবস্থা, দশা, ব্যাপার, কাজ, বিষয় ২০:৯৫

خِطْبَةٌ مص বিয়ের প্রস্তাব, বাগদান ২:২৩৫

<خطط [ن] خَطَّ আঁকা, অঙ্কন করা, লেখা, রচনা করা ২৯:৪৮

<خطف تَخَطَّفَ، خَطْفَةٌ، خَطِفَ [س] ছোঁ মেরে নেওয়া, ছিনিয়ে নেওয়া, কেড়ে নেওয়া, হরণ করা ৩৭:১০

<خطو خُطْوَةٌ و خُطُوَاتٌ পদাঙ্ক, পদচিহ্ন পদক্ষেপ, কদম ২:১৬৮

<خفت تَخَافَتَ، خَافَتَ ফিসফিস করা, কানাকানি করা, অনুচ্চকণ্ঠে বলা, চুপিসারে বলা, একান্তে পরামর্শ করা ১৭:১১০

خَفَضَ [ض] <خفض অবনমিত করা, ডানা বিছিয়ে দেওয়া, সদয় হওয়া, সদাচরণ করা ১৫:৮৮

خَافِضَةٌ অবনতকারী, অসম্মানকারী, বেইজ্জতকারী, হীনসাধনকারী ৫৬:৩

خَفَّ [ض] <خفف হালকা হওয়া, লঘু হওয়া, অল্পভার হওয়া, পাতলা হওয়া, ভারহীন হওয়া ৭:৯

خَفَّفَ، تَخْفِيفٌ লাঘব করা, উপশম করা, হ্রাস করা, পাতলা করা, স্বল্পভার করা, ঘোচানো, ছাড় দেওয়া ২:৮৬

اسْتَخَفَّ হালকা মনে করা, নির্বোধ বানানো, উদ্ভ্রান্ত বানানো, মস্তিষ্কবিকৃত বানানো, বিকারগ্রস্ত বানানো, বিচলিত করা, সহজে লাভ করা ১৬:৮০

خَفِيفٌ ج خِفَافٌ হালকা, পাতলা, লঘু, লাঘবাবস্থা, সহজলভ্য, সুলোভ ৯:৪১

خَفِيَ [س]، خُفْيَةً <خفي গোপন থাকা, লুকিয়ে থাকা, গুপ্ত থাকা, অজ্ঞাত থাকা ৩:৫

أَخْفَي গোপন করা, লুকানো, লুকিয়ে রাখা, ধামাচাপা দেওয়া, প্রকাশ না করা, অপ্রকাশিত রাখা ৬০:১

اسْتَخْفَى লুকাতে চাওয়া, লুকাতে পারা, গোপন রাখতে চাওয়া, ধামাচাপা দিতে চাওয়া ৪:১০৮

خَفِيٌّ ص গোপন, হালকা, অপ্রকাশ, ঝাপসাদৃষ্টি, দুর্বলদৃষ্টি, নীচুস্বর, নিম্নস্বর, ক্ষীণকণ্ঠ ১৯:৩

أَخْفَى অধিক গোপনীয়, অতিগুপ্ত, গুপ্ততম মনের বিষয়, অপ্রকাশিত, অপ্রকাশিতব্য ২০:৭

خَافِيَةٌ গোপন বিষয়, গুপ্ত, নিগূঢ় ৬:৬৩

مُسْتَخْفٍ গোপনকারী, আত্মগোপনকারী, গুপ্তবেশী, ছদ্মবেশী, গুপ্তচর ১৩:১০

খلد> خُلُودٌ، [ن] خَلَدَ চিরঞ্জীব হওয়া, অমর হওয়া, চিরকাল বাস করা, চিরদিন থাকা, অনন্তকাল থাকা, আনন্তিক হওয়া ৫০:৩৪

أَخْلَدَ অমর করা, চিরজীবী করা, অনন্তকাল রাখা, চিরকাল রাখা, জমিন আঁকড়ে ধরা, আকৃষ্ট হওয়া, অধমুখী হওয়া ৭:১৭৬

خُلْدٌ অমরত্ব, চিরন্তন, শাশ্বত, চিরস্থায়ী, আনন্তিক, আবহমান, চিরকালীন ১০:৫২

خَالِدٌ অমর, চিরঞ্জীব, চিরজীবী, চিরায়ুষ্মান, অনন্তকাল বসবাসরত ৪:১৩

مُخَلَّدٌ চিরকুমার, অমরসঙ্গী, চিরজীবীত, চিরায়ুপ্রাপ্ত ৫৬:১৭

خلص> [ن] خَلَصَ নির্জনে বসা, বিজনে বসা, নিরালায় বসা, একান্তে বসা, একাগ্রতা অবলম্বন করা ১২:৮০

أَخْلَصَ একনিষ্ঠ বানানো, মনোনিত করা, বেছে নেওয়া, খাঁটি করা, বিশুদ্ধ করা, শোধন করা ৩৮:৪৬

اسْتَخْلَصَ একান্ত বানানো, মনোনিত করা, পছন্দ করা, বাছাই করা ১২:৫৪

خَالِصٌ مث خَالِصَةٌ খালেস, নির্ভেজাল, খাঁটি, বিশুদ্ধ, একতরফা ২:৯৪

مُخْلِصٌ একনিষ্ঠ, একাগ্রচিত্ত, খাঁটি বান্দা, নিবিষ্টমনে, একচিত্তে, নির্ভেজাল মন ২:১৩৯

مُخْلَصٌ মনোনিত, পছন্দনীয়, পবিত্রমানা, আত্মনিষ্ঠ, সংযত ১৯:৫১

خلط> [ض] خَلَطَ মিশ্রিত করা, মিলানো, সংমিশ্রিত করা, অংশাংশী করা ৯:১০২

خَالَطَ মিলেমিশে থাকা, মিলানো, মিলিয়ে নেওয়া, একাকার হয়ে যাওয়া, একাত্ম হওয়া ২:২২০

اخْتَلَطَ মিশে যাওয়া, মিশ্রিত হওয়া, সংমিশ্রণে উৎপন্ন হওয়া, ঘণসন্নিবিষ্ট হওয়া ১০:২৪

خُلَطَاءُ و خَلِيْطٌ মিশ্রণকারী, অংশীদার, শরীক ৩৮:২৪

خلع> [ف] خَلَعَ খোলা, খুলে ফেলা, খালি করা, উন্মুক্ত করা ২০:১২

خلف> خَلِيفَةً، [ن] خَلَفَ পরে আসা, পশ্চাতে আসা, অনুসরণ করা, পিছু নেওয়া, পিছে চলা, অনুক্রমণ করা, প্রতিনিধি হওয়া, প্রতিনিধিত্ব করা ৭:১৪২

خَلَّفَ পেছনে ফেলা, পশ্চাতে রাখা, ক্ষান্তি দেওয়া ৯:১১৮

خَالَفَ، خِلاَفٌ বিরোধিতা করা, মতবিরোধ করা, বৈপরিত্য প্রদর্শন করা, বিপরীতগামী হওয়া ৫:৩৩

أَخْلَفَ বিপরীত করা, খেলাফ করা, অঙ্গীকার ভঙ্গ করা ২০:৮৬

تَخَلَّفَ পিছপা হওয়া, পিছিয়ে পড়া, পশ্চাৎপদ হওয়া ৯:১২০

اخْتَلَفَ، اخْتِلاَفًا ইখতিলাফ করা, মতভেদ করা, মতানৈক্য করা; মতবিরোধ করা, বিরোধ করা, কলহ করা ৪:৮২

اسْتَخْلَفَ প্রতিনিধি বানানো, খলিফা বানানো, স্থলাভিষিক্ত বানানো, অনুসৃত বানানো ২৪:৫৫

خَلْفٌ অযোগ্য উত্তরাধিকারী, কুসন্তান, বংশধর, সন্তানসন্ততি, পশ্চাদ্বর্তী, পরবর্তী ৭:১৬৯

خَلْفَ পেছনে, পিছে, পরে, পশ্চাতে ১০:৯২

مُخَلَّفٌ، خَالِفٌ ج خَوَالِفُ পশ্চাৎমুখী, পশ্চাৎবর্তী, পশ্চাৎপদ, পিছিয়েপড়া, পিছিয়েথাকা ৯:৮১

خِلاَفٌ বিপরীত, পেছনে, পশ্চাতে, বিপরিতভাবে ১৭:৭৬

خِلْفَةً অনুক্রমণশীল, পরিবর্তনশীল, পর্যায়ক্রমিক ২৫:৬২

خُلَفَاءُ، خَلِيفَةً ج خَلاَئِفُ খলীফা, প্রতিনিধি, স্থলাভিষিক্ত, অনুসৃত ২:৩০

مُخْلِفٌ খেলাফকারী, প্রতিশ্রুতি ভঙ্গকারী, বিপরীতকারী ১৪:৪৭

اخْتِلاَفٌ ইখতিলাফ, অনুক্রমণ, মতভেদ, মতানৈক্য, মতবিরোধ, বিরোধ, কলহ, অনৈক্য, বিবর্তন, গরমিল, পরিবর্তন ১০:৬

مُخْتَلِفٌ ভিন্নমুখী, বিচিত্র, বৈসাদৃশ্য, মতভেদকারী, ভিন্নমতাবলম্বী, বিরোধমান, বিরোধপূর্ণ ৬:১৪১

مُسْتَخْلَفٌ স্থলাভিষিক্ত, স্থলবর্তী, খলিফা, প্রতিনিধী, নায়েব, অনুসৃত ৫৭:৭

خلق< خَلْقًا، [ن] خَلَقَ সৃষ্টি করা, সৃজন করা, রচনা করা, রূপ দেওয়া, পয়দা করা, গঠন করা, গড়া, বানানো ২:২১

خَلْقٌ সৃষ্টি, সৃষ্টজীব, সৃষ্টজগত, সৃষ্টবস্তু, মাখলুক, সৃষ্টিরূপ ৭:৫৪

خَلاَّقٌ ،خَالِقٌ স্রষ্টা, সৃষ্টিকর্তা, সৃজনকারী, রচনাকারী, রূপকার ১৫:২৮

مُخَلَّقَةٍ পূর্ণাঙ্গসৃষ্ট, পূর্ণাকৃতিবিশিষ্ট, পূর্ণাকারবিশিষ্ট, সুশ্রী, রূপপূর্ণ ২২:৫০

مُخَلَّقَةٍ غَيْرِ অপূর্ণাঙ্গসৃষ্ট, অপূর্ণাকৃতিবিশিষ্ট, অপূর্ণাকারবিশিষ্ট, অপূর্ণরূপ, বিকলাঙ্গ, প্রতিবন্ধী, অঙ্গবিকৃত, অসুশ্রী ২২:৫০

اخْتِلاَقٌ। বানানো কথা, রূপকথা, সৃষ্টকথা, মনগড়া কথা, অলীক বিষয়, কাল্পনিক ৩৮:৭

ام خَلاَقٌ অংশ, প্রাপ্য, ভাগ ২:১০২

أَخْلَاقٌ جل خُلُقٌ সৃষ্টিগত স্বভাব, রূপমাধুর্য, স্বভাব, চরিত্র, নৈতিকতা, নীতি, চালচলন ৬৮:৪

خلل< خِلاَلٌ ج خُلَّةٌ বন্ধুত্ব, মিত্রতা, সৌহার্দ্য, হৃদ্যতা, একাত্মতা, অন্তরঙ্গতা ২:১৫৪; মাঝে, মধ্যে, মাঝখানে, ভিতরে, অভ্যন্তর, অন্তঃপুর ১৭:৫

أَخِلاَّءُ ج خَلِيلٌ অন্তরঙ্গ বন্ধু, অকপট বন্ধু, মিত্র, দোস্ত, অন্তরঙ্গ, ঘনিষ্ঠ ৪:১২৫

خلو< [ن] خَلاَ একান্তে বসা, মুক্তমনে বসা, মুক্তচিত্ত হওয়া, খালি হওয়া; অতিবাহিত হওয়া, গত হওয়া, বিগত হওয়া, চলে

যাওয়া, অতীত হওয়া, প্রস্থান করা, বিদায় নেওয়া, অন্তর্ধান হওয়া ৫:৭৫

خَلَّى খালি করা, মুক্ত করা, অবারিত করা, পথ ছেড়ে দেওয়া, পথ ফাঁকা করা ২:১৪

تَخَلَّى খালি হওয়া, উন্মুক্ত হওয়া, প্রকাশিত হওয়া, গর্ভশুন্য হওয়া ৮৪:৪

خَالِيَةٌ খালি, মুক্ত, গত, বিগত, অতীত ৬৯:২৪

خمد< خَامِدٌ নির্বাপিত, স্তিমিত, নিস্তেজ, নিব্যমান, নিভু নিভু ২১:১৫

خمر< خَمْرٌ মদ, মাদক, মাদকদ্রব্য, মদিরা, মদ্য, সুরা, শরাব, নেশাদ্রব্য ৫:৯১

خِمَارٌ جل خُمُرٌ চাদর, ওড়না, কাপড়ের আঁচল ২৪:৩১

خمس< خَمْسَةٌ পাঁচ, পঞ্চ ৩:১২৫

خَامِسَةٌ পঞ্চম, পঞ্চমত, পাঁচ নম্বর ২৪:৭

خَمْسِينَ পঞ্চাশ ২৯:১৪

خُمُسٌ এক পঞ্চমাংশ, পাঁচভাগের একভাগ, পাঁচের এক ৮:৪১

خمص< مَخْمَصَةٌ তীব্র ক্ষুধা, বুভুক্ষা, ক্ষুধাকাতর, অসহ্যক্ষুধা, ক্ষুধার জ্বালা, জঠরানল ৫:৩

خمط< خَمْطٌ তিক্ত ফল, বিস্বাদ, স্বাদহীন ৩৪:১৬

خنزر< خَنَازِيرُ ج خِنزِيرٌ শূকর, খিঞ্জীর, শুয়োর, বরাহ, ভূদার ৫:৩

خنس< ام خَنَّاسٌ গুপ্ত প্রবঞ্চক, গোপনে প্ররোচনাদাতা, জিন শয়তান ১১৪:৪

خَانِسٌ و خُنَّسٌ দিবসের গুপ্ত তারকা, গোপননক্ষত্র, গ্রহ, তারকা, জ্যোতিষ্ক, নক্ষত্রমণ্ডল, তারামণ্ডল, গ্রহপুঞ্জ ৮১:১৫

خنق< مُنْخَنِقَةٌ গলা টিপে মারা পশু, কণ্ঠরোধে মৃতপ্রাণী, ফাঁস দিয়ে মারা পশু ৫:৩

خور< خُوَارٌ গরুর ডাক, হাম্বা হাম্বা, বাঁশি, বাঁশরি ৭:১৪৮

خوض< خَوْض ،[ن] خَاضَ কথার কথা বলা, বাচালতা করা, বাজেকথায় লিপ্ত হওয়া, প্যাচাল পাড়া, বাড়িয়ে বলা, বাক্যালাপ করা, সমালোচনা করা ৬:৯১

خَائِضٌ বাচাল, অমিতবাক, বাজেপ্রসঙ্গ আলোচনাকারী, প্যাচালী ৭৪:৪৫

خوف< خِيفَةً ،خَوْفًا ،[س] خَافَ ভয় করা, ভীত হওয়া, ঘাবড়ানো, আঁতকে ওঠা, আশঙ্কা করা, শঙ্কিত হওয়া, ভীতসন্ত্রস্ত হওয়া, অনিষ্টের আশঙ্কা করা ৭:৩৫

تَخْوِيفًا ،خَوَّفَ ভয় দেখানো, ভীতিপ্রদর্শন করা, ত্রাসসৃষ্টি করা, হুমকি দেওয়া, শাসানো ১৭:৫৯

تَخَوُّفٌ ভীত হওয়া, ভীতিপ্রদর্শন করা ১৬:৪৭

خَائِفٌ ভীত, ভীতসন্ত্রস্ত, সশঙ্ক, শঙ্কমান; সশঙ্কে, সন্তপর্ণে, ত্রস্তভাবে ২:১১৪

خول< خَوَّلَ দেওয়া, দান করা, নেয়ামত দেওয়া ৬:৯৪

أَخْوَال ج خَالٌ মামা, খালু, মাতুল ২৪:৬১

خَالَةٌ و خَالاَتٌ খালা, মামী ২৪:৬১

خَانَ [ن]، خِيَانَةً، اخْتَانَ <خون খিয়ানত করা, আত্মসাৎ করা, বিশ্বাসঘাতকতা করা, গ্রাস করা, ক্ষয় করা, ক্ষয়ক্ষতি করা, মেরে দেওয়া, প্রবঞ্চনা করা, ধোঁকাবাজি করা ৮:৭১

خَوَّانٌ، خَائِنٌ مث خَائِنَةٌ খিয়ানতকারী, আত্মসাৎকারী, বিশ্বাসঘাতক, ক্ষতিকারক, প্রবঞ্চক, ধোঁকাবাজ ৪:১০৭

خَاوِيَةٌ <خوي ভূপাতিত, পতনোন্মুখ, পতনশীল, পড়ন্ত, পাত্যমান ২:২৫৯

خَابَ [ض] <خيب ব্যর্থ হওয়া, বিফল হওয়া, নিষ্ফল হওয়া, অসফল হওয়া, অকৃতকার্য হওয়া, নিরাশ হওয়া, হতাশ হওয়া, আশাহত হওয়া ১৪:১৫

خَائِبٌ ব্যর্থ, হতাশ, আশাহত, নিরাশ, অসফল, অকৃতকার্য, অক্ষম, অপারগ ৩:১২৭

اخْتَارَ، تَخَيَّرَ، خِيَرَةٌ <خير পছন্দ করা, বাছাই করা, মনোনীত করা, নির্বাচিত করা, অধিকার দেওয়া, বেছে নেওয়া, গ্রহণ করা ৭:১৫৫

خَيْرٌ ج أَخْيَارٌ مث خَيْرَاتٌ উত্তম, ভালো, ভালোমানুষ, অতিউত্তম, সর্বোত্তম, বাছাইকরা, মনোনীত, পছন্দনীয়, পছন্দসই, কল্যাণ, মঙ্গল, সম্পদ, সম্পত্তি, ধনসম্পদ, উত্তম ঘোড়া, অশ্ব ৩৮:৩২

خَيْطٌ جل خُيُوْطٌ <خيط সুতা, সুতো, সুতলি, ফিতা, প্রভাত রেখা ২:১৮৭

خِيَاطٌ সূচ, সুই, সীবনযন্ত্র, সীবনী ৭:৪০

خَيَّلَ <خيل ধাঁধা লাগানো, খেয়াল করানো, ধাঁধাগ্রস্ত করা, প্রহেলিকাময় করা, কাল্পনিক বানানো, কল্পনায় আনা, মনে হওয়া, মনে আসা ২০:৬৬

مُخْتَالٌ খেয়ালপ্রবণ, কল্পনাপ্রবণ, যথেচ্ছাপ্রবণ, ধাঁধাগ্রস্ত, অহঙ্কারী, আত্মাভিমানী ৪:৩৬

خَيْلٌ جل خُيُوْلٌ অহঙ্কারের বস্তু, ঘোড়া, অশ্ব, বাজী, ঘোটক, হ্রেষী, অশ্বারোহী সৈন্য, ঘোড়সওয়ার ৩:১৪

خِيَامٌ و خِيْمَةٌ <خيم খিমা, তাবু, শিবির, পর্দা ৫৫:৭২

[৪৭] دال

دَأْبٌ <دأب স্বভাব, প্রকৃতি, অবস্থা, কার্য, লাগাতার, অবিরাম, ধারাবাহিক, যথারীতি, উত্তমরূপে ১২:৪৭

دَائِبٌ স্বাভাবিক, বিরামহীন, অধ্যবসায়ী, অবিরাম গতিশীল, অক্লান্ত, সমপ্রকৃতির ১৪:৩৩

دَابَّةٌ ج دَوَابٌّ <دبب বিচরণকারী, প্রাণী, জীব, জন্তু, জানোয়ার, চতুষ্পদপশু, মেরুদণ্ডী, সরীসৃপ, ভারবাহী পশু ৩৫:৪৫

دَبَّرَ <دبر নিয়ন্ত্রণ করা, পরিচালনা করা, ব্যবস্থাপনা করা, ব্যবস্থা গ্রহণ করা, সামলে নেওয়া ১০:৩

تَدَبَّرَ، إِدَّبَّرَ চিন্তা করা, গভীরধ্যান করা, পর্যবেক্ষণ করা, গবেষণা করা ৪:৮২

أَدْبَرَ، إِدْبارٌ পৃষ্ঠপ্রদর্শন করা, পশ্চাদপসরণ করা, পিছু হটা, পলায়ন করা, সরে পড়া, মুখ ফিরানো, বিমুখ হওয়া ৭০:১৭

المُدَبِّرات ব্যবস্থাপক ফেরেশতা, কার্যক্রমে নিয়োজিত ফেরেশতা, কার্যনির্বাহক ৭৯:৫

مُدْبِرٌ পৃষ্ঠপ্রদর্শনকারী, পশ্চাদপসরণকারী, বিমুখ, পলায়নপর ২৭:১০

دَابِرٌ শিকড়, মূল, উৎস, ভিত্তি, পশ্চাৎ ৮:৭

دُبُرٌ ج أَدْبَارٌ পিঠ, পৃষ্ঠ, পশ্চাৎ, পৃষ্ঠদেশ, পিছন, বিপরীতদিক ৮:১৬

دثر< مُدَّثِّرٌ চাদর মুড়িয়ে শয়নকারী, বস্ত্রাবরক, চাদরধারী, কম্বলধারী, কম্বলমুড়োন ব্যক্তি ৭৪:১

دحر< دُحُورٌ، مَدْحُورٌ বিতাড়িত, তাড়িত, ধাবনীয়, ধাওয়া খাওয়া ৩৭:৯

دحض< أَدْحَضَ ব্যর্থ করা, বাতিল করা, রদ করা, প্রতিহত করা, বিচ্যুত করা, স্খলন ঘটানো ১৮:৫৬

دَاحِضَةٌ، مُدْحَضٌ ব্যর্থ, বাতিল, স্থানচ্যুত, প্রতিহত ৪২:১৬

دحو< [ن] دَحَا বিছানো, বিস্তৃত করা, সম্প্রসারিত করা ৭৯:৩০

دخر<دَاخِرٌ অপমানিত, ঘৃণিত, লাঞ্ছিত, অপদস্থ, তুচ্ছতাচ্ছিল্য ১৬:৪৮

دخل< مُدْخَلٌ [ن] دَخَلَ প্রবেশ করা, ঢোকা, অন্তর্ভুক্ত হওয়া, উপনিত হওয়া, আসা, আগমন করা, দখল করা ৩:৩৭

أَدْخَلَ প্রবেশ করানো, ঢোকানো, প্রবিষ্ট করা, অন্তর্ভুক্ত করা, শামিল করা, দখল দেওয়া ৫:৬৫

دَاخِلٌ প্রবেশকারী, অন্তর্ভুক্ত, আগন্তুক, দখলকারী ৫:২২

مُدْخَلٌ প্রবিষ্ট, প্রবেশপথ, প্রবেশদ্বার, প্রবেশস্থান, আশ্রয় ৭:৩১

مُدَّخَلٌ প্রবেশস্থান, আশ্রয়, গোঁজার ঠাঁই ৯:৫৭

مص دَخَلٌ আসন্ন প্রতারণা, অবৈধ অনুপ্রবেশ, আত্মসাৎ, খিয়ানত, ধোঁকা, প্রতারণা, ভেজাল ১৬:৯২

<دخن دُخَانٌ جل أَدْخِنَةٌ، دَوَاخِيْنُ ধোঁয়া, ধুঁয়া, ধুম্র, ধুম্রকুঞ্জ ৪১:১১

<درأ [ف] دَرَأَ সরানো, বিদূরিত করা, দূর করা, অপসারণ করা, অন্যদিকে গড়িয়ে দেওয়া, প্রতিহত করা ২৪:৮

إِدَّارَأَ অন্যদিকে গড়ানো, অন্যকে দায়ী করা, দোষারোপ করা, দোষ চাপানো ২:৭২

<درج اسْتَدْرَجَ ক্রমান্বয়ে ধ্বংস করা, ক্রমান্বয়ে পাকড়াও করা, আস্তে আস্তে গুটিয়ে আনা, ধুকিয়ে মারা ৭:১৮২

دَرَجَةٌ ج دَرَجاتٌ ক্রম, স্তর, সোপান, পদমর্যাদা, সম্মান ৪:৯৫

<درر مِدْرارٌ ঘনমেঘ, মেঘপুঞ্জ, বারিবাহী মেঘমালা, অঝোরধারা, প্রবলবর্ষণ, বর্ষণমুখর ৬:৬

دُرِّيٌّ جل دَرَارِيٌّ আলোকবিচ্ছুরক, উজ্জ্বল, জ্যোতির্ময়, আলোকময়, চকচকে, ঝকঝকে ২৪:৩৫

<درس دَرَسَ [ن]، دِرَاسَةً পড়া, পাঠ করা, অধ্যায়ন করা, ক্লাস করা, ঘণ্টা করা ৬:১৫৬

إِدْرِيس নবী ইদ্রীস আলাইহিস সালাম ১৯:৫৬

أَدْرَكَ <درك ধরে ফেলা, পেয়ে বসা, ধারণ করা, নাগালে আনা ১০:৯০

تَدَارَكَ، إِدَّارَكَ পরস্পরে ধরে ফেলা, নাগাল পাওয়া, পতিত হওয়া, আপতিত হওয়া, পরিপূর্ণ হওয়া, চূড়ান্তে পৌঁছা, শেষ হওয়া ১৭:৬৬

دَرَكٌ নাগাল পাওয়া, ধরতে পারা, ধরে ফেলা ২০:৭৭

الدَّرْكُ পতনস্থল, নিম্নস্তর, নিম্নপুরী, স্তর, জাহান্নামের একটা স্তর ৪:১৪৫

مُدْرَكٌ ধৃত, নাগালাবদ্ধ, ধরাপড়া, হস্তধৃত, আবদ্ধ, পরাভূত ২৬:৬১

دَرَاهِمُ و دِرْهَمٌ <درهم এক দিরহাম = ২.৯৭ গ্রাম রূপা, রৌপ্যমুদ্রা, রূপার টাকা, মুদ্রা ১২:২০

دَرَى [ض] <دري জানা, অবগত হওয়া, জানতে পারা, খবর রাখা, উপলব্ধি করা, ধারণা করা ৬৫:১

أَدْرَى জানানো, অবগত করা, অবহিত করা, জানতে দেওয়া, জ্ঞাপন করা, খবর দেওয়া, ধারণা দেওয়া ৬৯:৩

دُسُرٌ و دِسَارٌ <دسر পেরেক, পিন, কাঁটা, কীলক, খিল ৫৪:১৩

دَسَّ [ن]، دَسَّى <دسس মাটিতে গেড়ে দেওয়া, ঢোকানো, বসিয়ে দেওয়া, পুঁতে দেওয়া, প্রোথিত করা, কলুষিত করা ১৬:৫৯

دَسَّى <دسي মাটিতে গেড়ে দেওয়া, কলুষিত করা, পুঁতে ফেলা, বিভ্রান্ত করা ৯১:১০

دَعَّ [ن]، دَعًّا <دعع আঘাত করা, গলা ধাক্কানো, ধাক্ক দিয়ে তাড়ানো, বিতাড়িত করা, তাড়িয়ে নেওয়া ৫২:১৩

دَعَا [ن]، دُعَاءً، دَعْوَةً <دعو ডাকা, আহ্বান করা, সম্বোধন করা, আমন্ত্রণ করা, নিমন্ত্রণ করা, দাওয়াত করা, প্রার্থনা করা, ফরিয়াদ করা, দুয়া করা, চাওয়া, কামনা করা ২:১৮৬

ادَّعَى চাওয়া, ফরিয়াদ করা, দাবি করা, বাদী হওয়া, ইচ্ছা করা ৪১:৩১

دُعَاءٌ جل أَدْعِيَةٌ দুয়া, ডাক, আহ্বান, নিমন্ত্রণ, চাওয়া ২:১৮৬

دَاعِيٌ جل دُعَاةٌ আহ্বানকারী, প্রার্থী, আহ্বায়ক, প্রার্থনারত ২:১৮৬

الدَّعْوَى দাবি, চাহিদা, হাঁকডাক, চিৎকার, সম্ভাষণ ৭:৫

أَدْعِيَاءُ و دَعِيٌّ যাকে ছেলে ডাকা হয়েছে, পালকপুত্র, পৌষ্যপুত্র, পালিতপুত্র, বানানোছেলে ৩৩:৪

دِفْءٌ جل أَدْفَاءُ <دفأ শীতের পোশাক, শীতবস্ত্র, তাপ, উত্তাপ, উষ্ণতা, গরমি ১৬:৫

دَفَعَ [ف]، دَافَعَ، دَفْعٌ <دفع প্রতিহত করা, দফা করা, প্রতিরোধ করা, অপসারণ করা, দূর করা, নিয়ন্ত্রণ করা, অর্পণ করা, প্রদান করা, দেওয়া, দমন করণ, বাধাদান, নিবারণ ৪:৬

دافِعٌ প্রতিহতকারী, প্রতিরোধক, নিয়ন্ত্রক, অপসারণকারী, অর্পণকারী, প্রদানকারী, দমনকারী ৫২:৮

دافِقٌ <دفق বেগবান, প্রবাহমাণ, সবেগে নির্গত, সবেগে নিক্ষিপ্ত ৮৬:৬

دكك< دَكَّةٌ ،دَكًّا ،[ن] دَكَّ চুরমার করা, চূর্ণবিচূর্ণ করা, ভাঙচুর করা, ভেঙে ফেলা, গুড়িয়ে দেওয়া, বিধ্বস্ত করা, সমান করা, সমতল বানানো ৮৯:২১

دَكَّاوَاتٌ جل دَكَّاءٌ সমতল ভূমি, সমভূমি, বিধ্বস্ত, চুরমার, চূর্ণবিচূর্ণ ১৮:৯৮

دلك< دُلُوكٌ হেলে পড়া, ঢলে পড়া, ঢলা, হেরা, ঝুঁকে পড়া, ঝোঁকা ১৭:৭৮

دلل< [ن] دَلَّ পথ দেখানো, অবগত করা, নিদর্শন দেখানো, সন্ধান দেওয়া, নিয়ে যাওয়া, পৌঁছানো ২০:৪০

أَدِلَّةٌ جل دَلِيلٌ পথপ্রদর্শক, দিশারী, নিদর্শন, প্রমাণ ২৫:৪৫

دلو< أَدْلَى ،دَلَّى ঝুলিয়ে দেওয়া, নামানো, নামিয়ে দেওয়া, ফেলা, কথা বলে ফেলা, কথা পাড়া, মিথ্যামামলা করা ২:১৮৮

تَدَلِّي ঝুঁকা, আকৃষ্ট হওয়া, নামা, নেমে আসা, নিকটবর্তী হওয়া, কাছে আসা ৫৩:৮

دِلَاءٌ جل دَلْوٌ বালতি, কুপের বালতি, ঝুলন্ত বালতি ১২:১৯

دمدم< دَمْدَمَ ধ্বংস করা, ধ্বংসলীলা চালানো, ঝাঁপিয়ে পড়া, আগ্রাসন চালানো ৯১:১৪

دمر< تَدْمِيْرًا ،دَمَّرَ ধ্বংস করা, বিলুপ্ত করা, বিনাশ করা, নিপাত করা, উচ্ছেদ করা, ধ্বংসলীলা চালানো, ঝাঁপিয়ে পড়া, আগ্রাসন চালানো ১৭:১৬

<دمع دُمُوْعٌ جل دَمْعٌ চোখের পানি, অশ্রু, অশ্রুজল, নয়নজল, আঁসু ৫:৮৩

<دمغ [ف] دَمَغَ আঘাতে মগজ বের করা, ভীষণ আঘাত করা, প্রচণ্ড প্রহার করা, মাথা গুড়িয়ে দেওয়া, মস্তক ভেঙে চূর্ণ করা ২১:১৮

<دمو دِمَاءٌ ج دَمٌ রক্ত, শোনিত, রুধির, লোহু, খুন ২:৩০

<دنر دَنَانِيْرُ جل دِينَارٌ এক দিনার = ৪.২৫ গ্রাম স্বর্ণ, স্বর্ণমুদ্রা, স্বর্ণের টাকা, মোহর, আশরাফি, মুদ্রা ৩:৭৫

<دنو [ن] دَنَا নিকটবর্তী হওয়া, কাছে আসা, সংলগ্ন হওয়া, লাগালাগি হওয়া ৫৩:৮

أَدْنَى নিকটে টানা, মুড়িয়ে নেওয়া, মুড়ি দেওয়া, ঝুলিয়ে দেওয়া ৩৩:৫৯

دَانِيَةٌ مث دَانٍ নিকটবর্তী, সংলগ্ন, ঝুলন্ত ৫৫:৫৪

الأَدْنَي নিকটতম, অধিক নিকটবর্তী, ছোট, কমা, নিম্নমানের, নিকৃষ্টতম ২:৬১

دُنًى جل الدُنْيا নিকটবর্তী স্থান, নিকৃষ্টস্থান, দুনিয়া, পৃথিবী, ইহলোক, বিশ্বজত, জাহান, বসুন্ধরা, ধরণী, অবনী, মেদিনী, সৃষ্টিতল, মাটি, জমিন, পার্থিব, ইহলৌকিক, ইহকালীন ২:৮৫

<دود دَاوُدُ দাউদ আলাইহিস সালাম ২:২৫১

<دور [ن] دَارَ চোখ পাকানো, ঘুরানো, উল্টানো, বিস্ফারিত হওয়া ৩৩:১৯

أَدَارَ নগদ লেনদেন করা, নগদ কারবার করা, আদান প্রদান করা, বিনিময় করা, লেনদেন করা ২:২৮২

دَارٌ ج دِيَارٌ বাড়ি, গৃহ, প্রাসাদ, শহর, নগর, অঞ্চল, প্রদেশ, দেশ, পৃথিবী, পরকাল, অবস্থানস্থল, ঘোরা ফেরার স্থান ২:৮৪

دَيَّارٌ গৃহবাসী, বাসিন্দা, অবস্থানকারী, অধিবাসী, সন্ন্যাসী, যাযাবর, যোগী ৭১:২৬

دَائِرَةٌ ج دَوَائِرُ দুর্দিন, দুর্বিপাক, কালের চক্র, অকাল, দুষ্কাল, সংকটকাল, দুঃসময়, বিপদ, বিপর্যয়, দুর্ভাগ্য ৯:৯৮

دَاوَلَ >دول অদলবদল করা, পালাক্রমে আনা, পালাবদল করা, ঘুরানো, ঘুরিয়ে দেওয়া, আবর্তন ঘটানো, পরিবর্তন করা, বদলানো ৩:১৪০

دُولَةٌ جل دُوْلَاتٌ পুঞ্জীভূত সম্পদ যা হাতবদল হতে থাকে, পুজিপতির সম্পত্তি, কুক্ষিগত সম্পদ, গ্রাসকরা দৌলত ৫৯:৭

دَامَ [ن] >دوم দীর্ঘস্থায়ী হওয়া, অব্যাহত থাকা, স্থিতিশীল থাকা, চলতে থাকা, করতে থাকা, থাকা ৫:২৪

دَائِمٌ চিরস্থায়ী, স্থিতিশীল, স্থায়ী, চলমান, অব্যাহতগতি ১৩:৩৫

دُونَ >دون ব্যতীত, বাদে, ছাড়া, ছেড়ে, বিনা, বিনে, সামনে, সম্মুখে, নিকটে, অল্প, স্বল্প, নগণ্য, নীচ, হীন, হেয়, নি¤œ, কম, নিম্নতর, ছোট ২:২৩

دَهْرٌ جل دُهُوْرٌ >دهر যুগ, সময়, কাল, জামানা, মহাকাল ৭৬:১

دِهَاقٌ ص <دهق পরিপূর্ণ, উপচেপড়া, টইটই, টইটম্বুর, কানায় কানায় ৭৮:৩৪

مُدْهَامَّةٌ <دهم অতিশ্যামল উদ্যান, গাঢ়সবুজরঙের উদ্যান, নন্দনকানন ৫৫:৬৪

أَدْهَنَ <دهن তেল মাখানো, নমনীয় হওয়া, শৈথিল্য প্রদর্শন করা, শিথিলতা করা ৬৮:৯

مُدْهِنٌ শিথিলকারী, বলগাহীন, শিথিলতা প্রদর্শনকারী, শিথিল, চাটুকার ৫৬:৮১

دُهْنٌ جل أَدْهَانٌ তেল, জয়তুনের তেল ২৩:২০

دِهَانٌ جل أَدْهِنَةٌ রক্তিম তৈলাক্ত চামড়া ৫৫:৩৮

أَدْهَي <دهي আকস্মিক, মহাবিপদ, ঘোরতর বিপদ, বিভীষিকাময় ৫৪:৪৬

دَانَ [ض] <دين ধর্ম গ্রহণ করা, ধর্ম মনোনীত করা ৯:২৯

تَدَايَنَ ঋণ করা, ঋণ গ্রহণ করা, ধার নেওয়া, কর্জ নেওয়া, লেনদেন করা, কারবার করা, হিসাব-নিকাশ করা ২:২৮২

دَيْنٌ جل دُيُوْنٌ ঋন, ধার, কর্জ, দেনা ৪:১২

دِيْنٌ جل أَدْيَانٌ দীন, ধর্ম, ধর্মবিশ্বাস, ধর্মমত, ইসলাম, মতাদর্শ, আনুগত্য, মেনে চলা, পালন করা, কিয়ামত, বিচার, হিসাব, প্রতিদান, বদলা ৩:১৯

يوم الدين কিয়ামত, বিচারদিন, বিচারদিবস, কিয়ামতদিবস, প্রতিদানদিবস, বদলার দিন ১:৪

مَدِينٌ বিচারাধিন, বিচারণীয়, বদলাপাপ্ত, প্রতিফল প্রাপ্ত ৩৭:৫৩

غَير مَدِينٍ প্রতিফল অপ্রাপ্ত, অবিচার্য, বিচারহীন, বদলাহীন, বিচারমুক্ত ৫৬:৮৬

ذال [২২]

ذَا এই

هذا، هذه এই, এটা, এই বস্তু ২:২৫

هذان، هتان এ দুটি, উভয়টা, এরা দুজন, উভয়ে ২০:৬৩

أُولَائِكَ، هؤُلَاءِ এরা, এগুলো ২:৩১

ذَلِكَ ওইটা, উহা ২:২

ذَانِك، ذَلِكُمَا ওই দুটি ২৮:৩২

ذَلِكُمْ، ذَلِكُنَّ ওরা, ওগুলো, তোমাদের তাতে, তোমাদের ওতে ২:৪৯

كَذَلِك মূলত ছিল (كَذَا + لك) তোমার জন্যে এমনই, তোমার জন্যে ওটাই

ذِئْبٌ جل ذِيَابٌ <ذأب বাঘ, নেকড়ে, শার্দুল, বৎসাদন ১২:১৪

مَذْئُوْمٌ <ذأم ঘৃণিত, লাঞ্ছিত, নিন্দিত, অপছন্দনীয়, অপমানিত ৭:১৮

ذُبَابٌ جل أَذِبَّةٌ، ذِبَّانٌ <ذبب মশা, মাছি, মক্ষিকা ২২:৭৩

ذبح< [ف] ذَبَحَ জবাই করা, কুরবানী করা, বধ করা, নিধন করা ২:৭১

ذَبَّحَ নির্মমভাবে জবাই করা, হত্যা করা, গণনিধন করা, গণহত্যা করা, প্রাণে মারা ২:৪৯

ذِبْحٌ مص জবায়ের পশু, উৎসর্গিত প্রাণী, জবাইযোগ্য ৩৭:১০৭

ذبذب< مُذَبْذَبٌ দু'মনা, দোদুল্যমান, দোটানচিত্ত, সংকোচচিত্ত, দ্বিধাগ্রস্ত ৪:১৪৩

ذخر< إِدَّخَرَ সঞ্চয় করা, জমা করা, গুদামজাত করা, পুঞ্জীভূত করা ৩:৪৯

ذرأ< [ف] ذَرَأَ সৃষ্টি করা, সৃজন করা, পয়দা করা, অসংখ্য সৃষ্টি করা, ছড়ানো, বিস্তৃত করা ৬:১৩৬

ذرر< ذَرَّاتٌ جل ذَرَّةٌ গুঁড়ি পিঁপড়া, কণা, অণু, পরমাণু, জাররা ৪:৪০

ذُرِّيَات ج ذُرِّيَّةٌ ডিম্বাণু, বংশধর, সন্তানসন্ততি, ভবিষ্যৎপ্রজন্ম ১৩:২৩

ذرع< ذِرَاعٌ ج ذَرْعٌ বাহু, হাত, গজ, বাহুবল, শক্তি, ক্ষমতা, মনোবল ১১:৭৭

ذرو< ذَرْوًا ،[ن] ذَرَا ধূলাবালি উড়ানো, বিক্ষিপ্ত করা, উড়ানো ১৮:৪৫

الذّاَرِيَات প্রচণ্ডবেগে ধূলাবালি উৎক্ষেপণকারী ৫১:১

مُذْعِنٌ <ذعن অনুগত, বিনীত, বশ্যতা স্বীকারকারী, নতিস্বীকারকারী, বাধ্যগতাবস্থায় ২৪:৪৬

أَذْقَانٌ و ذَقَنٌ <ذقن থুতনি, চিবুক, নতশির, অধোবদন, অধোচিবুক, অধোমুখে ১৭:১০৭

ذَكَرَ [ن]، ذِكْرٌ <ذكر স্মরণ করা, জিকির করা, ইয়াদ করা, বর্ণনা করা, উল্লেখ করা, সমালোচনা করা, স্মৃতিচারণ করা, মনে আনা, জপা, খেয়াল করা, ধ্যান করা, সাধনা করা ২:৪০

ذَكَّرَ، تَذْكِرَةٌ স্মরণ করানো, মনে করানো, উপদেশ দেওয়া, মন্ত্রণা দেওয়া ২:২৮২

تَذَكَّرَ، إِذَّكَّرَ স্মরণ করা, মনোনিবেশ করা, উপদেশ গ্রহণ করা, নসিহত কবুল করা, স্মরণ করানো ৭:৩

إِدَّكَرَ স্মরণ হওয়া, মনে আসা, খেয়াল হওয়া, স্মরণ করা, চিন্তা করা, মনোনিবেশ করা, ফিকির করা, গবেষণা করা ১২:৪৫

ذِكْرٌ جل أَذْكَارٌ স্মরণ, জপন, জিকির, উপদেশ, ওহী, কুরআন, স্মৃতি, বর্ণনা, আলোচনা, ইয়াদ ৩:৫৮

ذِكْرَى، تَذْكِرَةٌ স্মরণ করা, স্মৃতিচারণ, উপদেশ গ্রহণ, উপদেশ দান, স্মরণীয়, স্মারক, স্মারকলিপি, উপদেশ, নসিহত, উপদেশবাণী, স্মরণচিহ্ন, সতর্কবাণী, স্মৃতিকথা ৬:৬৮

مَذْكُورٌ আলোচিত, আলোচ্য, উল্লেখ্য, উল্লেখযোগ্য, স্মরণীয়, বর্ণিত, উল্লেখিত ৭৬:১

مُذَكِّرٌ উপদেশদাতা, নসিহতকারী, উপদেষ্টা, মন্ত্রণাদাতা ৮৮:২১

ذَاكِرٌ জিকিরকারী, স্মৃতিচারণকারী, স্মরণকারী ৩৩:৩৫

ذَكَرٌ ج ذُكُورٌ، ذُكْرَانٌ পুরুষ, পুরুষজাতি, নর ৩:৩৬

مُدَّكِرٌ স্মরণকারী, চিন্তাবিদ, চিন্তাশীল, চিন্তাফিকিরকারী, মনোনিবেশকারী, গবেষক ৫৪:১৫

ذَكَّي <ذكو জবাই করা, জবাই করে হালাল বানানো ৫:৩

ذَلَّ [ض] <ذلل অপমানিত হওয়া, লাঞ্ছিত হওয়া, অবনমিত হওয়া, নুয়ে পড়া ২০:১৩৪

ذَلَّلَ، تَذْلِيلاً অধীন করা, অনুগত কর, অসহায় বানানো, আয়াত্তাধীন করা, কর্তৃত্বাধীন করা ৭৬:১৪

أَذَلَّ অপমানিত করা, লাঞ্ছিত কর, মানহানি করা, অপদস্থ করা, হেয় করা ৩:২৬

ذُلٌّ، ذِلَّةٌ অপমান, লাঞ্ছনা, হীনতা, নীচতা, অসম্মান, বিনয়, নম্রতা, আনুগত্য, অধীনতা ২:৬১

أَذِلَّةٌ অপমানিত, মানহীন, লাঞ্ছিত, তুচ্ছ, অপদার্থ, নিকৃষ্ট ৫:৫৪

أَذَلُّ ج اذَلِّين হীনতম, অতিলাঞ্ছিত, লাঞ্ছনাকর, অসম্মানী, সর্বাধিক অপমানিত, ইতর, অপদার্থ ৬৩:৮

ذَلُولٌ ج ذُلُلٌ অধীন, বশীভূত, অনুগত, তাবেদার, অবনত, বিনীত, সমতল ১৬:৬৯

ذِمَّةٌ جل ذِمَمٌ <ذمم জিম্মা, দায়িত্ব, প্রতিজ্ঞা, অঙ্গীকার, প্রতিশ্রুতি, চুক্তি ৯:৮

مَذْمُومٌ নিন্দিত, তিরষ্কৃত, অপ্রিয়, মন্দ ১৭:১৮

ذَنْبٌ ج ذُنُوبٌ <ذنب পাপ, অন্যায়, গুনাহ্, অপরাধ, দোষ, ত্রুটি, ভুল, দোষারোপ, পাপরাশি, প্রাপ্য, পাপের শাস্তি ৪০:৩

ذَنُوبٌ পাপের শাস্তি, প্রাপ্য, পাওনা, পানির পালা, কূপের বালতি, নির্ধারিত সময়, এবাদতের ওয়াক্ত ৫১:৫৯

ذُوْ، ذَا، ذِي، ذَوَا، ذَوَيْ، ذَوِيْ، ذَاتَ، ذَوَاتَ মালিক, অধিকারী, বিশিষ্ট, ওয়ালা ৫৫:১২

ذَادَ [ن] <ذود বিরত থাকা, বারণ করা, বিরত রাখা, বাধা দেওয়া, আটকে রাখা ২৮:২৩

ذَاقَ [ن] <ذوق আস্বাদন করা, স্বাদ গ্রহণ করা, চাখা, মজা বুঝা, ভোগ করা, খাওয়া, বরণ করা ৬৫:৯

أَذَاقَ চাখানো, মজা দেখানো, আস্বাদন করানো, ভোগ করানো, ভোগ করতে দেওয়া, বরণ করানো ৩০:৩৩

ذَائِقٌ مث ذَائِقَةٌ স্বাদ গ্রহণকারী, ভোগকারী, ভুক্তভোগী, ভোগকারী, আস্বাদী ৩:১৮৫

ذَهَبَ [ف]، ذَهَابًا <ذهب যাওয়া, গমন করা, চলে যাওয়া, পালানো, দূর হওয়া, সরে পড়া, রওনা দেওয়া, প্রস্থান করা, স্থানান্তর করা ২:১৭

ذَهَبَ بِ، أَذْهَبَ নিয়ে যাওয়া, ছিনিয়ে নেওয়া, সরিয়ে নেওয়া, স্থানান্তরিত করা, নিরুদ্দেশ করা, উধাও করা, দূর করা, দূরিভূত করা, নিঃশেষ করা ২:১৭

ذَاهِبٌ গমনকারী, গমনশীল, গমনোন্মুখ ৩৭:৯৯

أَذْهَابٌ جل ذَهَبٌ স্বর্ণ, সোনা, সুবর্ণ, কঞ্চন, কনক, হিরণ্য, ধনসম্পদ ৩:১৪

ذهل< [ف] ذَهَلَ ভুলে যাওয়া, বিস্মৃত হওয়া, স্মৃতিহীন হওয়া. স্মৃতিভ্রষ্ট হওয়া, মতিভ্রম ঘটা ২২:২

ذيع< أَذَاعَ প্রচার করা, সম্প্রচার করা, প্রচারণা করা, রটানো, রটানা করা, ছড়ানো ৪:৮৩

[৮৯] راء

رأس< رُءُوسٌ ج رَأْسٌ মাথা, মস্তক, মুণ্ড, শির, মড়ো, মূল, মূলধন, পুঁজি, আসল ২:২৭৯

رأف< رَأْفَةٌ কোমলহৃদয় হওয়া, হৃদয় গলা, দয়াপরবশ হওয়া, দয়া করা, মেহেরবানি করা, কোমলতা, মমতা, মায়া, স্নেহ ২৪:২

ص رَؤُوْفٌ রউফ: আল্লাহর নাম, মেহেরবান, করুণাশীল, কোমলহৃদয়, হৃদয়বান, দয়ালু, দয়াপরবশ, অতিশয় দয়ালু, স্নেহপরায়ণ, সহানুভূতিশীল, অনুগ্রহশীল ২:১৪৩

رأي< [ف] رَأَى দেখা, দর্শন করা, দৃষ্টিগোচর হওয়া, প্রত্যক্ষ করা, তাকানো, লক্ষ্য করা, চাওয়া, দৃষ্টিপাত করা, অবলোকন করা, ভেবে দেখা, মনে করা, মত দেওয়া, রায় দেওয়া, সিদ্ধান্ত দেওয়া. বিবেচনা করা, অবগত হওয়া ৬:৭৬

أَرْأَى দেখানো, দর্শানো, প্রদর্শন করা, নজর কাড়া, দৃষ্টি আকর্ষণ করা, গোচরীভূত করা, জানানো, অবগত করা ৪:১০৫

تَرَاءَى সম্মুখিন হওয়া, মুখোমুখি হওয়া, গোচরীভূত হওয়া, একে অপরকে দেখা, পরস্পরকে দেখা, চোখাচোখি করা ৮:৪৮

رَاءَى، رِئَاءٌ লোক দেখানো, রিয়া করা, প্রদর্শন করা, দৃষ্টি আকর্ষণ করা ৪:৩৮

رَأْيٌ جل آرَاءٌ، أَرْآءٌ বাহ্যত দেখা, চোখের দেখা, দৃষ্টি, মত, বুদ্ধি, অভিমত, রায়, সিদ্ধান্ত ১১:২৭

رِءْيًا দেখতে, দৃশ্যে, আকারে, আকৃতিতে, অবয়বে, গঠনে, পারিপাট্য, পোছপাছ ১৯:৭৪

الرُّءْيَا مص স্বপ্ন, খাব ১২:৪৩

رَبٌّ ج أَرْبَابٌ <ربب রব, প্রভু, মুনিব, প্রতিপালক, পালনকর্তা, পরওয়ারদেগার, কর্তা, মালিক, মুনীব, সর্দার, অভিভাবক, দেবতা ৩:৬৪

رِبِّيٌّ আল্লাহওয়ালা, আল্লাহভক্ত, ধার্মিক, তাপস, সাধক, দল, সঙ্গীসাথী ৩:১৪৬

رَبَّانِيٌّ আল্লাহওয়ালা, আল্লাহভক্ত, আল্লাহভীরু, ধার্মিক, তাপস, সাধক, আলিম, ফকিহ, বিশেষজ্ঞ, পণ্ডিত, সর্বজ্ঞ, মহাজ্ঞানী, প্রজ্ঞাময়, প্রজ্ঞাবান, হাকীম, বিজ্ঞানী, ইলম-ফিকহ ও হিকমতওয়ালা ৩:৫১

رَبَائِبُ و رَبِيْبَةٌ সৎমেয়ে, স্ত্রীর মেয়ে ৪:২৩

رَبِحَ [س] <ربح লাভজনক হওয়া, উপকারী হওয়া, ফলপ্রসু হওয়া, লব্ধকাম হওয়া, সার্থক হওয়া ২:১৬

ربص< تَرَبَّصَ، تَرَبُّصٌ প্রতীক্ষা করা, অপেক্ষা করা, প্রত্যাশা করা, কালক্ষেপণ কর, স্থগিত রাখা ৯:৫২

مُتَرَبِّصٌ প্রতীক্ষমাণ, প্রত্যাশী, অপেক্ষাকারী, অপেক্ষক, অপেক্ষমাণ ৯:৫২

ربط< [ض] رَبَطَ বাঁধা, বদ্ধমূল করা, বেঁধে দেওয়া, দৃঢ় করা, মজবুত করা, আত্মপ্রত্যয় করা ১৮:১৪

رَابَطَ অটল থাকা, দৃঢ় থাকা, অবিচল থাকা, সাহসী হওয়া ৩:২০০

رِبَاطٌ সীমান্ত পাহারা দেওয়া, বেঁধে রাখা, ঘোড়া বাঁধার স্থান, আস্তাবল, অশ্বশালা, তেজস্বী অশ্বপাল ৮:৬০

ربع< أَرْبَعَة، أَرْبَعٌ চার, চারি, চৌ ২৪:৪৮

رَابِعٌ চতুর্থ, চতুর্থত, চার নম্বর ১৮:২২

رُبَاعٌ চারগুণ, চার জন, একে চার, চার চার করে ৪:৩

الرُّبُعُ এক চতুর্থাংশ, চারভাগের একভাগ, চারের এক ৪:১২

أَرْبَعِينَ চল্লিশ ২:৫১

ربو< [ن] رَبَا বৃদ্ধি পাওয়া, বর্ধিত হওয়া, বেড়ে যাওয়া, বেড়ে ওঠা, বড় হওয়া, স্ফীত হওয়া, ফুলে ওঠা ২২:৫

رَبَّي বাড়িয়ে তোলা, বড় করা, লালনপালন করা, প্রতিপালন করা, তারবিয়াত করা ১৭:২৪

أَرْبَى বাড়িয়ে দেওয়া, বাড়ানো, পরিবর্ধন করা ২:২৭৬

رَابِيَةً مث رَابِيًا বাড়ন্ত, বর্ধনশীল, বর্ধমান, স্ফীত, স্ফারিত, বিস্ফারিত, ভীষণ, প্রচণ্ড ১৩:১৭

أَرْبَى অধিক লাভজনক, বর্ধনশীল, বর্ধিষ্ণু, ক্রমবর্ধমান, উন্নত, ক্ষমতাবান ১৬:৯২

الرِّبَوا বর্ধমানবস্তু, সুদ, রিবা, কুসীদ, চক্রবৃদ্ধিসুদ, ক্রমবর্ধমানসুদ ৩:১৩০

رُبًى جل رَبْوَةٌ উচ্চভূমি, টিলা, পাহাড়, স্ফীতভূমি, মালভূমি, বাড়ন্তভূমি ২:২৬৫

رتع > [ف] رَتَعَ ঘুরে বেড়ানো, বিনোদন করা, আমোদ করা, প্রমদ করা, বিহার করা, বিহারাহার করা, তৃপ্তিভরে খাওয়া ১২:১২

رتق > رَتْقًا বন্ধ, বন্ধমুখ, সংযুক্ত, মিলিত ২১:৩১

رتل > تَرْتِيلاً، رَتَّلَ বিশুদ্ধভাবে পড়া, তারতীলের সঙ্গে পাঠ করা, স্পষ্ট ও সুমধুরকণ্ঠে আবৃত্তি করা, শ্রুতিমুগ্ধ হয়ে তেলাওয়াত করা ৭৩:৪

رجج > رَجًّا، [س] رَجَّ কাঁপা, কম্পিত হওয়া, প্রকম্পিত হওয়া, ভূমিকম্প হওয়া ৫৬:৪

رجز > ص رُجْزٌ، رِجْزٌ পাপ, অপবিত্রতা, পঙ্কিলতা, কলুষতা, শাস্তি, বিপদ, মুসীবত, মূর্তি, মূর্তিপূঁজা, অপবিত্র ২:৫৯

رجس > أَرْجَاسٌ جل رِجْسٌ পাপ, অপবিত্রতা, নোংড়া, ময়লা, নাপাক, কলুষ, দুষ্কৃত, শাস্তি, অধম, অনাচার ৫:৯০

مَرْجِعٌ رجع > رُجْعَى، رَجْعٌ، [ض] رَجَعَ ফিরে আসা, ঘুরে আসা, ফিরানো, ফেরত আসা, ফিরত পাঠানো, প্রত্যাবর্তন করা,

আবর্তন করা, রুজু করা, রুজু হওয়া, প্রত্যাগমন করা, পুনর্যাত্রা করা ৫০:৩

أَرْجَعَ ফিরিয়ে আনা, ফেরত পাঠানো, পেশ করা, ফিরানো, প্রত্যাহার করা, রুজু করা ২:২৮

تَرَاجَعَ প্রত্যাহার করে নেওয়া, রজয়াত করা, স্ত্রীকে ফিরিয়ে নেওয়া, পুনর্বিবাহ করা, পরস্পরের কাছে যাতায়াত করা, পুনর্যাত্রা করা ২:২৩০

رَاجِعٌ প্রত্যাবর্তনশীল, প্রত্যাবর্তনকারী ২:৪৬

مَرْجِعٌ প্রত্যাবর্তন, আবর্তন, ফিরে আসা, প্রত্যাবর্তনস্থল, আশ্রয়স্থল, আবর্তনস্থল ৩:৫৫

رجف> [ن] رَجَفَ কাঁপা, প্রকম্পিত হওয়া, ভূমিকম্প হওয়া, থরথর করা, কাঁপানো, প্রকম্পিত করা ৭৯:৬

الرَّاجِفَةُ প্রকম্পণকারী, কাঁপানিয়া, কম্পমান, কম্পনশীল, শিঙার প্রথম ফুৎকার ৭৯:৬

الرَّجْفَةُ প্রকম্পণ, ভূমিকম্প ৭:৭৮

مُرْجِفٌ রোমাঞ্চকর গুজব রটনাকারী, গুজব রটনাকারী ৩৩:৬০

رجل> رَجُلٌ ج رِجَالٌ মানুষ, মানব, লোক, ব্যক্তি, মানবজাতি, পুরুষ, নর, নরকুল, প্রাপ্তবয়স্ক পুরুষ ৪:৭

رِجْلٌ ج أَرْجُلٌ পা, পদ, কদম, চরণ ৫:৬

رَجِلٌ পদাতিক সৈন্য, পদব্রজী বাহিনী, পদযাত্রী সৈন্যদল ১৭:৬৪

رجم< رَجْمًا، [ن] رَجَمَ পাথর মারা, প্রস্তর নিক্ষেপ করা, রজম করা, প্রস্তরাঘাতে হত্যা করা, পাথর মেরে হত্যা করা ১১:৯১

رَجْمًا بِالغَيب আন্দাজে ঢিল ছোড়া, অনুমানে কথা বলা ১৮:২০

رُجُومٌ নিক্ষেপ করার পাথর, নিক্ষিপ্ত পাথর, উল্কা, ক্ষেপণাস্ত্র ৬৭:৫

رَجِيمٌ، مَرْجُوم প্রস্তরাঘাত খাওয়া, প্রস্তর নিক্ষিপ্ত, শয়তান, অভিশপ্ত, বিতাড়িত, রজমকৃত, প্রস্তরাঘাতে হত্যাকৃত ৩:৩৬, ২৬:১১৬

رجو< [ن] رَجَى আশা করা, কামনা করা, আকাঙ্ক্ষা করা, বাসনা করা, প্রত্যাশা করা, সাধ জাগা, শখ করা, ইচ্ছা করা ১০:৭

أَرْجَى আশা দিয়ে রাখা, বিলম্বিত করা, ঢিল দেওয়া, অবকাশ দেওয়া, শিথিল করা, সুযোগ দেওয়া, স্থগিত রাখা, মুলতুবি রাখা, দূরে রাখা ৩৩:২১

مَرْجُوًّا প্রত্যাশিত, কাক্সিক্ষত ব্যক্তি, বাঞ্ছিত, অভীষ্ট, উদ্দিষ্ট ১১:৬২

مُرْجًى আশান্বিত, প্রতীক্ষিত, আশার আলো, বিলম্বিত ৯:১০৬

أَرْجَاءٌ و رَجًا কিনারা, প্রান্ত, পার্শ্ব দেয়াল ৬৯:১৭

رحب< [ك] رَحُبَ বিস্তৃত হওয়া, প্রশস্ত হওয়া, সুবিস্তীর্ণ হওয়া, চওড়া হওয়া, বিশাল হওয়া, সুবিশাল হওয়া, সুপরিসর হওয়া, মস্তবড় হওয়া, বিরাট হওয়া, স্বাগতম জানানো, খোশ আমদেদ জানানো, অভ্যার্থনা দেওয়া ৯:২৫

مَرْحَبًا প্রশস্ত স্থান, মহাস্থান, অভিনন্দনকেন্দ্র, অভ্যার্থনাকক্ষ ৩৮:৫৯

رحق> ص رَحِيقٌ বিশুদ্ধ পানীয়, খাঁটি শরাব, নির্ভেজাল সুরা ৮৩:২৫

رحل> رِحَالٌ ج رَحْلٌ রসদপত্র, মালপত্র, বোঝা, থলি, শস্যের বস্তা ১২:৭০

رِحْلَة সফর করা, পর্যটন, বাণিজ্যিক ভ্রমণ, কাফেলা ১০৬:২

رحم> رَحِمَ [س]، رَحْمَةً، رُحْمًا، مَرْحَمَةٌ দয়া করা, অনুগ্রহ করা, রহম করা, অনুকম্পা করা, করুণা করা, কৃপা করা, রহমত দেওয়া, মমতা করা, মায়া করা, মেহেরবাণী করা, ভালোবাসা, আন্তরিক হওয়া ১৮:৮১

أَرْحَمُ সর্বাধিক দয়ালু, অধিক দয়াবান, অতি দয়ালু, সর্বাধিক কৃপাশীল ৭:১৫১

أَرْحَمُ الراحِمِين সর্বশ্রেষ্ঠ দয়ালু, দয়ালুদের দয়াল, সর্বশ্রেষ্ঠ মেহেরবান ৭:১৫১

الرَّاحِمُ দয়াকারী, কৃপাকারী ১২:৬৪

رَحِيمٌ ج رُحَمَاءُ، رَحْمنٌ রহীম, রহমান, দয়ালু, দরদী, দয়াল, সদয়, দয়াবান, দয়াপরবশ, সদাশয়, কৃপাময়, করুণাময়, পরম করুণাময়, অসীম দয়ালু, নিতান্ত দয়াশীল ৪৮:১৪

أَرْحَامٌ و رِحْمٌ করুণার পাত্র, মাতৃগর্ভ, জরায়ু, গর্ভাশয়, গর্ভকোষ, গর্ভজ, গর্ভজাত আত্মীয়, আত্মীয়স্বজন, আত্মীয়তা ৩:৬

رخو> رُخَاءً মৃদুভাব, আলতোভাব, কোমলতায়, নরমভাবে, আরগোছে ৩৮:৩৬

ردأ< أَرْدَاءُ جل رِدْءٌ সাহায্যকারী, সহকারী, সহায়ক, সহযোগী, সাহায্যার্থে ২৮:৩৬

ردد< مَرَدٌّ ،رَدٌّ ،[ن] رَدَّ ফিরত দেওয়া, ফেরত পাঠানো, প্রত্যাখ্যান করা, ফিরিয়ে দেওয়া, তাড়িয়ে দেওয়া, প্রত্যাহার করা, ফিরিয়ে নেওয়া, জবাব দেওয়া, রদ করা, রোধ করা, প্রতিরোধ করা, প্রতিহত করা, খণ্ডন করা, অর্পণ করা, সোপর্দ করা, ফিরিয়ে আনা, প্রত্যাবর্তন করা ২:১০৯

تَرَدَّدَ ফিরতে থাকা, ঘুরপাক খাওয়া, ইতস্তত করা, দ্বিধা করা ৯:৪৫

ارْتَدَّ ফিরা, ঘোরা, ফিরে যাওয়া, পশ্চাতে ফিরা, মুরতাদ হওয়া, ধর্মত্যাগ করা, উল্টা চলা, পূর্বাবস্থায় ফিরে আসা, প্রত্যাবর্তন করা ১২:৯৬

رَادٌّ ফিরতদাতা, রদকারী, অপসারণকারী, দূরকারী, প্রত্যাহারকারী, প্রত্যার্পণকারী, অর্পণকারী ১৬:৭১

مَرَدٌّ প্রতিহতকারী, দূরকারী, অপসারণকারী, প্রত্যাবর্তনস্থল, পরিণাম ১৩:১১

مَرْدُودٌ ফেরতযোগ্য, প্রত্যাবর্তনীয়, অপসারণীয়, অপসারিত, প্রতিহত ১১:৭৬

غَيْرُ مَرْدُودٍ অফেরতযোগ্য, অপ্রতিহত, অনিবার্য ১১:৭৬

ردف< [س] رَدِفَ সহগামী হওয়া, সহগামী হওয়া, অনুসরণ করা, পরবর্তীতে আসা, পরপর আসা ২৭:৭২

الرَّادِفَةُ অনুগামী, পরবর্তী, পশ্চাদ্বর্তী, শিঙ্গার দ্বিতীয় ফুৎকার ৭৯:৭

مُرْدِفٌ অনুগামী, ক্রমাগত অবতরণকারী ৮:৯

رَدْمٌ جل رُدُوْمٌ <ردم অটল প্রাচীর, সুদৃঢ় প্রাচীর, মজবুত দেয়াল ১৮:৯৫

رَدِيَ [س]، تَرَدَّى <ردي অকেজো হওয়া, অচল হওয়া, পতন ঘটা, পড়ে যাওয়া, পতিত হওয়া, ভূপাতিত হওয়া, ধ্বংস হওয়া, বিনাশ হওয়া ২০:১৬

أَرْدَى অকেজো করা, অচল করা, পতন ঘটানো, ফেলে দেওয়া, পতিত করা, ভূপাতিত করা, ধ্বংস করা, বিনাশ করা ৪১:২৩

الْمُتَرَدِّيَةُ পতনে মরা পশু, ভূপাতিতপশু ৫:৩

أَرْذَلُ ج أَرْذَلُونَ، أَرَاذِلُ <رذل সর্বাধিক হীন, নিশ্চল, অক্রিয়াশীল, অকর্মণ্য, অথর্ব, দুঃসময়, অচলাবস্থা ১১:২৭

أَرْذَل العُمر অকর্মণ্য বয়স, বয়সের দুঃসময়, নিষ্ক্রিয় বয়স, বর্ষীয়াণ, থুড়থুড়ে বুড়ো, থুত্থুড়ে, খুনখুনে, অচলবয়সী, শেষবয়সী, জরাগ্রস্ত ১১:২৭

رَزَقَ [ن] <رزق রিজিক দেওয়া, খাওয়ানো, খোরাক দেওয়া, আহার্য দেওয়া, রুজি দেওয়া, অন্ন দেওয়া, খাবার দেওয়া, খানা খাওয়ানো, ভোগ্যবস্তু দেওয়া, রসদ দেওয়া, ধনসম্পদ দেওয়া ২:৩

رِزْقٌ جل أَرْزَاقٌ রিজিক, উপভোগ্যবস্তু, ভোগ্যবস্তু, খানা, খাদ্য, আহার্য, রুজি, বৃষ্টি, সম্পদ ৮:৪

الرَّازِقُ রিজিকদাতা, আহার্যদাতা ৫:১১৪

خَيْرُ الرَّازِقِينَ সর্বোত্তম রিজিকদাতা, সর্বশ্রেষ্ঠ আহার্যদাতা ৫:১১৪

الرَّزَّاقُ সর্বাধিক রিজিকদাতা, সর্বোত্তম রিজিকদাতা, সর্বশ্রেষ্ঠ আহার্যদাতা ৫১:৫৮

رسخ < رَاسِخٌ সুদক্ষ, পণ্ডিত, পারদর্শী, সুগভীর, বিশেষজ্ঞ, বিচক্ষণ ৩:৮

رسس < الرَّسُّ রস: উপত্যকার নাম, খনি, পুরাতন এক কূপের নাম ২৫:৩৮

أَصْحَاب الرَّسِّ রস-অধিবাসী ২৫:৩৮

رسل < أَرْسَلَ পাঠানো, প্রেরণ করা, রসূল প্রেরণ করা, দূত পাঠানো, রিসালাত দেওয়া, নবী বানানো ২:১১৯

رَسُولٌ ج رُسُلٌ রসূল, নবী, পয়গাম্বর, প্রেরিতপুরুষ, দূত, ফেরেশতা, বার্তাবাহক, সংবাদবাহক, ধর্মপ্রচারক, মুখপাত্র ২:৮৭

رِسَالَة রিসালাত, নবুওয়াত, পয়গাম, বার্তা, সংবাদ, মুখপত্র, সংবাদপত্র, পুস্তিকা, বার্তাবহনের দায়িত্ব ৫:৬৭

مُرْسَلٌ ج، مث الْمُرْسَلاَتِ রসূল, নবী, দূত, প্রেরিত, প্রেরিত পুরুষ, প্রেরিত বায়ু, প্রেরিত ফেরেশতা ৭:৫৯

مُرْسِلٌ مث مُرْسِلَةٌ প্রেরক, প্রেরণকারী ৩৫:২

رسو< أَرْسَى পোঁতা, প্রোথিত করা, গেড়ে দেওয়া, মজবুত করা, পেরেক মারা, স্থাপিত করা, স্থির করা, জলযান নোঙ্গর করা, কায়েম করা, অটল বানানো ৭৯:৩২

مُرْسَا স্থিরতা, স্থিতি, স্থাপন, নোঙ্গর, কায়েম, অনুষ্ঠান, নির্ধারিত সময় ৭৯:৪২

رَوَاسِيَ، رَاسِيَاتٍ و رَاسِيَةٌ স্থিরক, স্থিরকারী পাহাড় পর্বত, অনঢ়পাহাড়, সুদৃঢ় পর্বতমালা, কম্পনরোধক পর্বতমালা ১৩:৩

رشد< [ن] رَشَدَ হেদায়াত লাভ করা, হেদায়াত পাওয়া, সৎপথে চলা, দিশা পাওয়া, সুপথপ্রাপ্ত হওয়া ২:১৮৬

رُشْدٌ، رَشَادٌ مص হেদায়াত, সৎপন্থা, ন্যায়পন্থা, ধর্মপথ, দিশাপ্রাপ্তি, জ্ঞান, পূর্ণজ্ঞান, সঠিকজ্ঞান, বয়োপ্রাপ্তি, বুদ্ধি, সাবলকত্ব ৪০:২৯

رَاشِدٌ হেদায়াত লাভকারী, সৎপথ অবলম্বনকারী, হেদায়াতপ্রাপ্ত, সুপথপ্রাপ্ত ৪৯:৭

رَشِيدٌ হেদায়াতপ্রাপ্ত, ন্যায়পন্থী, নীতিবান, নীতিনিষ্ঠ, আদর্শবান, ভদ্র, সুপথে পরিচালিত, সঠিক, ন্যায্য, উচিত ১১:৭৮

مُرْشِد পথপ্রদর্শক, দিশারী, হেদায়াতকারী, পথের দিশা ১৮:১৭

رصد< أَرْصَادٌ جل رَصَدٌ সীমান্তপ্রহরী, সতর্কপ্রহরী, পাহারাদার, চৌকিদার, ওঁত পেতে রাখা উল্কাপিণ্ড, প্রহরা ৭২:৯

إِرْصَادًا، مَرْصَدٍ، مِرْصَادًا পুলসিরাত, জাহান্নামের সীমান্ত, জাহান্নামের প্রহরাঘাঁটি, ওঁত পেতে বসে থাকার ঘাঁটি ৯:১০৭

رصص< مَرْصُوصٌ সিসাঢালা, বুলেটপ্রুফ, সুদৃঢ়, সজবুত, বজ্রকঠিন, লৌহবৎ, অটল, অবিচল ৬১:৪

رضع< أَرْضَعَت স্তন্যপান করানো, দুগ্ধপান করানো, স্তন্যদান করা, দুধমা হওয়া, ধাইমা হওয়া ২২:২

اسْتَرْضَعَ ধাত্রী নিযুক্ত করা, দুধপান করিয়ে নেওয়া, ধাত্রী রাখা ২:২৩৩

الرَّضَاعَةَ স্তন্যদান করা, দুগ্ধপানের মেয়াদ ২:২৩৩

مُرْضِعَة স্তন্যদানকারিণী, ধাত্রী, ধাইমা, মা, মাতা, জননি, দুধমা, দুধমাতা ২২:২

الْمَرَاضِع দুধপানের স্থান, স্তন্য, ধাত্রী, ধাইমা, দুধমা, দুগ্ধদাত্রী ২৮:১২

رضي< رِضْوَان ،[س] رَضِيَ রাজি হওয়া, তুষ্ট হওয়া, সন্তুষ্ট হওয়া, সম্মত হওয়া, তৃপ্ত হওয়া, খুশি হওয়া, সুপ্রীত হওয়া, অভিপ্রায় জানানো, সায় দেওয়া ৫:৩

أَرْضَى রাজি করা, তুষ্ট করা, সন্তুষ্ট করা, তৃপ্ত করা, খুশি করা, সম্মতি দেওয়া, স্বীকৃতি দেওয়া, সমর্থন করা ৯:৮

تَرَاضٍ ،تَرَاضَى আপোশ করা, অনুমোদন করা, পরস্পরে রাজি হওয়া, পরস্পরে সম্মত হওয়া ৪:২৪

ارْتَضَى রাজি হওয়া, পছন্দ করা, অনুমতি দেওয়া, সন্তুষ্ট হওয়া ২১:২৭

رَاضِيَةٌ সন্তুষ্টচিত্ত, আত্মতুষ্ট, সন্তুষ্ট, খুশি, সুখী, আনন্দময়, আনন্দঘন, বিনোদনপূর্ণ, সানন্দ, উৎফুল্ল ৬৯:২১

رَضِيًّا، مَرْضِيًّا، مَرْضِيَّةً সন্তোষভাজন, পছন্দনীয়, মনোরম, আহ্লাদিত, অনুমোদিত ৮৯:২৮

رِضْوَانٌ، مَرْضَاتَ সন্তুষ্টি, সন্তোষ, সম্মতি, রেজামন্দি, অনুমোদন, অভিপ্রায় ৩:১৫

رطب< رَطْبٌ جل رِطَابٌ তরতাজা, রসাল, টাটকা, আদ্রবস্তু ৬:৫৯

رُطَبٌ جل أَرْطَابٌ রসাল খেজুর, টাটকা পক্ক খেজুর ১৯:২৫

رعب< رُعْبٌ مص ভয়, আতঙ্ক, ক্ষমতা, প্রভাব, প্রতিপত্তি, প্রতাপ, দাপট, মহিমা ৮:১২

رعد< رَعْدٌ جل رُعُوْدٌ র‘দ: মেঘচালনাকারী ফেরেশতার নাম, বজ্র, অশনি, বজ্রধ্বনি, গর্জন, মেঘগর্জন, বজ্রনির্ঘোষ ২:১৯

رعي< رَعَى [ف]، رِعَايَة লক্ষ্য রাখা, রক্ষণাবেক্ষণ করা, তত্ত্বাবধান করা, যত্ন নেওয়া, চরানো ৫৭:২৭

رَاعٍ ج رَاعُونَ، رِعَاءٌ রক্ষক, রাখাল, রক্ষণাবেক্ষণকারী, অভিভাবক, পর্যবেক্ষক, তত্ত্বাবধায়ক ২:১০৪

الْمَرْعَى চারণভূমি, চারণক্ষেত্র, ঘাস, তৃণাদি, লতাপাতা ৮৭:৪

رغب< رَغَبَ [ف]، رَغَبًا আগ্রহ করা, সাধ করা, ইচ্ছা করা, আকাঙ্ক্ষা করা, আশা করা, অভিলাষ করা, অভিপ্রায় করা, স্পৃহা করা, কামনা করা, প্রত্যাশা করা, চাওয়া, পছন্দ করা ৯৪:৮

رَغَبَ عن অনাগ্রহী হওয়া, নিঃস্পৃহ হওয়া, অনীহ হওয়া, বিতৃষ্ণ হওয়া ২:১৩০

رَاغِبٌ আগ্রহী, আশাবাদী, আকাঙ্ক্ষী , আশাবাদী, আকৃষ্ট ৯:৬৯

رَاغِبٌ عن অনাগ্রহী, বিতৃষ্ণ, বিমুখ, নিঃস্পৃহ ১৯:৪৬

رَغَدًا ص <رغد প্রচুর পরিমাণে, পর্যাপ্ত, তৃপ্তিভরে, যথেষ্ট ২:৩৫

مُرَاغَمٌ <رغم ধূলি, স্থান, আশ্রয়স্থল, হিজরতভূমি, প্রবাসালয়, পরদেশ, পরভূমি, ভিন্নস্থান, অন্যত্র ৪:১০০

رُفَاتٌ <رفت চূর্ণবিচূর্ণ, ঝুরিঝুরি, ঝুরঝুরে, ছাতুছাতু, গুড়াগুড়া ১৭:৪৯

رَفَثٌ مص <رفث অশ্লীলতা, স্ত্রীসম্ভোগ, সহবাস, সঙ্গম ২:১৮৭

رِفْدٌ جل رُفُوْدٌ <رفد উপঢৌকন, নিবেদন, সাহায্য, প্রতিফল, উপহার, পুরস্কার, ইনাম ১১:৯৯

مَرْفُودٌ উপহারযোগ্য, অর্পণীয়, নিবেদনীয়, নিবেদনযোগ্য, নৈবেদ্য, নিবেদ্য ১১:৯৯

رَفْرَفٌ جل رَفَارِفُ <رفرف রফরফ: বালিশ ও কোমল গদির মসনদ ৫৫:৭৬

رَفَعَ <رفع উঠানো, উঁচু করা, সুউচ্চ করা, উত্তোলন করা, উপরে তোলা, উন্নত করা, উন্নিত করা, উচ্চাসনে বসানো, গৌরবান্বিত করা, শ্রেষ্ঠত্ব দেওয়া, মর্যাদা দেওয়া, মর্যাদাবান করা ২:২৫৩

رَافِعٌ مث رَافِعَةٌ উচ্চকারী, উঁচুকারী, উন্নিতকারী, উত্তোলনকারী, সমুন্নতকারী, মর্যাদাদাতা, পদমর্যাদাদানকারী ৩:৫৫

رَفِيعٌ সমুন্নতকারী, উন্নতকারী ৪০:১৫

مَرْفُوعٌ مث مَرْفُوعَةٌ উচ্চ, সুউচ্চ, উন্নত, উন্নিত, উত্তোলিত ৫২:৫

رَفِيقٌ جل رُفَقَاءُ رفق< বন্ধু, সখা, বান্ধব, আন্তরিক, আন্তরিকতায়, বন্ধুহিসাবে ৪:৫৯

مِرْفَقٌ ج مَرَافِقُ সাহায্যসূত্র, বন্ধুত্বের মাধ্যম, সহযোগিতার উপায়, কনুই, হাতের কনুই ১৮:১৬

مُرْتَفَقٌ সাহায্যের স্থান, আশ্রয়, বিশ্রামাগার ৫:৬

رَقَبَ [ن]، تَرَقَّبَ، ارْتَقَبَ رقب< অপেক্ষা করা, প্রতীক্ষা করা, নিরীক্ষণ করা, পর্যবেক্ষণ করা, দৃষ্টিনিবদ্ধ করা, তীক্ষ্ণদৃষ্টি রাখা, লক্ষ করা, অবলোকন করা, গ্রাহ্য করা, ভ্রুক্ষেপ করা, রক্ষা করা ৯:৮

رَقِيبٌ جل رُقَبَاءُ অপেক্ষমাণ, নিরীক্ষক, পর্যবেক্ষক, অপেক্ষমাণ প্রহরী, সতর্ক প্রহরী, রকীব: আল্লাহর নাম ৪:১

مُرْتَقِبٌ অপেক্ষমাণ, প্রতীক্ষমাণ ৪৪:৫৯

رَقَبَة ج رِقَابٌ ঘাড়, গরদান, গ্রীবা, কন্ধর, শিরোধি, দাস, ক্রীতদাস, গোলাম, বাঁদী, দাস-দাসী ৪:৯২

رُقُودٌ و رَاقِدٌ رقد< ঘুমন্ত, নিদ্রিত, নিদ্রামগ্ন, নিদ্রাচ্ছন্ন, ঘুমকাতর ১৮:১৮

مَرْقَدٌ নিদ্রালয়, শয়নকক্ষ, কবর, সমাধি, কবরস্থান, চিরশয্যা, বিছানো, শয্যা ৩৬:৫২

رقق< رُقُوْقٌ جل رَقٌّ কাগজ, চামড়ার কাগজ, চর্মপত্র ৫২:৩

رَقٍّ منشور প্রসারিত চর্মপত্র, লাওহে মাহফুজ ৫২:৩

رقم< الرَّقِيمِ। লিখিত ফলক, প্রস্তরে খোদিত বিবরণ, রকীম: এক স্থানের নাম ১৮:৯

مَرْقُومٌ লিখিত, প্রস্তরে লিখিত, খোদাইকৃত ফলক, লিপিফলক, , শিলালিপি ৮৩:৯

رقي< إِرْتَقَى، رُقِيٌّ، [س] رَقِيَ আরোহণ করা, উর্ধ্বারোহণ করা, চড়া, উপরে ওঠা ১৭:৯৩

رَاقٍ ঝাড়ফুঁককারী, ওঝা, মন্ত্রপাঠক, চিকিৎসক, ডাক্তার ৭৫:২৭

تَرْقُوَةٌ و التَّرَاقِيُ। গলার হাড়, কণ্ঠাস্থি, কণ্ঠনালী, শ্বাসনালীর উপরের অংশ ৭৫:২৬

ركب< [س] رَكِبَ আরোহণ করা, চড়া, চেপে বসা, সোয়ার হওয়া, বাহন বানানো ২৯:৬৫

رَكَّبَ গঠন করা, বিন্যস্ত করা, জোড়া দেওয়া, অঙ্গ মিলানো ৮২:৮

مُتَرَاكِبٌ সংযুক্ত, মিলিত, যুগ্ম, বিজড়িত ৬:৯৯

رَاكِبٌ و رُكْبَانٌ؛ رُكُوْبٌ جل رَكْبٌ আরোহী, আরোহণকারী, যাত্রী, সোয়ার, যাত্রীদল, কাফেলা ৮:৪২

رَكُوبٌ، رِكَابٌ বাহন, আরোহণের উট, আরোহণী ৫৯:৯

ركد< رَاكِدٌ و رَوَاكِد অচল, স্থির, নিশ্চল, অবরুদ্ধ, গতিহীন, শ্রোতহীন, নিথর ৪২:৩৩

ركز< رِكْزٌ মৃদুস্বর, সাড়াশব্দ, অনুচ্চকণ্ঠ, ক্ষীণকণ্ঠ, স্বল্পাওয়াজ, ভনভনানি ১৯:৯৮

ركس< أَرْكَسَ ঘুরিয়ে দেওয়া, উল্টে দেওয়া, ফিরানো, রত করা, লিপ্ত করা, নিপতিত করা ৪:৮৮

ركض< رَكَضَ দৌড়নো, দ্রুত চলা, দৌড়ে পালানো, পালানো, পলায়নপর হওয়া, পলায়ন করা, চম্পট দেওয়া, ভেগে পড়া, পা চালানো, পদাঘাত করা, লাথি মারা, পা ফেলা ২১:১২

ركع< [ف] رَكَعَ মাথা ঝোঁকানো, মাথা নোয়ানো, নত হওয়া, রুকু করা, নামাজ পড়া ৭৭:৪৮

رَاكِعٌ ج رُكَّعٌ রুকুকারী, নামাজি, নামাজ আদায়কারী ২:৪৩

ركم< [ن] رَكَمَ একত্র করা, স্তুপীকৃত করা, পুঞ্জিত করা, পুঞ্জীভূত করা, রাশীকৃত করা ৮:৩৭

رُكَامٌ، مَرْكُومٌ পুঞ্জীভূত, একত্র, স্তরে স্তরে সন্নিবেশিত, স্তরবিশিষ্ট ২৪:৪৩

ركن< [ف] رَكَنَ ঝোঁকা, আকৃষ্ট হওয়া, ধাবিত হওয়া ৪:১২

رُكْنٌ جل أَرْكَانٌ যার প্রতি সবাই ঝুঁকে থাকে, স্তম্ভ, খুঁটি, প্রতাপ, ভাবমর্যাদা, ক্ষমতা, সভাসদ, পাত্রমিত্র ১১:৮০

رمح< رِمَاحٌ و رُمْحٌ বর্শা, বল্লভ, বল্লম, নেজা ৫:৯৪

رمد< رَمَادٌ جل أَرْمِدَةٌ ছাই, ভস্ম, ছার, খাক, ছাইপাঁশ ১৪:১৮

رَمْزٌ جل رُمُوْزٌ <رمز ইশারা, আকার, ইঙ্গিত, সঙ্কেত ৩:৪১

رَمَضَانَ <رمض রমজান : হিঃ নবম মাস, রোজার মাস ২:১৮৫

رَمِيمٌ ص <رمم পুরাতন হওয়ার কারণে প্রতিটি জোড়া আলাদা হয়ে খুলে পড়া, ঝুরঝুরে অস্থি, ক্ষয়প্রাপ্ত হাড়, বিগলিত, জীর্ণশীর্ণ, চূর্ণবিচূর্ণ, ঝুরিঝুরি, ঝুরঝুরে, ছাতুছাতু, গুড়াগুড়া ৩৬:৭৮

رُمَّانٌ اج <رمن আনার, ডালিম, দাড়িম্ব, বেদানা ৬:৯৯

رَمَى [ض] <رمي নিক্ষেপ করা. ছুড়ে মারা, আন্দাজে কথা বলা, অপবাদ দেওয়া, দোষারোপ করা ৮:১৭

أَرَاحَ <روح বিকেলে ফিরিয়ে আনা, সন্ধায় ফিরিয়ে আনা ১৬:৬

رَوَاحٌ বিকেল ভ্রমণ, সন্ধায় ভ্রমণ, সান্ধ্যবিহার, বিকালের গতিপথ ৩৪:১২

رَوْحٌ স্বাচ্ছন্দ্য, সুখ, আনন্দ, বিনোদন, দয়া, অনুগ্রহ রহমত, করুণার বায়ু, সুশীতল বায়ু ১২:৮৭

رَيْحَانٌ جل رَيَاحِيْنُ রাইহান ফুল, সুবাস, সুঘ্রাণ, রিজিক ৫৬:৮৯

رُوحٌ جل أَرْوَاحٌ রূহ, আত্ম, প্রাণ, প্রাণশক্তি, মহাপ্রাণ, ওহী, কুরআন, ফেরেশতা ১৭:৮৫

رُوحُ القدس জিবরাইল আলাইহিস সালামের উপাধি, পবিত্রাত্মা ১৬:২

رِيحٌ ج الرِّيَاحُ বাতাস, বায়ু, হাওয়া, সমীরণ, শক্তি, সাহস, শ্বাস ১০:২২

رود< أَرَادَ কামনা করা, চাওয়া, অভিপ্রায় করা, আকাঙ্ক্ষা করা, মনস্থ করা ২:২৬

رَاوَدَ ফুসলানো, অভিপ্রেত করা, ইচ্ছানুরূপ করা, আশাবদ্ধ করা ১২:২৬

رُوَيْدًا ইচ্ছামত চলতে দাও, সুযোগ দাও, অবকাশ দাও ৮৬:১৭

روض< رَوْضَاتٌ ج رَوْضَة বাগান, উদ্যান, কানন, কুঞ্জ, বাগিচা ৩০:১৫

روع< مص رَوْعٌ ভয়, ভীতি, শঙ্কা, ত্রস্ততা ১১:৭৪

روغ< [ن] رَاغَ গোপনে প্রবেশ করা, চুপিসারে প্রবেশ করা, যাওয়া, ঢোকা, গোপনে আক্রমণ করা, হানা দেওয়া, ঝাপিয়ে পড়া ৩৭:৯১

روم< الرُّومُ রোম নগরী, ইটালির রাজধানী, রোমান, ইটালিয়ান, গ্রীক ৩০:২

رهب< [ف] رَهَبَ ভয় করা, ভয় পাওয়া, পরোয়া করা ২:৪০

أَرْهَبَ، اسْتَرْهَبَ ভয় দেখানো, ভীতিপ্রদর্শন করা, হুমকি দেওয়া, ত্রাস সৃষ্টি করা, ভীত বানানো ৮:৬০

مص رَهَبٌ، رَهْبَةٌ، رَهْبٌ ভয় করা, আশঙ্কা, উদ্বেগ, উৎকণ্ঠা, উচাটন ২৮:৩২

رُهْبَانٌ و رَاهِبٌ গম্ভীর, খৃষ্টান তপস্বী, বিশপ, রাহিব, পাদ্রী, তাপস, সন্ন্যাসী, বৈরাগী, বিরাগী, সংসারত্যাগী, যোগী, ঋষি, মুনি, সাধু ৫:৮২

رَهْبَانِيَّةٌ বৈরাগ্য, সর্বত্যাগ, তাপস্য, উপরতি ৫৭:২৭

رَهْطٌ جل أَرْهَاطٌ <رهط পরিবার, সম্প্রদায়, দল, জামাত, জনসমষ্টি ১১:৯১

رَهَقَ [ف] <رهق আচ্ছন্ন করা, আবৃত করা, ছেয়ে ফেলা, পেয়ে বসা, আপতিত হওয়া ১০:২৬

أَرْهَقَ বিপদে ফেলা, বিপদগ্রস্ত করা, আপতিত করা, কঠোরতা করা, বাড়াবাড়ি করা ১৮:৭৩

رَهَقًا বিপদাচ্ছন্ন হওয়া, বিপদ, জুলুম, অন্যায় ৭২:৬

رَهِينٌ، رَهِينَةٌ <رهن রেহান, আবদ্ধ, বন্ধক, বন্ধকী, রেহানাবদ্ধ, জামিন, দায়িত্বশীল, দায়ী, পণবন্দী, বন্ধকস্বরূপ ৫২:২১

رِهْنٌ و رِهَانٌ বন্ধক রাখা, বন্ধক, জামিন, বন্ধকী সম্পদ ২:২৮৩

رَهْوٌ مص <رهو শান্ত, নিশ্চল, স্থির, নিস্তরঙ্গ, তরঙ্গহীন ৪৪:২৪

ارْتَابَ <ريب। সন্দেহ করা, সন্দেহে পড়া, সন্দিহান হওয়া, দ্বিধাগ্রস্ত হওয়া, সন্দিগ্ধ হওয়া, সংশয়ান্বিত হওয়া ২৯:৪৮

رَيْبٌ، رِيبَةً সন্দেহ, সংশয়, অবিশ্বাস, সন্দিগ্ধতা, অস্পষ্টতা, ধাঁধা ২:২

مُرِيبٌ দ্বিধাসৃষ্টিকারী, সন্দিহানকারী, সন্দিগ্ধকারী, সন্দেহসৃষ্টিকারী, সংশয়াপন্নকারী, সন্দেহজাগ্রতকারী ১১:৬২

مُرْتَابٌ সন্দেহকারী, সংশয়ী, সন্দিহান ৪০:৩৪

رِيشٌ جل رِيَاشٌ <ريش সৌন্দর্যের পোশাক, সাজসজ্জার বস্ত্র, সম্পদ, সৌন্দর্য, জামজমকতা, জৌলুশতা, আড়ম্বরতা ৭:২৬

رِيعٌ و رِيْعَةٌ <ريع টিলা, পাহাড়, পর্বত, মালভূমি, উচ্চস্থান ২৬:১২৮

رَانَ [ض] <رين মরিচা ধরানো, জং ধরানো, ঘুনে ধরানো, কলুষিত করা ৮৩:১৪

[৪২] زاء

زَبَدٌ جل أَزْبَادٌ <زبد ফেনা, গাদ, গ্যাঁজলা, গাঁজ, কাইট ১৩:১৭

زَبُورٌ ج زُبُرٌ<زبر জাবুর: দাউদ আলাইহিস সালামের উপর অবতীর্ণ কিতাব, ফলকে লিখিত কিতাব, গ্রন্থ, পুস্তক ২১:১০৫

زُبُرٌ و زُبْرَةٌ টুকরা টুকরা, খণ্ড খণ্ড, খণ্ডবিখণ্ড, দল ২৩:৫৩

زُبَرٌ و زُبْرَةٌ লোহার পাত, লৌহখণ্ড ১৮:৯৬

الزَّبَانِيَةَ <زبن জাহান্নামের ফেরেশতা, শাস্তির ফেরেশতা ৯৬:১৮

زُجَاجَةٌ جل زُجَاجٌ <زجج কাঁচ, কাচ, শিশা ২৪:৩৫

ازْدَجَرَ <زجر ধমক দেওয়া, ধমকি দেওয়া, ঝাড়ি মারা ৫৪:৯

مُزْدَجَرٌ ধমক, ধমকি, তিরস্কার, উপদেশ, ধমকির জায়গা ৫৪:৪

زَجْرٌ، زَجْرَةٌ ধমক, একধমক, সতর্ক করা ৩৭:২

الزَّاجِرَاتِ সতর্ককারী, ধমকদাতা, প্রতিরোধকারী ৩৭:২

أَزْجَى <زجو চালানো, চালিত করা, পরিচালনা করা ১৭:৬৬

مُزْجَاةٌ অল্প, অপর্যাপ্ত, সামান্য, নগণ্য, অচলমুদ্রা ১২:৮৮

زحزح> زَحْزَحَ অপসারণ করা, বিদূরণ করা, অপসারিত হওয়া **৩:১৮৫**

مُزَحْزِحٌ অপসারণকারী, বিদূরণকারী **২:৯৬**

زحف> زُحُوْفٌ جل زَحْفٌ যুদ্ধ, রণাঙ্গন **৮:১৫**

زخرف> زَخَارِفُ جل زُخْرُفٌ সজ্জিত, অলঙ্কৃত, স্বর্ণখচিত, স্বর্ণের, সোনালী **৬:১১২**

زرب> زَرْبِيَّةٌ و زَرَابِيُّ গালিচা, কার্পেট, মখমল **৮৮:১৬**

زرع> [ف] زَرَعَ চাষাবাদ করা, ফসল ফলানো, বীজ বপন করা, রোপণ করা **১২:৪৭**

زُرَّاع ،زَارِعٌ চাষী, কিষাণ, বপনকারী, কৃষক **৪৮:২৯**

زُرُوعٌ ج زَرْعٌ চাষাবাদ, কৃষি আবাদ, ক্ষেত, শস্যক্ষেত, ফসল, শস্য **১৩:৪**

زرق> أَزْرَقٌ جل زُرْقٌ নীলচোখবিশিষ্ট, দৃষ্টিহীন, অন্ধাবস্থা **২০:১০২**

زري> اِزْدَرَى ঘৃণা করা, তুচ্ছ ভাবা, তাচ্ছিল্য করা, লাঞ্ছিত মনে করা **১১:৩১**

زعم> زَعْمٌ ،[ن] زَعَمَ ধারণা করা, মনে করা, অনুমান করা, দাবি করা, বলা **৬:২২**

زُعَمَاءُ جل زَعِيمٌ দায়িত্বশীল, জিম্মাদার, দায়ীক, ভার গ্রহণকারী **১২:৭২**

زفر> مص زَفِيرٌ দীর্ঘ নিঃশ্বাস, আর্তনাদ, কাতরকণ্ঠ, কাতরানি **১১:১০৬**

زفف> [ض] زَفَّ দৌড়ানো, তরা করা ৩৮:৯৪

زقم> زَقُّومٌ জাক্কুম: জাহান্নামের বিস্বাদ তিক্তফলের কণ্টকাকীর্ণ বিষাক্ত গাছ ৩৭:৬২

زكر> زَكَرِيَّا জাকারিয়া আলাইহিস সালাম ৩:৩৭

زكي> ازَّكَّى، تَزَكَّى، زَكَاةً، [ن] زَكَى পবিত্র হওয়া, জাকাত দেওয়া, শোধিত হওয়া ২৪:২১

زَكَّى পবিত্র করা, সংশোধিত করা, আত্মশুদ্ধি করা, নিষ্পাপ দাবি করা, নিষ্কলুষ মনে করা, কলঙ্কমুক্ত ভাবা, সংশোধিত মনে করা ৯১:৯

أَزْكَى বিশুদ্ধতর, বিশুদ্ধকারক, পবিত্রকারক, শুদ্ধতর, অধিক শুদ্ধিকর, অতিপূত, অধিক পবিত্র ২:২৩২

زَكِيَّةً مث زَكِيٌّ পবিত্র, নিষ্পাপ, নিষ্কলুষ ১৯:১৯

زَكَوَاتٌ جل الزَّكَاة পবিত্রতা, জাকাত, মালের পবিত্রতা, সম্পদের শোধনী ২:৪৩

زلزل> زَلْزَلَة، زِلْزَالٌ، زَلْزَلَ কম্পন হওয়া, ভূকম্পন হওয়া, ভূমিকম্প হওয়া, ভূস্পন্দন হওয়া, প্রকম্পিত হওয়া ২২:১

زلف> أَزْلَفَ নিকটবর্তী করা, কাছে আনা, ঘনীভূত করা ২৬:৬৪

زُلَفٌ ج زُلْفَةً প্রথমাংশ, শুরুভাগ, সূচনালগ্ন, নিকটবর্তী সময় ৬৭:২৭

زُلْفَى অধিক নিকটবর্তী, নৈকট্য, পদমর্যাদা ৩৪:৩৭

زلق> أَزْلَقَ পিছলে ফেলে দেওয়া, বদনজর লাগানো, পদস্খলিত করা ৬৮:৫১

مص زَلَقٌ পিচ্ছিলভূমি, মরুভূমি, বৃক্ষলতাহীন জমিন ১৮:৪০

زلل> [ض] زَلَّ পিছলে পড়া, পদস্খলিত হওয়া ২:২০৯

أَزَلَّ পদস্খলিত করা, পিছলে ফেলা ২:৩৬

اسْتَزَلَّ পদস্খলন কামনা করা, ফেলতে চাওয়া ৩:১৫৫

زلم> زَلَمٌ و أَزْلَامٌ তীর, ভাগ্য, ভাগ্যতীর ৫:৩

زمر> زُمْرَةٌ و زُمَرٌ দলেদলে, বহুদলে, জামাতবদ্ধভাবে ৩৯:৭১

زمل> مُزَّمِّلٌ চাদর মুড়িয়ে শয়নকারী, আবরণে ঢাকা, আবৃত, চাদরাবৃত, বস্ত্রাবৃত ৭৩:১

زمهر> زَمْهَرِيرٌ শৈত্যপ্রবাহ, প্রচণ্ড শীত, কনকনে শীত ৭৬:১৩

زنجبل> زَنجَبِيلٌ জানজাবিল: জান্নাতের নহর, শুকনো আদা, শুষ্কাদ্র, আদার শুঁঠ, আদ্রক ৭৬:১৭

زنم> زَنِيمٌ জারজ সন্তান, পিতৃপরিচয়হীন, হারামজাদা, কুখ্যাত, অপবাদগ্রস্ত, নিন্দিত ৬৮:১৩

زني> الزِّنَى ،[ض] زَنَى ব্যভিচার করা, জেনা করা, অপমিলন ১৭:৩২

الزَّانِيَةُ مث الزَّانِي ব্যভিচারী, জেনাকারী, ব্যভিচারিণী, বেশ্যা, গণিকা, বারাঙ্গনা ২৪:২

زوج> زَوَّجَ জোড়া মিলানো, যুগল বানানো, মিলন ঘটানো, বিবাহ করানো, শাদি দেওয়া, বিয়ে দেওয়া ৩৩:৩৭

زَوْجٌ ج أَزْوَاجٌ জোড়া, একজোড়া, একরকম, যুগল, দম্পতি, স্বামী-স্ত্রী, পতিপত্নী, সঙ্গিনী, সহধর্মিণী, স্ত্রী, অপ্সরা ৪:২০

زود> تَزَوَّدَ পাথেয় নেওয়া, পথখরচা নেওয়া ২:১৯৭

زَادٌ جل أَزْوَادٌ، أَزْوِدَةٌ পাথেয়, পথখরচা, পথের সম্বল ২:১৯৭

زور> [ن] زَارَ যিয়ারত করা, সাক্ষাত করা, দেখা, দেখতে পাওয়া ১০২:২

تَزَاوَرَ পাশ কেটে যাওয়া, মোড় নেওয়া, বাঁকা হয়ে যাওয়া, বাঁকিয়ে যাওয়া, ঘুরে যাওয়া ১৮:১৭

زُورٌ ص মিথ্যা কথা, অসত্য কথা, বানাওয়াট ২২:৩০

زول> زَوَالٌ ،[ن] زَالَ স্থানচ্যুত হওয়া, সরে যাওয়া, টলে যাওয়া, ঢলে পড়া ১৪:৪৪

زهد> زَاهِدٌ নিরাসক্ত, অনাগ্রহী, দরবেশ, তাপস, সাধক, সংসারত্যাগী, সন্ন্যাসী ১২:২০

زهر> زَهْرٌ جل زَهْرَةٌ ফুলের বাহার, সুষমা, বসন্তবাহার, ফুলশোভা, সৌন্দর্য, চাকচিক্য, জৌলুশ, জাকজমক ২০:১৩১

زهق> زَهُوقًا ،[ف] زَهَقَ ধ্বংস হওয়া, বিলীন হওয়া, নির্মূল হওয়া, বিতাড়িত হওয়া, বিদূরিত হওয়া, ধ্বংসশীল হওয়া, অপসৃত হওয়া ১৭:৮১

زَاهِقٌ ধ্বংসশীল, ধ্বংসোন্মুখ, বিলীন, অপসৃয়মাণ, বিলীয়মান, নির্মূল, চুরমার ২১:১৮

زيت> زَيْتٌ জইতুনের তেল, তেল, তৈল ২৪:৩৫

الزَّيْتُونَ، زَيْتُونَة জইতুন, জলপাইফল, জলপাইগাছ ৬:৯৯

<زيد ازْدَادَ، زِيَادَةٌ، [ض] زَادَ বাড়া, বেড়ে যাওয়া, বৃদ্ধি পাওয়া, বর্ধিত হওয়া, অধিক হওয়া, বৃদ্ধি করা, বাড়ানো, বাড়িয়ে দেওয়া ৯:৩৭

مَزِيدٌ অতিরিক্ত, অধিক, রিজার্ভ, আরও, বেশি ৫০:৩০

زَيْدٌ জায়েদ রা. ৩৩:৩৭

<زيغ زَيْغٌ، [ض] زَاغَ বক্র হওয়া, পথচ্যুত হওয়া, বিমুখ হওয়া, বিভ্রম হওয়া, দৃষ্টিবিভ্রাট ঘটা ৫৩:১৭

أَزَاغَ বক্র করা, পথচ্যুত করা, বিমুখ করা, বিভ্রম করা, বিভ্রাট ঘটানো ৬১:৫

مص زَيْغٌ বক্রতা, জটিলতা, সন্দেহ ৩:৭

<زيل [س] زَالَ দূর হওয়া, পৃথক হওয়া, আলাদা হওয়া, ক্ষান্ত হওয়া, নিরস্ত হওয়া; সর্বদা থাকা, স্থির থাকা, চলতে থাকা, ক্ষান্ত না হওয়া ২১:১৫

زَيَّلَ পৃথক করা, বিচ্ছেদ ঘটানো ১০:২৮

تَزَيَّلَ পৃথক থাকা, দূরে থাকা, সরে যাওয়া, আলাদা হওয়া ৪৮:২৫

<زين زَيَّنَ সাজানো, সজ্জিত করা, সাজিয়ে রাখা, পরিপাটি করা, সাজসজ্জা করা, অলঙ্কৃত করা, সুন্দর-সুষমামণ্ডিত করা ৬:৪৩

ازَّيَّنَ সজ্জিত হওয়া, অলঙ্কৃত হওয়া, সুন্দর-সুষমাপূর্ণ হওয়া, শ্যামল হওয়া ১০:২৪

زِينَةٌ সৌন্দর্য, সুষমা, সাজসজ্জা, অলঙ্কার, ভূষণ, আভরণ, প্রসাধনী, পারিপাট্য, অনাবিলতা, পোশাক-পরিচ্ছদ ৭:৩২

سين [১১০]

سَ অচিরেই, অতিসত্বর, শীঘ্রই, দ্রুত, এখনি, তাড়াতাড়ি, এইমাত্র, শবেমাত্র, আশু, অনতিবিলম্বে ৭৮:৪

سأل> سُؤَالٌ ،[ف] سَأَلَ জিজ্ঞাসা করা, জিজ্ঞেস করা, জানতে চাওয়া, প্রশ্ন করা, কৌতুহল প্রকাশ করা, চাওয়া, যাচনা করা, প্রার্থনা করা, আশা করা, কামনা করা, দাবি করা ৩৮:২৪

سُؤْلٌ দাবি, যাচনা, প্রার্থনীয়, চাহিদা, কাম্যবস্তু, দাবি ২০:৩৬

سَائِلٌ যাচনাকারী, প্রার্থী, ভিক্ষুক, প্রশ্নকারী, জিজ্ঞাসু, জিজ্ঞাসক, কৌতুহলী, অনুসন্ধিৎসু, দাবিদার ৭০:১

مَسْئُولٌ প্রার্থিত, কাম্য, জিজ্ঞাসিত, প্রশ্নের সম্মুখিন ১৭:৩৪

سأم> [ف] سَئِمَ অতিষ্ঠ হওয়া, ক্লান্ত হওয়া, বিরক্ত হওয়া, বিরাগভাজন হওয়া ২:২৮২

سبأ> سَبَأٌ ইয়ামনের সাবা সম্প্রদায়, সাবা শহর, সাবার অধিবাসী ২৭:২২

سبب> [ن] سَبَّ গালি দেওয়া, মন্দ বলা, গালমন্দ করা ৬:১০৮

سَبَبٌ ج أَسْبَابٌ উপায়, উপকরণ, মাধ্যম, রশি, দড়ি, রজ্জু ১৮:৮৫

سَبَتَ [ض]، سُبَاتًا <سبت বিশ্রাম করা, আরাম করা, শনিবারে উৎসব করা, শনিবারপালন করা ৭:১৬৩

سَبْتٌ جل سُبُوْتٌ শনিবার, বিশ্রামদিবস ২:৬৫

سَبَحَ [ف]، سَبْحًا <سبح কর্মব্যস্ত হওয়া, কাজে রত হওয়া, সন্তরণ করা, সাঁতার কাটা, অবিরত চলা, সন্তরণ ২১:৩৩

سَبَّحَ، تَسْبِيحٌ 'সুবহানাল্লাহ' বলা, তাসবীহ জপা, আল্লাহর গুণগান করা, 'আল্লাহ পূতপবিত্র' বলা, গুণকীর্তন করা, তাসবীহ পড়া, পবিত্রতা ঘোষণা করা, মহিমাকীর্তন করা, নামাজ পড়া ২৪:৪১

السَّابِحَاتِ দ্রুতচলমান, দ্রুতধাবমান, সন্তরণকারী ৭৯:৩

سُبْحَان মহিমাময়, পূতপবিত্র, অতিপবিত্র, নিষ্কলুষ, নিষ্কলুষতা বা পবিত্রতা ঘোষণা করা ২:৩২

الْمُسَبِّحُ তাসবীহ পাঠকারী, পবিত্রতা ঘোষণাকারী, গুণকীর্তনকারী ৩৭:১৬৬

أَسْبَاطٌ و سِبْطٌ <سبط নাতি-নাতনী, গোত্র, বংশ, ইহুদিজাতি ২:১৩৬

سَبْعٌ مث سَبْعَةٌ <سبع সাত, সপ্ত ২:২৯

سَبْعُونَ সত্তর, সপ্ততি ৬৯:৩২

سَبُعٌ جل سِبَاعٌ হিংস্র প্রাণী, বন্যপশু ৫:৩

أَسْبَغَ <سبغ পূর্ণ করে দেওয়া, ভরে দেওয়া, ভরপুর করে দেওয়া ৩১:২০

سَابِغَاتٍ و سَابِغَةٌ প্রশস্ত লৌহবর্ম ৩৪:১১

سَبَقَ [ض]، سَبْقًا >سبق অগ্রীম হওয়া, আগে হওয়া, অগ্রগামী হওয়া, অগ্রবর্তী হওয়া, অগ্রসর হওয়া, আগে যাওয়া, আগে বেড়ে যাওয়া ৭৯:৪

سَابَقَ، اسْتَبَقَ দৌড়ে চলা, দৌড়ে যাওয়া, দৌড়াদৌড়ি করা, তরা করা, প্রতিযোগিতা করা, প্রতিদ্বন্দ্বিতা করা ৫৭:২১

سَابِقٌ ج، مث سَابِقَاتِ অগ্রগামী, অগ্রবর্তী, অগ্রসরমান, বিজয়ী ৩৫:৩২

مَسْبُوقٌ পশ্চাদ্বর্তী, পরাজিত ৫৬:৬০

سَبِيلٌ ج سُبُلٌ >سبل পথ, রাস্তা, সড়ক, সরণি, বীথি, পন্থা, উপায়, রাস্তাঘাট ৫:১২

سِتَّةِ >ستت ছয়, ষড়, ষষ্ঠ ৭:৫৪

سِتِّينَ ষাট, ষষ্টি ৫৮:৪

اسْتَتَرَ >ستر আবৃত করা, গোপন করা, আড়াল করা, লুকানো, আত্মগোপন করা ৪১:২২

سِتْرٌ جل أَسْتَارٌ আবরণ, পর্দা, যবনিকা, আচ্ছাদন, ঘোমটা ১৮:৯০

مَسْتُورًا আবৃত, গুপ্ত, আচ্ছাদিত, সুপ্ত ১৭:৪৫

سَجَدَ [ن]، السُّجُودِ >سجد সেজদা করা, মাথা নত করা, নামাজ পড়া, বন্দেগি করা, ইবাদত করা ২:৩৪

سَاجِدٌ ج سُجَّدٌ، سُجُودٌ সেজদাকারী, নামাজি, সেজদারত, মাথা নতকারী, নামাজ আদায়কারী, উপাসনাকারী, ইবাদতগুজার ৩৯:৯

مَسْجِدٌ ج مَسَاجِدُ মসজিদ, সিজদালয়, সিজদার স্থান, ইবাদতখানা ২:১৪৪

<سجر سَجَّرَ، أَسْجَرَ অগ্নিপূর্ণ করা, আগুন ধরানো, দাহ করা, অগ্নিসংযোগ করা, পোড়ানো, প্রজ্বলিত করা, পূর্ণ করা, ভর্তি করা, তরঙ্গায়িত করা, বন্যা বয়ে দেওয়া ৪০:৭২

مَسْجُورٌ অগ্নিময়, প্রজ্বলিত, অগ্নিপূর্ণ, জাহান্নামের অগ্নিগর্ভ, অশান্ত প্লাবন, উত্তাল ৫২:৬

<سجل السِّجِلُّ পুস্তিকা, দলীল, নথি ২১:১০৪

سِجِّيلٌ নাম লিখা পাথর, নথিকৃত প্রস্তরখণ্ড, কঙ্কর, পাথর ১১:৮২

<سجن [ن] سَجَنَ বন্দী রাখা, জেলে ঢোকানো, কারাগারে প্রেরণ করা ১২:৩৫

مَسْجُونٌ বন্দী, কয়েদি, আবদ্ধ ২৬:২৯

سِجْنٌ جل سُجُوْنٌ জেল, কারাগার, বন্দীশালা, কয়েদখানা, জেলখানা ১২:৩৩

سِجِّينٌ সিজ্জীন: পাপাত্মার বন্দীশালা, জাহান্নামের নিম্নতম স্থান ৮৩:৭

<سجو [ن] سَجَى অন্ধকার হওয়া, আঁধার হওয়া, অন্ধকারাচ্ছন্ন হওয়া, আবরিত হওয়া, ছেয়ে যাওয়া, ঢাকা পড়া, নিঝুম হওয়া, গভীর হওয়া ৯৩:২

<سحب [ف] سَحَبَ টেনে আনা, হেঁছড়ানো ৪০:৭১

سَحَابٌ و سَحَابَةٌ টেনে আনা মেঘ, ঘনায়মান মেঘপুঞ্জ, মেঘ, জলধর, নীরধ ২:১৬৪

سحت< أَسْحَتَ ধ্বংস করা, বিনাশ করা, বিলীন করা, লণ্ডভণ্ড করা, বিধ্বস্ত করা ২০:৬১

سُحْتٌ جل أَسْحَاتٌ ধ্বংসাত্মক, হারাম, কালোটাকা, অবৈধ সম্পদ, ধ্বংসাত্মক মালামাল ৫:৪২

سحر< [ف] سَحَرَ জাদু করা, জাদুগ্রস্ত করা ৭:১১৬

سِحْرٌ جل أَسْحَارٌ، سُحُوْرٌ জাদু, জাদুবিদ্যা, ইন্দ্রজাল, ভেলকি, মায়াবিদ্যা ২:১০২

سَاحِرٌ ج سَحَرَةٌ জাদুকর, ভেলকিবাজ, ঐন্দ্রজালিক, মায়াবী ১০:২

سَحَّارٌ বিজ্ঞজাদুকর, জাদুবিদ, জাদুপারদর্শী, জাদুবিশেষজ্ঞ ২৬:৩৮

مَسْحُورٌ، الْمُسَحَّرُ জাদুগ্রস্ত, মায়ামুগ্ধ ১৫:১৫

سَحَرٌ ج أَسْحَارٌ শেষরাত্র, নিশান্তক, সাহরির সময় ৫৪:৩৪

سحق< سُحْقًا দূর হোক, দূরে থাক ৬৭:১১

سَحِيقٌ দূরবর্তী, বহুদূর, দূরদূরান্ত ২২:৩১

إِسْحَاق ইসহাক ইবন ইবরাহীম আলাইহিস সালাম ২:১৩৩

سحل< سَاحِلٌ جل سَوَاحِلُ কিনারা, তট, সৈকত, বেলাভূমি, সমুদ্রের তীর, বীচ ২০:৩৯

سخر< [س] سَخِرَ ঠাট্টা করা, উপহাস করা, বিদ্র*f*প করা, ব্যঙ্গ করা ৯:৭৯

سَخَّرَ অনুগত বানানো, বশীভূত করা, সেবায় নিয়োজিত করা, নিয়মের অধীন করা, হুকুমের তাবেদার বানানো, আজ্ঞানুবর্তী করা ১৩:২

اسْتَسْخَرَ ঠাট্টা করতে চাওয়া, উপহাস করা, ব্যঙ্গ করা, বিদ্র*f*প করা, ইয়ারকি করা, মজাক করা ৩৮:১৪

سَاخِرٌ উপহাসকারী, ঠাট্টাকারী, বিদ্র*f*পকারী

سُخْرِيًّا، سِخْرِيًّا ঠাট্টার পাত্র, উপহাস্য, উপহাসের পাত্র, সেবক, কর্মী, বিদ্র*f*প ২৩:১১০

مُسَخَّرٌ অনুগত, সেবায় নিয়োজিত, হুকুমের তাবেদার, আজ্ঞানুবর্তী ২:১৬৪

<سخط [س] سَخِطَ অসন্তুষ্ট হওয়া, রুষ্ট হওয়া, ক্ষুব্ধ হওয়া, নাখোশ হওয়া, রাগান্বিত হওয়া, রাগা, রেগে যাওয়া ৫:৮০

أَسْخَطَ বিরক্ত করা, রাগানো, রুষ্ট করা, ক্ষুব্ধ করা, ক্রুদ্ধ করা, অসন্তুষ্ট করা, নাখোশ করা, রাগিয়ে দেওয়া ৪৭:২৮

سَخَطٌ অসন্তুষ্টি, নাখোশ, অসন্তোষ, ক্ষোভ, ক্রোধ, বিরক্তি, রাগ ৩:১৬২

<سدد سَدًّا আড়াল, অন্তরাল, বাঁধ, পর্দা, প্রাচীর, সরলপ্রাচীর, পর্বত ১৮:৯৩

سَدِيدًا সঠিক, সরল, সোজা ৪:৯

<سدر سِدْرَةٌ مث سُدُوْرٌ جل سِدْرٌ বরই, কুল, বদরী ৩৪:১৬

سِدْرَةِ المنتهي সিদরাতুল মুনতাহা: শেষ প্রান্তের বদরীবৃক্ষ, সপ্তমাকাশের সর্বশেষ বরই বৃক্ষের সীমানা ৫৩:১৪

السُّدُسُ <سدس এক ষষ্ঠাংশ, ছয়ভাগের একভাগ, ছয়ের এক ৪:১১

سَادِسٌ ষষ্ঠ, ষষ্ঠজন, ষষ্টটি ১৮:১২

سُدًى <سدو বাধ্যবাধকতাহীন, স্বাধীন, কর্মহীন, অকেজো, অনর্থক, লাগাম বিহীন, শর্তহীন, নিঃশর্ত ৭৫:৩৬

سَرَبٌ جل أَسْرَابٌ <سرب সুড়ঙ্গ, সুরঙ্গ, মরীচিকার মত, দৃষ্টিবিভ্রাট ১৮:৬১

سَرَابٌ মরীচিকা, দৃষ্টিবিভ্রম, মৃগতৃষ্ণা, মৃগতৃষ্ণিকা, অপেরণ ২৪:৩৯

سَارِبٌ বিচরণশীল, চলমান, চলন্ত ১৩:১০

سَرَابِيلُ و سِرْبَالٌ <سربل পোশাক-পরিচ্ছদ, জামা-কাপড়, পরিধেয় বস্ত্র ১৬:৮১

سِرَاجٌ جل سُرُجٌ <سرج বাতি, প্রদীপ, দীপ, পিদিপ, চেরাগ, আলোকবর্তিকা, জ্যোতিষ্ক, সূর্য ২৫:৬১

سَرَحَ [ف] <سرح সকালে চরাতে যাওয়া ১৬:৬

سَرَّحَ، تَسْرِيحٌ، سَرَاحًا বিচ্ছেদ করা, বন্ধনমুক্ত করা, বিদায় করা ৩৩:২৮

السَّرْدُ اج <سرد লোহার পোশাক বানানো, লৌহবর্ম ৩৪:১১

سُرَادِقُ جل سُرَادِقَاتٌ <سردق চাঁদোয়া, তাবু, শামিয়ানা, পর্দা, দেয়াল, প্রাচীর, আবরণ ১৮:২৯

سَرَّ [ن]، سُرُورًا >سرر মনোরঞ্জন করা, আনন্দ দেওয়া, আনন্দিত করা, খুশী করা ২:৬৯

أَسَرّ، إِسْرَارًا গোপন করা, রহস্যাবৃত করা, লুকোচুরি করা, ছাপানো, চেপে যাওয়া ৭১:৯

سِرٌّ جل أَسْرَارٌ রহস্য, ভেদ, গোপন বিষয়, গোপনে, নির্জনে, একান্তে, নিভৃতে, বিজনে, নিরিবিলিতে, নিরালায়, চুপিসারে ২:২৩৫

مَسْرُورٌ সহাস্য, সানন্দে, হাস্যবদনে, আনন্দের সঙ্গে ৮৪:৯

سَرَائِرُ و سَرِيْرَةٌ রহস্য, গূঢ়তথ্য, গোপন, গুপ্ত ৮৬:৯

السَّرَّاءُ সচ্ছলতা, আর্থিক স্বাচ্ছন্দ্য, ধনাঢ্যতা, প্রাচুর্য, সুখের সময় ৩:১৩৪

سُرُرٌ و سَرِيْرٌ সিংহাসন, রাজাসন, খাট, চৌকি ১৫:৪৭

سَارَعَ >سرع দৌড়নো, ছুটে যাওয়া, দ্রুতগতিতে চলা, তড়িঘড়ি করা, তাড়াতাড়ি করা, দ্রুত করা, ঝাঁপিয়ে পড়া, প্রতিযোগিতা করা, প্রতিদ্বন্দ্বিতা করা ২১:৯০

سَرِيعٌ ج سِرَاعٌ দ্রুতগতিসম্পন্ন, জলদি, তড়িঘড়ি, তাড়াতাড়ি, শীঘ্র-শীঘ্র, তরাকারী, দ্রুতকারী, দ্রুতগামী ৫:৪

أَسْرَعُ দ্রুততম, অধিক দ্রুত, শীঘ্রকারী ৬:৬২

أَسْرَفَ، إِسْرَافًا >سرف অপব্যয় করা, অমিতব্যয় করা, সীমালঙ্ঘন করা, বাড়াবাড়ি করা, অমিতাচার করা ৪:৬

مُسْرِفٌ অপব্যয়ী, অমিতব্যয়ী, সীমালঙ্ঘনকারী, বাড়াবাড়িকারী ৪০:৩৪

حسرق [ض] سَرَقَ চুরি করা ১২:৭৭

اسْتَرَقَ চুরি করা, আড়ি পেতে শোনা ১৫:১৮

السَّارِقُ مث السَّارِقَةُ চোর, চোরা, তস্কর ৫:৩৮

حسرمد سَرْمَدًا স্থায়ী, চিরস্থায়ী, চিরন্তন, আনন্তিক, দীর্ঘস্থায়ী ২৮:৭১

حسري [ض] سَرَى গত হওয়া, বিদায় নেওয়া, রাত পোহানো ৮৯:৪

أَسْرَى রাতে ভ্রমণ করা, নৈশভ্রমণ করা, নৈশবিহার করা, রাতে ভ্রমণ করানো ১৭:১

سَرِيٌّ جل أَسْرِيَةٌ সারি: নদীর নাম, বহমান, প্রবাহমাণ, নহর, ঝরণা, নির্ঝরিণী, খাল ১৯:২৪

حسطح [ف] سَطَحَ বিস্তৃত করা, বিছানো, বিছিয়ে দেওয়া, সমতল করা ৮৮:২০

حسطر [ن] سَطَرَ লেখা, লিপিবদ্ধ করা ৬৮:১

مَسْطُورٌ، مُسْتَطَرٌ লিপিবদ্ধ, লিখিত ৫২:২

أَسَاطِيرُ و أُسْطُوْرَةٌ কল্পকাহিনী, উপলেখ্য, কল্পনায় লেখা, উপকথা ৬:২৫

حسطو [ن] سَطَا আক্রমণ করা, হামলা করা, হানা দেওয়া, ঝাপিয়ে পড়া, অভিযান চালানো, পাকড়াও করা, কঠোর হস্তে দমন করা, শক্তি খাটানো ২২:৭২

سعد> [س] سَعِدَ ভাগ্যবান করা, সৌভাগ্যশীল হওয়া, খোশনসীব বানানো **১১:১০৫**

سَعِيدٌ جل سُعَدَاءُ ভাগ্যবান, খোশনসীব, সৌভাগ্যশালী **১১:১০৮**

سعر>سَعَّرَ প্রজ্বলিত করা, আগুনে জ্বালানো, দগ্ধ করা, অগ্নিপূর্ণ করা ৮১:১২

سَعِيرٌ সাঈর: জাহান্নামের নাম, জ্বলন্ত অগ্নিকুণ্ড, অগ্নিময়স্থান, প্রজ্বলিত আগুন, অগ্নিগর্ভ ৪:১০

سُعُرٌ মাথার গরমি, পাগলামি, উন্মত্ততা, বাতুলতা ৫৪:২৪

سعي> سَعْيًا، [ف] سَعَى চেষ্টা করা, সচেষ্ট হওয়া, প্রয়াস চালানো, অপচেষ্টা করা, দৌড়নো, ছুটে আসা, ছুটাছুটি করা, দ্রুত চলা ২:১১৪

سغب> مَسْغَبَةٍ ক্ষুধা, দুর্ভিক্ষ, ক্ষুধার্ত হওয়া

ذِيْ مَسْغَبَةٍ ক্ষুধার্ত, ক্ষুধাতুর, বুভুক্ষু, ক্ষুধিত ৯০:১৪

سفح> مَسْفُوحٌ প্রবাহিত, বহমান, নিঃসৃত ৬:১৪৫

مُسَافِحٌ مث مُسَافِحَةٌ অসৎ, ব্যভিচারী, জেনাকারী, অসতী, ব্যভিচারিণী, বেশ্যা, গণিকা, বারাঙ্গনা ৪:২৪

سفر> أَسْفَرَ আলোকময় হওয়া, উদ্ভাসিত হওয়া, আঁধার ঘোচানো ৭৪:৩৪

مُسْفِرَةٌ আলোকোজ্জ্বল, নির্মল, সহাস্যবদন ৮০:৩৮

سَفَرَة و سَافِرٌ লেখক, লিপিকার ৮০:১৫

سَفَرٌ ج أَسْفَارٌ সফর, ভ্রমণ, পর্যটন, বিহার, প্রবাস ৫:৬

أَسْفَارٌ و سِفْرٌ লেখ্য, লিখিত ইলম, লিপিবদ্ধজ্ঞান, জ্ঞানভাণ্ডার, গ্রন্থ, কিতাবাদি ৬২:৫

سَفَعَ [ف] <سفع হেঁছড়ে নেওয়া, টেনে হেঁছড়ে নিক্ষেপ করা, টানাটানি করে নেওয়া ৯৬:১৫

سَفَكَ [ض] <سفك রক্তপাত করা, রক্ত ঝরানো, হত্যা করা ২:৩০

سَافِلٌ جل سَوَافِلُ <سفل নিম্নমুখী, অধমুখী, তলদেশ, নিকৃষ্ট, অধম ১১:৮২

أَسْفَلُ ج الأَسْفَلِينَ مث السُّفْلَى নিম্নতম, হীনতম, অতিহীন, সর্বাধিক নীচ, অধঃতম, অধম ৯৫:৫

سَفِينَةٌ جل سُفُنٌ <سفن নৌকা, খেয়া নৌকা, জাহাজ, নৌযান, কিশতি, তরণী ১৮:৭৯

سَفِهَ [س]، سَفَهًا، سَفَاهَة <سفه বোকামি করা, নির্বুদ্ধিতা প্রদর্শন করা, নির্বোধ হওয়া, মূর্খ বানানো ২:১৩০

سَفِيهٌ ج سُفَهَاءُ বোকা, নির্বোধ, মূর্খ, আহাম্মক, নিরেট, গবেট ২:১৩

سَقَرٌ <سقر সাকার: জাহান্নামের নাম, অগ্নিময় জাহান্নাম, অগ্নিগর্ভ ৭৪:২৭

سَقَطَ [ن] <سقط পতিত হওয়া, পড়া, পতন হওয়া, অনুশোচনা করা, পরিতাপ করা, আফসোস করা, পস্তানো ৭:১৪৯

أَسْقَطَ، سَاقَطَ পতন ঘটানো, নামিয়ে আনা, পাড়া, ফেলা ১৯:২৫

سَاقِطٌ ভূপাতিত, পতনোন্মুখ, পতনশীল, পড়ন্ত, পাত্যমান ৫২:৪৪

سَقْفٌ ج سُقُفٌ >سقف ছাদ, ছাউনি, চালা ১৬:২৬

سَقِيمٌ جل سُقَمَاءُ >سقم অসুস্থ, পীড়িত, বিমার, রুগণ, রোগা ৩৭:৮৯

سَقَى [ض]، أَسْقَي >سقي পান করানো, তৃষ্ণা নিবারণ করা, জমিনে সেচ দেওয়া ২:৭১

اسْتَسْقَى পানি চাওয়া, বৃষ্টি প্রার্থনা করা, পান করতে চাওয়া ২:৬০

سِقَايَة، سُقْيَا পান করানো, পানীয় দেওয়া, পানপাত্র, পানির পাত্র ৯:১৯

مَسْكُوبٌ >سكب প্রবাহিত, বহমান, প্রবাহমাণ ৫৬:৩১

سَكَتَ [ن] >سكت নিশ্চুপ হওয়া, নীরব হওয়া, চুপ করা, থামা, স্তিমিত হওয়া, চুপ থাকা ৭:১৫৪

سَكَّرَ>سكر নেশাগ্রস্ত করা, মাতাল বানানো, চোখে ধাঁধা লাগানো, নজরবন্দি করা ১৫:১৫

سَكَرًا মাদকদ্রব্য, নেশাদ্রব্য, নবিজ, মদ, মদিরা ১৬:৬৭

سَكْرَة جل سَكَرَاتٌ নেশাঘোর, মত্ততা, মদিরতা, নেশায়, মাতলামি ৫০:১৯

سُكَارَى و سُكْرَانٌ নেশাগ্রস্ত, মত্ত, উন্মত্ত, মাতাল, নেশায় বুঁদ ৪:৪৩

سَكَنَ [ن] >سكن বাস করা, বসবাস করা, বিশ্রাম করা, অবস্থান করা, থাকা, প্রশান্ত হওয়া, শান্তি পাওয়া, সুখ লাভ করা ৬:১২

أَسْكَنَ বসবাস করানো, অধ্যুষিত করা, বসতিপূর্ণ করা, অবস্থান করানো, থাকতে দেওয়া, রেখে দেওয়া, পুনর্বাসন দেওয়া, বাসস্থান দেওয়া ১৪:৩৭

سَكَنٌ، سَكِينَةٌ শান্তি, প্রশান্তি, বিশ্রাম, আরাম, সুখ, শান্তনা, শান্তিনীড়, শান্তনালয় ৯:২৬

مَسْكَنٌ ج مَسَاكِنُ বাসস্থান, বাসগৃহ, আবাসগৃহ, বিশ্রামাগার, শান্তনালয় ৩৪:১৫

مَسْكُونَة বসতিপূর্ণ, অধ্যুষিত, বাসযোগ্য ২৪:২৯

غَير مَسْكُونَةٍ বসতহীন, অনধ্যুষিত, বাসের অযোগ্য, বিরাণগৃহ ২৪:২৯

الْمَسْكَنَةُ নিঃস্বতা, দৈন্য, দিনতা, হীনতা, আশ্রয়হীনতা ২:৬১

مِسْكِينٌ ج مَسَاكِينُ মিসকিন, দরিদ্র, নিঃস্ব, নিঃসম্বল, নিরবলম্বন, নিরাশ্রয় ২:৮৩

سِكِّينٌ جل سَكَاكِيْنُ ছুরি, চাকু, ছুরিকা ১২:৩১

>سلب [ن] سَلَبَ ছিনিয়ে নেওয়া, কেড়ে নেওয়া, অপহরণ করা, ছিনতাই করা ২২:৭৩

>سلح أَسْلِحَةٌ و سِلَاحٌ অস্ত্রশস্ত্র, হাতিয়ার, সাঁজোয়া ৪:১০২

>سلخ [ف] سَلَخَ টেনে বের করা, চামড়া ছিলে আনা ৩৬:৩৭

انسَلَخَ বের হয়ে যাওয়া, অতিবাহিত হওয়া, অতীত হওয়া ৯:৫

>سلسبل سَلْسَبِيلٌ সালসাবিল: জান্নাতের প্রবাহমাণ ঝরনা, স্বর্গপ্রপাত, স্বর্গচ্যানেল, বহমান প্রস্রবণ ৭৬:১৮

سلسل> سِلْسِلَةٌ ج سَلاَسِلُ শিকল, শৃঙ্খল, লৌহশৃঙ্খল, জিঞ্জির ৪০:৭১

سلط> سَلَّطَ চাপিয়ে দেওয়া, প্রভুত্বদান করা, আধিপত্যদান করা, পরাক্রম করা, প্রভাবশালী বানানো, প্রতাপান্বিত করা, ক্ষমতায়ন করা, ক্ষমতাবান করা, বীর্যশালী বানানো ৪:৯০

سُلْطَانٌ جل سَلَاطِيْنُ প্রতাপ, প্রতিপত্তি, ক্ষমতা, মহাশক্তি, আধিপত্য, দলীল, প্রমাণ, মোজেযা, সনদ ৭:৭১

سُلْطَانِيَهْ আমার সেই প্রতাপ, আমার সেই আধিপত্য ৬৯:২৯

سلف> سَلَفًا، [ن] سَلَفَ অতীত হওয়া, গত হওয়া, পূর্ববর্তী হওয়া, বিগত হওয়া ২:২৭৫

أَسْلَفَ অতীতে করা, পূর্বে করা, আগে পাঠানো ১০:৩০

سلق> [ن] سَلَقَ কটুক্তি করা, কটাক্ষ করা, কড়া কথা বলা, তিক্ত কথা বলা ৩৩:১৯

سلك> [ن] سَلَكَ চলা, চালানো, চালু করা, চালিত করা, চালান করা, প্রবেশ করানো, ঢুকানো, অনুপ্রবেশ করা, সৃষ্টি করা, বানানো ২০:৫৩

سلل> تَسَلَّلَ সরে পড়া, সটকে পড়া, বের হয়ে যাওয়া ২৪:৬৩

سُلاَلَةٍ নির্যাস, মূলপ্রদার্থ, মূলধাতু, উপাদান ২৩:১২

سلم> سَلَّمَ، سَلاَمًا، تَسْلِيمًا 'আস-সালামু আলাইকুম' বলা, সালাম বলা, সালাম করা, আশীর্বাদ করা, অভিনন্দন জানানো, প্রণাম করা, অভিবাদন করা ৪:৬৫

أَسْلَمَ، الإِسْلاَمُ ইসলাম গ্রহণ করা, মুসলমান হওয়া, আনুগত্য করা, আত্মসমর্পণ করা ৩:১৯

السِّلْمُ শান্তি, ইসলাম ধর্ম, নিরাপত্তা ২:২০৮

الإِسْلاَمُ ইসলাম ধর্ম ৩:১৯

السَّلَمُ مص শান্তিচুক্তি, সন্ধিচুক্তি, পূর্ণাংশ, অখণ্ড, অংশমুক্ত, পুরো ৩৯:২৯

سَالِمٌ নিরাপদ, সুস্থ, সবল, সক্ষম, সুস্থির ৬৮:৪৩

سَلاَمٌ সালাম, অভিবাদন, সংবর্ধনা, শান্তি, নিরাপত্তা ৫০:৩৪

سَلِيمٌ جل سُلَمَاءُ সুস্থ, নিষ্কলুষ, নির্মল, নিষ্পাপ ২৬:৮৯

مُسْلِمٌ مث مُسْلِمَةٌ মুসলিম, মুসলমান, অনুগত, আত্মসমর্পণকারী, আজ্ঞাবহ ৩৭:২৬

مُسَلَّمَةٌ ত্রুটিমুক্ত, ত্রুটিহীন, নিখুঁত, নিরাপদ, স্বীকৃত, অর্পণীয় ২:৭১

مُسْتَسْلِمٌ নিরাপত্তাকামী, শান্তিকামী, আত্মসমর্পণকারী, অনুগত ৩৭:২৬

سُلَّمٌ جل سَلَالِمُ সিঁড়ি, সোপান, আরোহণী ৫২:৩৮

سُلَيْمان সুলাইমান ইবন দাউদ আলাইহিস সালাম ২৭:২৬

السَّلْوَى <سلو স্বর্গীয় পাখির ভুনা, জান্নাতি পাখির গোশত ২:৫৭

سَامِدٌ <سمد উদাসীন, অন্যমনস্ক, ক্রিড়ারত, বিমুখ, অবিবেচক ৫৩:৬১

سَامِرٌ <سمر চাঁদনী রাতের গল্পকার, নৈশগাল্পিক ২৩:৬৭

السَّامِرِيُّ সামিরী: ইহুদী এক স্বর্ণকারের নাম, সামিরি বংশীয় ২০:৮৭

سَمِعَ [س]، سَمْعًا <سمع শোনা, শ্রবণ করা, কর্ণগোচর করা, কর্ণপাত করা, কানে নেওয়া ১৮:১০১

أَسْمَعَ শোনানো, কানে দেওয়া, কর্ণগত করা ৮:২৩

اسْتَمَعَ، اسَّمَّعَ কানপেতে শোনা, কানখাড়া করা, উৎকর্ণ করা, শ্রুতিমুগ্ধ হওয়া, মনোনিবেশ করা ৩৭:৮

سَمْعٌ جل أَسْمَاعٌ শোনা, কান, কর্ণ, শ্রবণশক্তি, শ্রবণেন্দ্রিয় ১০:৩১

سَمِيعٌ ص সর্বশ্রোতা, অধিক শ্রবণকারী ২:১২৭

سَمَّاعٌ، مُسْتَمِعٌ শ্রোতা, শ্রবণকারী, উৎকর্ণ, মনোনিবেশকারী, গুপ্তচর ৫:৪১

مُسْمَعٌ শ্রবণযোগ্য, শ্রবণীয়, কর্ণগোচরিত, শ্রবণমগ্ন, শ্রোতা, শোনার মতো ৪:৪৬

مُسْمِعٌ উৎকর্ণকারী, কর্ণগতকারী ৩৫:২২

أَسْمِعْ بِـ কতইনা উত্তম শ্রোতা, কতইনা যোগ্যশ্রোতা, কত উত্তম শ্রবণকারী ১৮:২৬

سَمْكٌ <سمك উচ্চতা, ছাদ, আকাশতল, গগনপট, গগনাঙ্গন ৭৯:২৮

سَمٌّ جل سِمَامٌ <سمم ছিদ্র, সুঁচের ছিদ্র ৭:৪০

سَمُومٌ جل سَمَائِمُ উত্তপ্ত, অগ্নিস্ফুলিঙ্গ, লুহাওয়া, গরম বাতাস, উত্তপ্তবায়ু ১৫:২৭

أَسْمَنَ <سمن মোটা করা, পরিপুষ্ট করা ৮৮:৭

سَمِينٌ ج سِمَانٍ মোটা, স্থূলকায়, পরিপুষ্ট, হৃষ্টপুষ্ট, মোটাতাজা, মোটাসোটা ৫১:২৬

سَمَّي، تَسْمِيَةٌ <سمو নাম রাখা, নামকরণ করা, অভিধা দেওয়া ৫৩:২৭

مُسَمًّى নামধারী, নামাঙ্কিত, নাম্নী, অভিহিত, অভিধেয়, আখ্যাত, উক্ত, নির্ধারিত ৬:২

سَمِيًّا সমনামক, সমনাম্নী, সমকক্ষ, সমতুল্য, নামধারী, নামক, নামবিশিষ্ট ১৯:৭

اسْمٌ ج أَسْمَاءٌ নাম, আখ্যা, অভিধা, নামধাম ৫:৪

سَمَاءٌ ج السَّمَاوَاتِ আকাশ, আসমান, গগন, অম্বর, নীলিমা, নভঃ, রোদসী, নভোমণ্ডল, আকাশমণ্ডল ২:২৯

سُنبُلٌ ج سَنَابِلُ مث سُنبُلَة ج سُنبُلاَتٍ <سنبل শস্যের শীষ, মুকুল, ছড়া, মঞ্জরি ২:২৬১

مُسَنَّدَةٌ <سند ঠেকযুক্ত, দেয়ালে ঠেস লাগানো, ঠেকনা দেওয়া, পেলা দেওয়া ৬৩:৪

سُندُسٌ اج <سندس মিহি রেশমী বস্ত্র, রেশমী কাপড় ১৮:৩১

تَسْنِيمٌ <سنم তাসনীম: স্বর্গীয় জলপ্রপাত, জান্নাতি ফোয়ারা, অমৃতসুধা ৮৩:২৭

سِنٌّ جل أَسْنَانٌ <سنن দাঁত, দন্ত ৫:৪৫

سُنَّةٌ ج سُنَنٌ সুন্নাত, তরীকা, পন্থা, প্রথা, রীতিনীতি ১৫:১৩

مَسْنُونٌ পঁচা কাদামাটি ১৫:২৮

سنه< تَسَنَّهَ পঁচে যাওয়া, ঝুরঝুরে হওয়া ২:২৫৯

سني /سنو< سَنَا চমক, ঝলকানি, ঝলক, দ্যুতি, আলোকচ্ছটা ২৪:৪৩

سَنَة ج سِنِينَ বছর, বর্ষ, বৎসর, সাল, অব্দ ২:৯৬

سوأ< السَوْءُ ،[ن] سَاءَ মন্দ হওয়া, নিকৃষ্ট হওয়া, জঘন্য হওয়া, অপমানকর হওয়া, দুঃখিত হওয়া, বিষণ্ন হওয়া, বিরক্ত হওয়া, মন্দ লাগা ৯:৯

أَسَاءَ মন্দ করা, অন্যায় করা ৪১:৪৬

سُوءُ جل أَسْوَاءُ মন্দ, অপ, কষ্ট, বিপদাপদ, শ্বেতকুষ্ঠ, স্বাদ, অন্যায়, অপমান, লাঞ্ছনা, পাপ, দোষ, হত্যা ২:৪৯

سُوأَى জঘন্য, মন্দ কাজ, কুকর্ম, জাহান্নাম ৩০:১০

السَّيِّئُ مث السَّيِّئَة ج سَيِّئَاتٌ মন্দ কাজ, অন্যায়, খারাপ, দুর্ভাগ্য, অমঙ্গল, গুনাহ, পাপ, পাপরাশি, অনিষ্ঠতা, মন্দ ৩৫:৪৩

سَوْءَةٌ ج سَوْءَاتُ আবরণীয়, গুপ্তব্য, লাশ, মৃতদেহ, গুপ্তাঙ্গ, যৌনাঙ্গ, লজ্জাস্থান ৭:২২

أَسْوَأُ مث سُوأَى মন্দতম, অতিমন্দ, জঘন্যতম, নিকৃষ্টতর ৩৯:৩৫

الْمُسِيْئُ অন্যায়কারী, দুষ্কৃতিকারী, পাপী, দোষী ৪০:৫৮

سوح< سَاحَةٌ جل سَاحَاتٌ আঙ্গিনা, প্রাঙ্গন ৩৭:১৭৭

سود< اسْوَدَّ মলিন হওয়া, কালো হওয়া ৩:১০৬

أَسْوَدُ ج سُودٌ কালো বর্ণ, কৃষ্ণ ২:১৮৭

مُسْوَدٌّ مث مُسْوَدَّةٌ কালো, মলিন, বিষণ্ন ১৬:৫৮

سَيِّدٌ ج سَادَةٌ সর্দার, নেতা, মালিক, স্বামী, পতি ৩:৩৯

تَسَوَّرَ <سور প্রাচীর ডিঙিয়ে ঢোকা, দেয়াল টপকিয়ে প্রবেশ করা ৩৮:২১

سُوْرٌ جل سِيْرَانٌ প্রাচীর, দেয়াল, নগরপ্রাচীর, সীমান্তপ্রাচীর ৫৭:১৩

أَسْوِرَةٌ ج أَسَاوِرُ বাহুভূষণ, বাজুবন্ধ, চুড়ি, কাঁকন, কঙ্কণ, বালা, শঙ্খবলয়, হাতের রাখি ১৮:৩১

سُوْرَةٌ ج سُوَرٌ সুরা: কুরআনের অধ্যায়, সুরা, অধ্যায়ের সীমানা ১১:১৩

سَوْطٌ جل أَسْوَاطٌ <سوط চাবুক, বেত, দোররা, কশা, কশাঘাত, বেত্রাঘাত ৮৯:১৩

سَاعَةٌ جل سَاعَاتٌ <سوع সময়, মুহূর্ত, ক্ষণকাল, ঘণ্টা, কিয়ামত ৬:৩১

سُوَاعًا দেবীর নাম ৭১:২৩

أَسَاغَ <سوغ গিলা, গিলে ফেলা, গলাধঃকরণ করা, ঢোক গিলা, পেটে ঢোকানো, গ্রাস করা ১৪:১৭

سَائِغٌ সুপেয়, তৃষ্ণানিবারক, তৃপ্তিকর ৩৫:১২

سَوْفَ <سوف অচিরেই, অতিসত্বর, শীঘ্রই, দ্রুত, জলদি, তাড়াতাড়ি, আশু, অনতিবিলম্বে ৪:৩০

سَاقَ [ن] <سوق হাঁকানো, চালানো, চালিত করা, তাড়িত করা, বিতাড়িত করা, তাড়িয়ে নেওয়া ৭:৫৭

سَائِقٌ চালক, তাড়নাকারী, বিতাড়ক ৫০:২১

الْمَسَاقُ চালনার গন্তব্য, তাড়িয়ে নেওয়ার স্থান, চালনা, গতি, তাড়না ৭৫:৩০

السَّاقُ ج السُّوقُ চলৎশক্তি, পায়ের নলা, নলকিনী, জঙ্ঘা, কাণ্ড ৭৫:২৯

أَسْوَاقٌ و سُوْقٌ বাজার, হাট, মার্কেট ২৫:৭

سَوَّلَ <سول অতিরঞ্জিত করা, চিত্তরঞ্জন করা, মনোরঞ্জিত করা, হৃদয়গ্রাহী বানানো, মনোপূত করা, রঙ চড়ানো, সাজিয়ে বলা, বানিয়ে বলা, শোভাময় করা, শোভিত করা, আশা জাগানো, ফুসলানো, প্রলুব্ধ করা ১২:১৮

سَامَ [ن] <سوم শাস্তি দেওয়া, কষ্টভোগ করানো, শাস্তির স্বাদ চাখানো, মজা দেখানো, আস্বাদন করা, নমুনাস্বরূপ দেওয়া ২:৪৯

أَسَامَ চরানো, চরতে দেওয়া, চারণভূমিতে ছেড়ে দেওয়া ১৬:১০

مُسَوِّمٌ নিশানাকারী, চিহ্নদাতা ৩:১২৫

مُسَوَّمَةً নিশানাযুক্ত, চিহ্নিত, নাম লিখা ৩:১৪

سِيْمَا নিশানা, নিদর্শন, চিহ্ন, নমুনা ২:২৭৩

سَوَّى، سَاوَى <سوي সমান করা, বরাবর করা, সমতা বজায় রাখা, সুঠাম বানানো, পূর্ণাঙ্গ করা, যথাযথ করা, ভরে ফেলা ১৮:৩৭

اسْتَوَى উপরে উঠা, বরাবর হওয়া, মনোনিবেশ করা, স্থির হওয়া, যথার্থ হওয়া, পূর্ণতা লাভ করা, সমকক্ষ হওয়া, আরোহণ করা ২:২৯

اسْتَوَى على العرش আরশের উপর উঠা ৭:৫৪

سُوَى সমতল, সমভূমি ২০:৫৮

سَوَاءٌ جل أَسْوَاءُ সমান, সমতুল্য, সমরূপ, এক রকম, একই রকম, বরাবর, যথাযথ, মধ্যভাগ, মধ্যস্থল, মাঝখান ২:৬

سَوِيٌّ ص সুঠামদেহী, সরলপথ, সমতল, সঠিক, যথার্থ, যথাযথ ২০:১২৫

السَّاهِرَة <سهر সমতল ময়দান, সরলপ্রান্তর ৭৯:১৪

سُهُولٌ و سَهْلٌ <سهل নরম সমভূমি ৭:৭৪

سَاهَمَ <سهم লটারি করা, ভাগ্যপরিক্ষা করা, কিছু নিক্ষেপ করে লটারি করা ৩৭:১৪১

سَاهٍ <سهو উদাসীন, অন্যমনস্ক, অমনোযোগী, আপনভোলা, আত্মভোলা, ভুলো, যে ভুলে থাকে ৫১:১১

سَائِبَةٌ <سيب ধারাবাহিক দশবার মাদী বাচ্চা প্রসবীনী কানকাটা বাঁধনমুক্ত মানতের উটনী, দেবীর নামে ছাড়া পশু ৫:১০৩

سَاحَ [ض] <سيح সফর করা, পরিভ্রমণ করা, ঘুরে বেড়ানো ৯:২

سَائِحٌ রোজাদার মুসাফির, অনাহারে ভ্রমণকারী ৯:১১২

سَارَ [ض]، سَيْرًا <سير সফর করা, ভ্রমণ করা, পর্যটন করা, চলা, চলমান হওয়া, বেড়ানো, বিহার করা ৫২:১০

سَيَّرَ গতিশীল করা, চালানো, চলমান করা **১৩:৩১**

سِيرَةٌ جل سِيَرٌ জীবনের গতি, জীবন চরিত, স্বভাব, চরিত্র, প্রকৃতি **২০:২১**

سَيَّارَةٌ جل سَيَّارَاتٌ কাফেলা, যাত্রীদল, ভ্রমণকারী, অভিযাত্রীদল **৫:৯৬**

<سيطر مُسَيْطِرٍ، مُصَيْطِرٍ প্রহরী, পাহারাদার, দারোগা, শাসক, নিয়ন্ত্রক, নিয়ন্তা, তত্ত্বাবধায়ক ৮৮:২২

<سيل [ض] سَالَ প্রবাহিত হওয়া, স্রোতোময় হওয়া, বয়ে চলা **১৩:১৭**

أَسَالَ প্রবাহিত করা, বহমান করা ৩৪:১২

سَيْلٌ جل سُيُوْلٌ প্রবাহ, স্রোত, বন্যা **১৩:১৭**

<سين سَيْنَاء، سِيْنِيْنَ সিরিয়ায় অবস্থিত তুর পর্বতের সিনাই উপত্যকা ২৩:২০

[৬২] شين

<شأم مَشْئَمَةٌ দুর্ভাগ্য, অশুভ, বাম দিক ৫৬:৯

أصحاب الْمَشْئَمَةِ দুর্ভাগা, বামপন্থী, অশুভপন্থী, অলক্ষী, দোজখি **৫৬:৯**

<شأن شَأْنٌ جل شُئُوْنٌ অবস্থা, দশা, ব্যাপার, কাজ **১০:৬১**

شَبَّهَ <شبه সমরূপ করা, অনুরূপ করা, সদৃশ করা, সন্দিহান করা, ধাঁধাগ্রস্ত করা ৪:১৫৭

تَشَابَهَ সাদৃশ্যপূর্ণ হওয়া, সমরূপী হওয়া, রূপকময় হওয়া ২:৭০

مُتَشَابِهَةٌ، مُتَشَابِهٌ، مُشْتَبِهًا সাদৃশ্যপূর্ণ, অনুরূপ, সরূপ, রূপকময়, দ্ব্যর্থক, একাধিক অর্থবিশিষ্ট ৬:৯৯

شَتٌّ و أَشْتَاتٌ <شتت বিচ্ছিন্নভাবে, পৃথক পৃথক, আলাদা ২৪:৬১

شَتِيْتٌ جل شَتَّى বিভিন্ন, রকমারি, নানারকম, বিক্ষিপ্ত, ছত্রভঙ্গ ২০:৫৩

أَشْتِيَاءُ جل شِتَاءٌ <شتو শীতকাল, শীতকালীন ১০৬:২

